# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪
# শিল্প ও সংস্কৃতি
# অষ্টম শ্রেণি

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

## বিষয় : শিল্প ও সংস্কৃতি

## অষ্টম শ্রেণি

### সাধারণ নির্দেশনা

- মাধ্যমিক স্তরের ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষা গ্রহণ সংক্রান্ত মূল্যায়ন নির্দেশনা:

২০২৪ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম, অষ্টম এবং নবম শ্রেণির সামষ্টিক মূল্যায়ন/পরীক্ষা জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর ভিত্তিতে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১. মূল্যায়ন কার্যক্রম শিখনকালীন মূল্যায়ন এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়ন এই দুটি ভাগে অনুষ্ঠিত হবে।

২. মোট ১০০ নম্বরের মধ্যে শিখনকালীন মূল্যায়নের গুরুত্ব হবে ৩০% এবং বার্ষিক সামষ্টিক মূল্যায়নের গুরত্ব হবে ৭০%।

৩. বার্ষিক সামষ্টিক মূল্যায়ন অনুষ্ঠিত হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ৭০ নম্বরে রুপান্তর করে এবং শিখনকালীন মূল্যায়নের বরাদ্দকৃত ৩০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বর একত্রিত করে মোট ১০০ নম্বরের ভিত্তিতে বিষয়ভিত্তিক ফলাফল নির্ধারণ করতে হবে। ।

৪. (ক) বিষয়ভিত্তিক নির্দেশনাবলীতে উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫. নৈর্ব্যক্তিকসহ সকল বিষয়ের লিখিত পরীক্ষা গ্রহণের মোট সময় হবে ৩ ঘন্টা।

৬. বিষয়শিক্ষকগণকে নিজ নিজ বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য যথাযথ গোপনীয়তা রক্ষা করে শিক্ষা মন্ত্রণালয় প্রদত্ত নমুনা প্রশ্নপত্রের মতো নিজেরাই প্রশ্নপত্র তৈরি করে বার্ষিক পরীক্ষা গ্রহণ করবেন।

৭. সংশ্লিস্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকগণকে শ্রেণি/বিষয় শিক্ষকের সাহায্যে যথাযথ গোপনীয়তা রক্ষা করে প্রশ্নপত্র প্রণয়ন এবং পরীক্ষা গ্রহণ সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করতে হবে।

৮. লিখিত পরীক্ষার উত্তর লেখার জন্য বিদ্যালয় কর্তৃক প্রয়োজনীয় খাতা সরবরাহ করতে হবে।

৯. মাদ্রাসা এবং কারিগরি শিক্ষার ধারার বিশেষায়িত বিষয়সমূহের বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

১০. সকল ধারার দশম শ্রেণির বার্ষিক পরীক্ষা পূর্বের ন্যায় অনুষ্ঠিত হবে।

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪
## বিষয় : শিল্প ও সংস্কৃতি
## অষ্টম শ্রেণি

**(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম**

| ক্রম | অভিজ্ঞতার নাম | তত্ত্বীয় | ব্যবহারিক |
|---|---|---|---|
| ১. | পদ্মার জলে ঢেউয়ের খেলা | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | নকশা অংকন (পুনরাবৃত্তিক- জ্যামিতিক / প্রাকৃতিক)<br>গম্ভীরা গান ও নাচ |
| ২. | রূপসা তীরের উজান সুরে | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | সুন্দরবনের দৃশ্য<br>লালনগীতি |
| ৩. | কীর্তনখোলার পাড়ে ধানশালিকের দেশে | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | শাপলা বিলের দৃশ্য |
| ৪. | বুড়িগঙ্গার স্রোতে ভাসাই ভেলা | সংশ্লিষ্ট অভিজ্ঞতার বিষয়বস্তু | বর্ণ দিয়ে নকশা (ক্যালিগ্রাফি)<br>রিকশা পেইন্টিং<br>জারি নাচ ও গান |

**(খ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

**(i) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম (Item name) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| শ্রেণির কাজ (একক, দলগত) | ১০ |
| বইয়ের কাজ( বইয়ের নির্ধারিত স্থানে লেখা/ছক/ছবি/) | ১০ |
| বাড়ির কাজ (শিক্ষক নির্দেশিকা অনুসারে) | ১০ |
| মোট | ৩০ |

**(ii) সামষ্টিক মূল্যায়ন** অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| **ব্যবহারিক অংশ** | | | ৩ ঘন্টা |
| চারুকলা/ সংগীত / নৃত্য / অভিনয় / যন্ত্র সংগীত যেকোন একটি বিভাগের ব্যবহারিক কাজ | ১ | ১×২০=২০ | |
| বন্ধুখাতা | ১ | ১×১৫=১৫ | |
| **তত্ত্বীয় অংশ** | | | |
| এক কথায় প্রকাশ | ১৫ | ১×১৫=১৫ | |
| সংক্ষিপ্ত উত্তরের প্রশ্ন | ৪ | ৫×৪=২০ | |
| ছবি দেখে লেখো | ১ | ১০×১=১০ | |
| রচনামূলক উত্তরের প্রশ্ন | ২ | ১০×২=২০ | |
| মোট | | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

# বার্ষিক পরীক্ষা ২০২৪-এর

## অষ্টম শ্রেণির নমুনা প্রশ্নপত্র

**সময়: ৩ ঘন্টা**

**পূর্ণমান : ১০০**

(ডান পাশে প্রশ্নের জন্য নির্ধারিত নম্বর উল্লেখ করা হয়েছে)

**তত্ত্বীয় অংশ (ক বিভাগ)** **মোটনম্বর ৬৫**

**১ এক কথায় উত্তর দাও/অতি সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে) ১৫X১= ১৫**

(ক) আধুনিক গম্ভীরা গানের প্রবর্তক কে?
(খ) ‘সাবাস বাংলাদেশ’ ভাস্কর্যটির নির্মাতা কে?
(গ) দেশীয় ফ্যাশনকে ব্র্যান্ডিং-এ রূপ দিয়েছেন কোন শিল্পী?
(ঘ) ছবি আঁকায় প্রধানত কয় ধরনের ছন্দ ব্যবহার করা যায়?
(ঙ) বিশ্বের সবচেয়ে বড় ম্যানগ্রভ বন কোনটি?
(চ) বাউলগানের মূলযন্ত্র একতারা কী দিয়ে তৈরি?
(ছ) পটচিত্র কী?
(জ) মসজিদের পাশে আমার কবর দিও ভাই... গানটি কার লেখা?
(ঝ) রিকশা পেইন্টিং-এ কোন রং ব্যবহার করা হয়?
(ঞ) পট কয় প্রকার ও কী কী?
(ট) যাত্রাদলে প্রমটার কী করেন ?
(ঠ) জল রঙের জন্য সাধারণত কোন কোন তুলি ব্যবহার করা হয়?
(ড) ‘অপরাজেয় বাংলা’ ভাস্কর্যের স্থপতির নাম কি?
(ঢ) ‘রাষ্ট্রভাষা আন্দোলন করিলিরে বাঙালি’ গানটির রচয়িতা কে?
(ণ) একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের স্বীকৃতি দেয় কোন আন্তর্জাতিক সংস্থা?

**অতি সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**
অতি সংক্ষিপ্ত প্রশ্ন মূল্যায়নের ক্ষেত্রে সঠিক শব্দ বা শব্দগুচ্ছ এসেছে কিনা লক্ষ রাখতে হবে।

**উত্তর মালা:** ক) শিল্পী ওস্তাদ শেখ সফিউর রহমান ওরফে সুফি মাস্টার খ) শিল্পী নিতুন কুন্ডু। গ) শিল্পী কাইয়ুম চৌধুরী। ঘ) তিন ধরনের ছন্দ। ঙ) সুন্দনবন। চ) লাউয়ের থোল, চামড়া, বাঁশ ও তার দিয়ে তৈরি। ছ) পটে আঁকা ছবিকে পটচিত্র বলে। জ) কবি কাজী নজরুল ইসলাম। ঝ) এনামেল রং। ঞ) পট প্রধানত দুই প্রকার। দীর্ঘ জড়ানো পট ও ক্ষুদ্রাকার চৌকা পট। ট) যিনি অভিনয় চলাকালীন যাত্রা অভিনেতাদের জন্য সংলাপ বলে সহায়তা দেন। ঠ) জল রঙের জন্য গোল ও চ্যাপ্টা তুলি ব্যবহার করা হয়। ড) সৈয়দ আব্দুল্লাহ খালিদ। ঢ) চারন কবি শামসুদ্দিন আহমেদ তেলি। ণ) ইউনেস্কো।

**২. সংক্ষিপ্ত প্রশ্ন** **৫X৪= ১৫**

(যে কোনো ৪ টি প্রশ্নের উত্তর দাও)
(ক) গম্ভীরা গানের চারটি বৈশিষ্ট্য লেখ।
(খ) বৃটিশ বিরোধী আন্দোলনে মুকুন্দ দাশের ভুমিকা আলোচনা কর।
(গ) জারি গানের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে লিখো।
(ঘ) আহসান মঞ্জিলের স্থাপত্য শৈলী বর্ণনা কর।
(ঙ)রিকশা পেইন্টিং আমাদের নিজস্ব শিল্প মাধ্যম- আলোচনা কর।

- **সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুবিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুবরিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুবরিক্স নিচে দেওয়া হলো।
**নমূনা প্রশ্ন:** জারি গানের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে লিখো।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| জারিগানের মূল ধারণা | ২ | |
| জারিগানের বিষয়বস্তু | ৩ | |

**৩. ছবি দেখে লেখো। (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) ১০X১=১০**



উপরের ছবি দেখে যা মনে হচ্ছে নিজের ভাষায় লেখো।

- **৫. ছবি দেখে লিখো (আর্ট এপ্রিসিয়েশন/ ক্রিয়েটিভ রাইটিং) এর জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| ছবির বিষয়বস্তু সঠিকভাবে পর্যবেক্ষণ করে লেখা | ২ | |
| বর্ণনায় নিজস্ব কল্পনার উপস্থিতি | ৩ | |
| উপস্থাপনার মধ্যে সৃজনশীলতা | ৩ | |
| ছবিটি সম্পর্কে নিজস্ব মতামত দিতে পারা | ২ | |

নোট:

- শিক্ষক প্রশ্নে এমন একটি ছবি তুলে দেবেন যাতে শিক্ষার্থীরা কল্পনা করে লেখার সুযোগ পায়।
- ছবিগুলোতে বিভিন্ন অবজেক্ট যথেষ্ট বড়ো থাকবে যাতে শিক্ষার্থীরা ভালো করে বুঝতে পারে।
- এমন ছবি নির্বাচন করবেন যা ফটোকপি করলেও স্পষ্ট বোঝা যায়।

## ৪. রচনামূলক প্রশ্ন ২X১০=২০

(যে কোনো ২ টি প্রশ্নের উত্তর দাও)

(ক) শিল্পী কাইয়ুম চৌধুরীর জীবন ও তার শিল্পকর্ম সম্পর্কে লিখো?
(খ) প্রাকৃতিক উপাদান দিয়ে রং তৈরির পদ্ধতিটি বর্ণনা করো?
(গ) ফকির লালন শাহ কীভাবে তাঁর নিজ দর্শন কে প্রকাশ করেছেন?
(ঘ) জলরং এ ছবি আঁকার করণকৌশল সম্পর্কে লিখ।

**রচনামূলক সংক্ষিপ্ত প্রশ্নের জন্য বিবেচ্য বিষয় বা রুব্রিক্স**

উত্তরপত্র মূল্যায়নের পূর্বে প্রতিটি প্রশ্নের জন্য সম্ভাব্য উত্তর স্থির করে রুবরিক্স বা নম্বর বিভাজন তৈরি করে নিতে হবে। উদাহরণস্বরূপ একটি রুবরিক্স নিচে দেওয়া হলো।

নমূনা প্রশ্ন: শিল্পী কাইয়ুম চৌধুরীর জীবন ও তার শিল্পকর্ম সম্পর্কে লিখো?

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| শিল্পী কাইয়ুম চৌধুরীর পরিচিতি | ২ | |
| তাঁর ব্যক্তিজীবন | ৩ | |
| তাঁর উল্লেখযোগ্য শিল্পকর্মের বর্ণনা | ৫ | |

## ব্যবহারিক অংশ (খ বিভাগ) মোট নম্বর - ৩৫

১. বন্ধুখাতা প্রদর্শন ১৫
২. যেকোনো একটি কাজ/ কার্যক্রম করে দেখাও- ২০

সুন্দরবনের দৃশ্য/শাপলা বিলের দৃশ্য/ প্রাকৃতিক আকৃতিতে পুনরাবৃত্তিক নকশা অংকন কর।

অথবা

গম্ভীরা গান ও নাচ/ জারিগান ও নাচ/ ফকির লালন শাহ এর গান

অথবা

দেশপ্রেমমূলক কাহিনির উপর লেখা যাত্রাপালায় অভিনয় কর।

## ২. ব্যবহারিক কাজ

**বন্ধুখাতা প্রদর্শন**

পরীক্ষার সময় শিক্ষার্থীদের বন্ধুখাতা নিয়ে আসতে বলতে হবে।

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| নিজের সৃজনশীলতা প্রয়োগ করে বন্ধুখাতা তৈরি | ৫ | |
| সিলেবাস অনুসারে পাঠ্যপুস্তকে নির্দেশিত সকল কাজ সম্পাদন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |
| অধিকতর অনুশীলন | ৫ | বন্ধুখাতাতে এসব কাজ থাকতে হবে |

- **ব্যবহারিক কাজ মূল্যায়নে করণীয় বা রুবিক্স**

ছবি আঁকার ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| বিষয়বস্তুগুলো সঠিক আকার ও আকৃতিতে আঁকা হয়েছে কিনা সেটি বিবেচনায় আনতে হবে | ৫ | পরিপ্রেক্ষিতের সঙ্গেও এটি সম্পৃক্ত |
| ছবির বিষয়বস্তুর সজ্জা বা কম্পোজিশন সঠিক হয়েছে কিনা; অর্থাৎ কাগজের অনুপাতে বিষয়বস্তুগুলো সঠিক আকারে এবং সঠিক স্থানে আছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | |
| পরিপ্রেক্ষিতের বা দূরত্ব ও অনুপাতের ব্যবহার করেছে কিনা; অর্থাৎ দূরের বস্তু ছোট এবং কাছের বস্তু বড়ো দেখানো হয়েছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | আকার ও আকৃতির সঙ্গেও এটি সম্পৃক্ত |
| রং/ আলোছায়ার সঠিক ব্যবহার হয়েছে কিনা বিবেচনায় আনতে হবে | ৫ | |

- সংগীত ও নৃত্যের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ/ নাচের মুদ্রা | ৫ | |
| তাল ও লয় | ১০ | |
| সুর/ ভাবরস (এক্সপ্রেশন) | ৫ | |

- অভিনয়ের ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| সঠিকভাবে চরিত্রের রূপায়ন | ১০ | |
| উচ্চারণ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ৫ | |

- আবৃত্তির ক্ষেত্রে বিবেচনায় রাখতে হবে:

| মূল্যায়নে বিবেচ্য | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|
| উচ্চারণ | ৫ | |
| লয়, ছন্দ | ৫ | |
| ভাবপ্রকাশ (এক্সপ্রেশন) | ১০ | |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশকা ২০২৪

বিষয়: বাংলা

শ্রেণি: অষ্টম

(ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম

| ক্রমিক নম্বর | অধ্যায় | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ১ | প্রথম | প্রয়োজন বুঝে যোগাযোগ করি | ১-১৬ |
| ২ | দ্বিতীয় | প্রমিত বলি প্রমিত লিখি | ১৭-৩৪ |
| ৩ | তৃতীয় | লেখা পড়ি লেখা বুঝি | ৪৭-৭৪ |
| ৪ | চতুর্থ | শব্দ বুঝি বাক্য লিখি | ৭৫-১০০ |
| ৫ | পঞ্চম | বিবরণ লিখি বিশ্লেষণ করি | ১০৩-১০৭ |
| ৬ | ষষ্ঠ | সাহিত্য পড়ি সাহিত্য লিখি | ১১০-১২০, ১২৫-১২৮, ১৩৯-১৫৭, ১৬৫-১৭৫ |

(খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

(গ) প্রশ্নের ধারা ও নম্বরবণ্টন

(i) সামষ্টিক মূল্যায়ন

অভীক্ষার ধরন: লিখিত; পূর্ণনম্বর: ১০০

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (১৫টি এমসিকিউ ও ১০টি এক কথায় উত্তর) | ২৫ | ১×২৫=২৫ | ৩ ঘন্টা |
| সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (১০টি থেকে ১০টির উত্তর দিতে হবে) | ১০ | ২×১০ =২০ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) Essay type question (Without situational) (৫টি থেকে ৩টির উত্তর দিতে হবে।) | ৩ | ৫×৩ =১৫ | |

| | | | |
|---|---|---|---|
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) (৭টি থেকে ৫টির উত্তর দিতে হবে।)<br><br>Essay type question (situational)<br><br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | ৫ | ৮×৫ =৪০ | |
| মোট | | ১০০ | ৩ ঘন্টা |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

### (ii) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical work)-একটি করে নমুনা সহ | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (inventory work, project proposal, report presentation) - একটি করে নমুনা সহ | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - একটি করে নমুনা সহ | ১০ |
| মোট | ৩০ |

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন।কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক পরীক্ষার নমুনা প্রশ্ন

অষ্টম শ্রেণি

বিষয়: বাংলা

নৈর্ব্যক্তিক অভীক্ষা + রচনামূলক

সময়- ৩ ঘণ্টা; পূর্ণমান- ১০০

---

## নৈর্ব্যক্তিক অংশ

মান ২৫

[বিশেষ দ্রষ্টব্য: বহুনির্বাচনি অভীক্ষার সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লেখো (১-১৫) এবং এক শব্দে/এক বাক্যে উত্তর লেখো (১৬-২৫)। প্রতিটি প্রশ্নের মান ১ ।]

১। ফুসফুস থেকে নির্গত বায়ুপ্রবাহের মাত্রা অপেক্ষাকৃত কম হলে তাকে কী বলে?

ক. অঘোষ ধ্বনি　　খ. অল্পপ্রাণ ধ্বনি

গ. ঘোষ ধ্বনি　　ঘ. মহাপ্রাণ ধ্বনি

২। 'অসংখ্য' শব্দের প্রমিত উচ্চারণ কোনটি?

ক. অসংখো　　খ. অশোংখো

গ. অশঙখো　　ঘ. অশোঙ্‌খো

৩। 'রোজ সকালে রনির ছোটো ভাই জনি টেবিলে বসে বই পড়ে'- বাক্যে বিধেয়ের সম্প্রসারণ কোনটি?

ক. রোজ সকালে　　খ. রনির ছোটো ভাই

গ. টেবিলে বসে　　ঘ. রোজ সকালে, টেবিলে বসে

৪। '<u>সাধ</u> হলো তরকারির <u>স্বাদ</u> চেখে দেখি'- বাক্যের দাগাঙ্কিত শব্দগুলোকে কী বলে?

ক. সমোচ্চারিত শব্দ　　খ. ভিন্নার্থক শব্দ

গ. শব্দদ্বিত্ব　　ঘ. সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ

৫। কৃৎ প্রত্যয়ের উদাহরণ আছে নিচের কোন শব্দে?

ক. শত্রুতা　　খ. মিশুক

গ. কবিত্ব　　ঘ. মেঘলা

৬। 'অধি+বাসী=অধিবাসী' শব্দে 'অধি' উপসর্গটি কোন অর্থ-দ্যোতনা প্রকাশ করে?

ক. মধ্যে　　খ. বিশেষ

গ. বৃহৎ　　ঘ. উর্ধ্বে

৭। অঘোষ অল্পপ্রাণ ধ্বনি কোনটি?

ক. প		খ. খ

গ. গ		ঘ. জ

৮। 'মানী সর্বনাম' ব্যবহৃত হয়েছে নিচের কোন বাক্যে?

ক. ও দাদি তোমার হলো কী?		খ. মান্না সঙ্গে সঙ্গে চেঁচান।

গ. তোকে কী করতে হবে, মনে আছে তো? ঘ. আপনি অপারেশনে অংশ নিয়েছেন।

৯। শহর, গ্রাম, রাজনীতি, অর্থনীতি, সমাজ, সংস্কৃতি -এ শব্দগুলোকে অভিধানের বর্ণক্রম অনুযায়ী সাজালে হবে-

ক. অর্থনীতি, গ্রাম, শহর, রাজনীতি, সমাজ, সংস্কৃতি খ. অর্থনীতি, গ্রাম, রাজনীতি, শহর, সমাজ, সংস্কৃতি

গ. অর্থনীতি, গ্রাম, রাজনীতি, শহর, সংস্কৃতি, সমাজ ঘ. অর্থনীতি, গ্রাম, রাজনীতি, শহর, সমাজ, সংস্কৃতি

১০। জিভের ডগা খানিকটা প্রসারিত হয়ে শক্ততালুর কাছে বায়ুপথে বাধা সৃষ্টি করে যে ধ্বনি উৎপন্ন করে তাকে কী বলে?

ক. কণ্ঠ্য ধ্বনি		খ. তালব্য ধ্বনি

গ. মূর্ধন্য ধ্বনি		ঘ. দন্ত্য ধ্বনি

"এ জগতে, হায়, সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি-
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।"

১১। চরণদ্বয়ে 'জোঁক' গল্পের যে ভাবের প্রতিফলন ঘটেছে তা হলো-

i. প্রভাবশালীদের শোষণ		ii. শোষিতের সকরুণ অবস্থা		iii. দরিদ্রের অধিকার হরণ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii		খ. i ও iii

গ. ii ও iii		ঘ. i, ii ও iii

১২। 'ঘোড়ার দেখাশোনা করে যে' এককথায় তাকে বলে-

ক. ফিরিঙ্গি		খ. ধুনুরি

গ. সহিস		ঘ. ফরাস

"সেদিন ছায়ায় এসো; হানো যদি কঠিন কুঠারে,
তবুও তোমায় আমি হাতছানি দেব বারে বারে;
ফল দেব, ফুল দেব, দেব আমি পাখিরও কূজন!
একই মাটিতে পুষ্ট তোমাদের আপনার জন।

১৩। কবিতাংশে 'একদিন ভোরবেলা' গল্পের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা হলো-

i. বৃক্ষের অবদান		ii. বৃক্ষ নিধনের কুফল		iii. বৃক্ষ রোপণের আহ্বান

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii		খ. i ও iii

গ. ii ও iii		ঘ. i, ii ও iii

১৪। 'তোমরা যেখানে সাধ চলে যাও– আমি এই বাংলার পারে রয়ে যাব;'– কবি জীবনানন্দ দাশের এ ইচ্ছার কারণ কী?

ক. মর্ত্যপ্রীতি　　　　খ. স্বাজাত্যপ্রীতি

গ. প্রকৃতিপ্রীতি　　　　ঘ. স্বদেশপ্রীতি

"ভজলে মানুষ পাবি রে তুই অমূল্য সে ধন

মানুষ ধর, মানুষ ভজ, ও রে পাগল মন।"

১৫। চরণদ্বয়ে 'সাম্যবাদী' কবিতার যে ভাবের প্রতিফলন ঘটেছে তা হলো-

i. সাম্যবাদ　　ii. মানবতাবাদ　　iii. মানবপ্রেম

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii　　　　খ. i ও iii

গ. ii ও iii　　　　ঘ. i, ii ও iii

১৬। 'রাখাইল্যা রইয়া গেলো, নাও ঘুরাও...'- উক্তিটিতে ভাষার কোন রীতি ব্যবহৃত হয়েছে?

১৭। ধ্বনি-বৈশিষ্ট্য অনুযায়ী 'ফ' ধ্বনিটির নাম কী?

১৮। 'সৌন্দর্য' শব্দের প্রকৃতি-প্রত্যয় লেখ।

১৯। 'মনস্থির' শব্দের প্রমিত উচ্চারণ লেখ।

২০। 'চতুর্ভুজ' শব্দের সঠিক ব্যাসবাক্য কী?

২১। 'সাম্যবাদী' কবিতার শেষ চরণটি লেখ।

২২। 'পঞ্জশ্রম' কবিতায় প্রতি স্তবকের কোন চরণ শেষে মিল রয়েছে?

২৩। 'কে কোথায় আছেন, মুক্তিরা ফাঁড়ি আক্রমণ করেছে...'- 'অপারেশন কদমতলী' গল্পে কথাটি কে বলেছিল?

২৪। জহির রায়হানের বিখ্যাত চলচ্চিত্রটির নাম কী?

২৫। হুমায়ুন আজাদের লেখা বাংলা সাহিত্যের পরিচিতিমূলক বইটির নাম কী?

## রচনামূলক অংশ

### মান ৭৫

[ ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

### সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

১. 'মোরা একটি ফুলকে বাঁচাব বলে যুদ্ধ করি...' কথাটি বুঝিয়ে লেখ।　২

২. 'যাত্রা' গল্পে 'ফেরার কোনো পথ নেই' বলা হয়েছে কেন?　২

৩. 'আমি ছিলুম সংসার-পদ্মার বালুচরের দিকে, অনাদরের কূলে'- রবীন্দ্রনাথ ঠাকুরের একথা বলার কারণ কী?　২

৪. 'দেয়ালের রেখাগুলো বাড়ছে। মনের দাগও বাড়ছে প্রতিদিন।'- উক্তিটিতে কী প্রকাশ পেয়েছে?　২

৫. 'দুও বোকা! এইডা আর এমুন কী জোঁক। এরচে বড় জোঁকও আছে'- কথাটির তাৎপর্য ব্যাখ্যা কর।　২

৬. '–তবু জানি কোনোদিন পৃথিবীর ভিড়ে হারাব না তারে আমি'– কথাটির দ্বারা কী বোঝানো হয়েছে?　২

৭. গেরিলা যুদ্ধ কাকে বলে? ব্যাখ্যা কর।　২

৮. ‘ইবনে বতুতার ভ্রমণ’ রচনাটিকে তথ্যমূলক লেখা বলা যায় কেন? ২

৯. ‘যে শব্দকে ভালোবাসে খুব, শব্দকে আদর করে যে সুখ পায়, সে-ই হতে পারে কবি।’-কথাটি বুঝিয়ে লেখ।

১০. ‘এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির-কাবা নাই’- বলতে কবি কী বুঝিয়েছেন?

## রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

### যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও।

১১. নিচের শব্দগুচ্ছ থেকে সমাস-সাধিত ৫টি শব্দ খুঁজে বের করো এবং ব্যাসবাক্য লেখো। ৫

নির্গমন, বিজয়-পতাকা, মুখচন্দ্র, বিজ্ঞান, কানাকানি, সৌন্দর্য, চিরসুখী, ছাত্রাবাস

১২. নিচের বাক্যগুলোতে কোন ধরনের শব্দদ্বিত্ব ব্যবহৃত হয়েছে তা কারণসহ লেখো। ৫

i. চিকচিক করে বালি কোথা নেই কাদা।

ii. ভয়ে গা ছম ছম করছে।

iii. ছেলেটিকে চোখে চোখে রেখো।

iv. লোকটি হনহন করে হেঁটে গেল।

v. তাকে দেখতে নরম-সরম মনে হলেও সে মানসিকভাবে ভুবই শক্ত।

১৩. নিচের শব্দগুলোর বানান শুদ্ধ করে লেখো। ৫

আকাঙ্খা, প্রতিযোগীতা, অস্তিত্ত, শিক্ষাব্যাবস্থা, সমিচিন, পিপিলিকা, শান্তনা, শ্রদ্ধাঞ্জলী, সম্বলিত, দারিদ্র্যতা

১৪. মনে কর, তোমার নাম শিমুল। সম্প্রতি তোমার এলাকায় প্রবল বন্যায় জনজীবন বিপর্যস্ত। অসহায় মানুষগুলোর পাশে দাঁড়াতে চাও তুমি; এজন্য নিচের বিষয়গুলো বিবেচনায় নিয়ে জেলা প্রশাসকের কাছে একটি আবেদনপত্র লেখো। (বিবেচ্য বিষয়: উপযুক্ত কাঠামো, যোগাযোগের উদ্দেশ্য, পরিবেশ-পরিস্থিতির বিবরণ, চিন্তা ও অনুভূতির প্রকাশ) ৫

১৫. বিশ্লেষণমূলক লেখা কাকে বলে? ‘শব্দ থেকে কবিতা’ লেখাটিকে বিশ্লেষণমূলক লেখা বলা যায় কেন? যুক্তি দাও।৫

## রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

### যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও।



সত্যজিৎ রায়ের আঁকা একটি ছবি

১৬. ক. উপরের ছবিটি ভালোভাবে পর্যবেক্ষণ করে ছবির বিষয় এবং চিত্রশিল্পী/চিত্রগ্রাহকের দৃষ্টিভঙ্গি বর্ণনা কর। ৪

খ. দর্শক হিসেবে ছবিটি সম্পর্কে তোমার প্রতিক্রিয়া ব্যক্ত করে একটি বিবরণমূলক লেখা লেখো। ৪

১৭. সংবাদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

***বিবিসি বাংলার খবর*** : রমজান মাসে রাজধানীর বাসাবোর ধর্মরাজিক বৌদ্ধ বিহারে বৌদ্ধ ভিক্ষুদের কাছে থেকে প্রতিদিন ইফতার নেন কয়েকশ দরিদ্র্য মুসলিম নর-নারী। ভিক্ষুদের ধর্মীয়গুরু শুদ্ধানন্দ মহাথেরো ১৬ বছর ধরে এ ইফতার বিতরণ কার্যক্রম চালিয়ে আসছেন। যেদিন তিনি দেখেছেন অনেক দরিদ্র মানুষ সারাদিন রোজা রেখে সন্ধ্যায় শুধু পানি বা শুকনা মুড়ি দিয়ে ইফতার করে, তখন থেকেই তিনি মন্দিরের ফান্ড থেকে এই ইফতার বিতরণ শুরু করেন।

ক. বিবিসি বাংলার খবরটিতে 'সাম্যবাদী' কবিতার যে ভাবের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৪

খ. উক্ত ভাবের বিপরীত ভাব তোমার চারপাশের মানুষের মধ্যে কীভাবে পরিলক্ষিত হয় তা বর্ণনা কর। ৪

১৮. অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

মাহমুদা নামের এক অসহায় বিধ্বা বহু বছর ধরে সরকারি খাসজমিতে বসবাস করে আসছে। সেখানে তার মত বসবাসরত শতাধিক পরিবারের জীবিকার্জনের একমাত্র পথ মাছ ধরা। ভূমিহীন সূত্রে মাহমুদারা খাসজমি বন্দোবস্ত নিতে চায় সরকারের কাছ থেকে। কিন্তু বাধ সাধে স্থানীয় প্রভাবশালী মৎস্য ঘের মালিকেরা। তারা ঐ জমি তাদের নামে বন্দোবস্ত নিয়ে নতুন মৎস্য ঘের বানাতে চায়। মাহমুদারা এর বিরুদ্ধে সোচ্চার প্রতিরোধ গড়ে তোলে-'হয় জমি নয় জীবন'-এই প্রত্যয় বুকে নিয়ে।

ক. 'জোঁক' গল্পের ওসমান, নবু খাঁ, করিম গাজীর সাথে অনুচ্ছেদের মাহমুদাদের কোন দিক থেকে মিল লক্ষ করা যায় ব্যাখ্যা কর।৪

খ. তোমার মতে, ওয়াজেদ চৌধুরী বা মৎস্যঘের মালিকদের মতো জোঁকের হাত থেকে বাঁচতে করণীয় আর কী হতে পারে? ৪

১৯. কবিতাংশটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

আমি বাংলায় গান গাই, আমি বাংলার গান গাই
আমি আমার আমিকে চিরদিন এই বাংলায় খুঁজে পাই
আমি বাংলায় দেখি স্বপ্ন আমি বাংলায় বাঁধি সুর
আমি এই বাংলার মায়াভরা পথে হেঁটেছি এতটা দূর
বাংলা আমার জীবনানন্দ বাংলা প্রাণের সুর
আমি একবার দেখি বারবার দেখি দেখি বাংলার মুখ

ক. কবিতাংশটি 'তোমরা যেখানে সাধ' কবিতার সাথে কোন দিক থেকে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৪


খ. কবিতার বৈশিষ্ট্যের আলোকে উক্ত কবিতাংশটির বৈশিষ্ট্য বিশ্লেষণ কর। ৪

২০। সময়টা ০৫ই আগস্ট, ২০২৪। স্বৈরশাসকের পতনের একদফা দাবীতে উত্তাল ঢাকা। গেন্ডারিয়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্র শাহরিয়ার খান আনাস আন্দোলনে যোগ দিতে একটি চিঠি লিখে বাসা থেকে বের হয়। কিন্তু চানখারপুল এলাকায় পুলিশের গুলিতে ঝাঁঝরা হয় তার বুক। চিঠিতে আনাস লিখেছিল–

'

"মা, আমি মিছিলে যাচ্ছি। আমি নিজেকে আর আটকিয়ে রাখতে পারলাম না। সরি আব্বুজান। তোমার কথা অমান্য করে বের হলাম। স্বার্থপরের মতো ঘরে বসে থাকতে পারলাম না। আমাদের ভাইরা আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য কাফনের কাপড় মাথায় বেঁধে রাজপথে নেমে সংগ্রাম করে যাচ্ছে, অকাতরে নিজেদের জীবন বিসর্জন দিচ্ছে, একটি প্রতিবন্ধি কিশোর, ৭ বছরের বাচ্চা, ল্যাংড়া মানুষও যদি সংগ্রামে নামতে পারে, তাহলে আমি কেনো বসে থাকবো ঘরে। একদিন তো মরতে হবেই। ভাই মৃত্যুর ভয় করে স্বার্থপরের মতো ঘরে বসে না থেকে সংগ্রামে নেমে গুলি খেয়ে বীরের মতো মৃত্যুও অধিক শ্রেষ্ঠ। যে অন্যের জন্য নিজের জীবনকে বিলিয়ে দেয় সেই প্রকৃত মানুষ। আমি যদি বেঁচে না ফিরি তবে কষ্ট না মেয়ে গর্বিত হয়ো। জীবনের প্রতিটি ভুলের জন্য ক্ষমা চাই।

আনাস



ক. আনাসের চিঠি পড়ে তোমার অনুভূতি কী? বর্ণনা কর। ৪

খ. আনাসের চিঠি এবং 'সময়ের প্রয়োজনে' গল্পের মুক্তিযোদ্ধার খাতা একই চেতনার প্রতিফলন– মন্তব্যটি ব্যাখ্যা কর। ৪

নমুনা উত্তর

অষ্টম শ্রেণি

বিষয়: বাংলা

উত্তরপত্র মূল্যায়নে বিবেচ্য বিষয়সমূহ:

- পরীক্ষার্থীর উত্তর নমুনা উত্তরের হুবুহু চাওয়া প্রত্যাশিত নয়। পরীক্ষার্থীর উত্তর এ নমুনা উত্তরের চেয়ে ভালো, সমমানের বা খারাপ হতে পারে।
- প্রদত্ত নমুনা উত্তরের কোনো বিকল্প সঠিক উত্তরও থাকতে পারে। উত্তরপত্র মূল্যায়নকারীকে পরীক্ষার্থীর সঠিক বিকল্প উত্তর বিবেচনায় এনে নম্বর প্রদান করতে হবে।
- উত্তর লেখার ক্ষেত্রে পরীক্ষার্থীর শব্দ চয়ন, বাক্য গঠন ও উপস্থাপন কৌশল প্রদত্ত নমুনা উত্তর থেকে ভিন্ন হওয়াই স্বাভাবিক।
- পরীক্ষার্থী প্রত্যাশিত স্তর অনুযায়ী লিখতে পারলে ঐ স্তরের জন্য পূর্ণ নম্বর পাবে। সেজন্য ১/২(অর্ধেক) নম্বর দেওয়া যাবে না।

নৈব্যক্তিক অভীক্ষার উত্তর:

১। খ. অল্পপ্রাণ ধ্বনি

২। ঘ. অশোঙ্‌খো

৩। ঘ. রোজ সকালে, টেবিলে বসে

৪। ঘ. সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ

৫। খ. মিশুক

৬। ক. মধ্যে

৭। ক. প

৮। ঘ. আপনি অপারেশনে অংশ নিয়েছেন।

৯। গ. অর্থনীতি, গ্রাম, রাজনীতি, শহর, সংস্কৃতি, সমাজ

১০। খ. তালব্য ধ্বনি

১১। খ. i ও iii

১২। গ. সহিস

১৩। খ. i ও iii

১৪। ঘ. স্বদেশপ্রীতি

১৫। ক. i ও ii

১৬। অপ্রমিতরীতি/আঞ্চলিকরীতি / কথ্যরীতি

১৭। অঘোষ-মহাপ্রাণ ধ্বনি

১৮। সুন্দর + ষ্ণ / অ

১৯। মনোস্‌থির্‌

২০। চার ভুজ যে ক্ষেত্রের

২১। এই হৃদয়ের চেয়ে বড়ো কোনো মন্দির কাবা নেই।

২২। দ্বিতীয় ও চতুর্থ চরণ শেষে

২৩। চন্দন

২৪। জীবন থেকে নেয়া

২৫। লাল নীল দীপাবলী

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: বৌদ্ধধর্ম শিক্ষা

## শ্রেণি : অষ্টম

(ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা

**(খ) বার্ষিক পরীক্ষার সংক্ষিপ্ত সিলেবাস**

| অধ্যায় | অধ্যায়ের শিরোনাম | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম | বুদ্ধের জীবন কথা | ১-১৭. |
| দ্বিতীয় | বিনয় পিটক | ১৮-২৮ |
| পঞ্চম | সূত্র ও নীতিগাথা | ৫০-৬৮ |
| ষষ্ঠ | জাতক, চরিতমালা ও উপাখ্যান | ৬৯-৯০ |
| সপ্তম | বৌদ্ধধর্মে পরমতসহিষ্ণুতা | ৯১-৯৮ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| | | | |
|---|---|---|---|
| ১. | শিখনকালীন/ধারাবাহিক মূল্যায়ন | শ্রেণির কাজ, বাড়ির কাজ, শ্রেণি অভীক্ষা, অ্যাসাইনমেন্ট, প্রজেক্ট, ফিল্ড ট্রিপ, তীর্থস্থান ও ঐতিহাসিক স্থান ভ্রমণের অভিজ্ঞতা বিষয়ক প্রতিবেদন ইত্যাদি। | ৩০ নম্বর |
| ২. | সামষ্টিক মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন এনসিটিবি কর্তৃক প্রণীত প্রশ্নের ধারা ও নম্বর বিভাজন অনুযায়ী ৩ ঘন্টা সময়সীমা মধ্যে ১০০ নম্বরের প্রশ্নসম্বলিত লিখিত উত্তরভিত্তিক হবে। ১০০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরকে ৭০% এ রূপান্তর করতে হবে। | ৭০ নম্বর |
| | | মোট = | ১০০ নম্বর |

**শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন** **মোট নম্বর-৩০**

| আইটেমের নাম (Item type) | নমুনা | নির্ধারিত নম্বর |
|---|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work) | জনসদ্ধ জাতকে যে মানবীয় গুণের উল্লেখ রয়েছে তার একটি তালিকা তৈরি কর। তোমার তৈরিকৃত তালিকা থেকে যে গুণগুলো তুমি পালন করতে চাও তা চিহ্নিত কর। কীভাবে এ গুণগুলো বিজ জীবনে চর্চা করবে তা দেখাও। | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন উপস্থাপন (investigation, project proposal, report presentation) | মহাপ্রজাপতি গৌতমীর গুণের তালিকা তৈরি কর। এগুণগুলো নিজ জীবনে কীভাবে পালন করবে তা লিখে প্রতিবেদন আকারে উপস্থাপন কর। | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | মদনমোহন তর্কালঙ্কার এর কবিতা আমার পণ কবিতাটি আবৃতি কর। কবিতাটির আলোকে নিচের ছকটি পূরণ কর।<br><table><tr><td>ক্রম</td><td>যে কাজগুলো আমরা করব।</td><td>যে কাজগুলো থেকে বিরত থাকব।</td></tr><tr><td></td><td></td><td></td></tr><tr><td></td><td></td><td></td></tr><tr><td></td><td></td><td></td></tr></table> | ১০ |
| | **মোট** | **৩০** |

## সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

**মোট নম্বর : ১০০** **প্রশ্নের ধারা ও নম্বর বিভাজন** **সময় : ৩ ঘণ্টা**

| প্রশ্নের ধারা | প্রশ্নের মান | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর |
|---|---|---|---|
| ক. বিভাগ : বহুনির্বাচনি প্রশ্ন | ১ | ১৫ | ১× ১৫ =১৫ |
| খ বিভাগ : অতি সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ১ | ১০ | ১× ১০ =১০ |
| গ বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | ২ | ১০ | ২× ১০ =২০ |
| ঘ বিভাগ : রচনামূলক-উত্তর প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | ৫ | ৫ টির মধ্যে ৩ টির উত্তর দিতে হবে। | ৫× ৩ =১৫ |
| ঙ বিভাগ : রচনামূলক -উত্তর প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে (প্রয়োগমূলক ও উচ্চতর দক্ষতামূলক) | ৮ (৩+৫) | ৮ টির মধ্যে ৫ টির উত্তর দিতে হবে। | ৮× ৫ =৪০ |
| | | মোট | ১০০ |

# বার্ষিক সামষ্টিক মুল্যায়ন ২০২৪
# নমুনা প্রশ্ন
# বৌদ্ধধর্ম শিক্ষা
# অষ্টম শ্রেণি

**এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ের প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবে নমুনা হুবুহ ব্যবহার করা যাবে না।**

পূর্ণমান : ১০০ সময় : ৩ঘন্টা

**ক বিভাগ: বহুনির্বাচনি প্রশ্ন** **১×১৫ =১৫**

**নিচের প্রশ্নগুলোর সঠিক বা সর্বোৎকৃষ্ট উত্তরটি খাতায় লিখ:**

**১. গৌতম বুদ্ধ কোন রাজ্যের রাজপুত্র ছিলেন?**
ক. অবন্তী রাজ্যের
খ. কোশল রাজ্যের
গ. কপিলাবস্তু রাজ্যের
ঘ. কাশী রাজ্যের

**২. লুম্বিনী কোন দেশের অন্তর্গত?**
ক. ভারত
খ. পাকিস্তান
গ. ভুটান
ঘ. নেপাল

**৩. রানীর স্বপ্নে দেখা সাদা হাতির শুঁড়ে কি ছিল?**
ক. শ্বেত পদ্ম
খ. লাল পদ্ম
গ. শ্বেত গোলাপ
ঘ. লাল গোলাপ

**৪. সিদ্ধার্থ গৌতম কত রকমের বিদ্যা শিক্ষা আয়ত্ব করেন?**
ক. ৬০ রকম
খ. ৬২ রকম
গ. ৬৪ রকম
ঘ. ৬৬ রকম

**৫. গৌতম বুদ্ধ কত বছরে তাঁর ধর্ম দর্শন প্রচার করেন?**
ক. ৩০ বছর
খ. ৩৫ বছর
গ. ৪০ বছর
ঘ. ৪৫ বছর

**৬. বুদ্ধের বিনয় বিধান মূলত কাদের জন্য প্রযোজ্য?**

ক. গৃহীদের জন্য
খ. ভিক্ষু শ্রমণদের জন্য
গ. ব্রাহ্মণদের জন্য
ঘ. ক্ষত্রিয়দের জন্য

**৭. ত্রিপিটক কয় ভাগে বিভক্ত?**

ক. ৩ ভাগে
খ. ৪ ভাগে
গ. ৫ ভাগে
ঘ. ৬ ভাগে

**৮. চুল্ল বগ্গে কয়টি অধ্যায় আছে?**

ক. ১০ টি
খ. ১২ টি
গ. ১৪ টি
ঘ. ১৬ টি

**৯. কোন গ্রন্থকে বিনয় পিটকের সারবস্তু বলা হয়?**

ক. কর্মস্কন্ধ
খ. শমথ স্কন্ধ
গ. সপ্তশতিকা
ঘ. পরিবার পাঠ

**১০. সূত্র ও নীতিগাথা কার মুখ নিঃসৃত বাণী?**

ক. আনন্দের
খ. সারিপুত্রের
গ. গৌতম বুদ্ধের
ঘ. উপালির

**১১. প্রত্যেক জীবের প্রতি মৈত্রীভাব পোষণ করা কোন সূত্রের নৈতিক শিক্ষা?**

ক. করণীয় মৈত্রী সূত্র
খ. রতন সূত্র
গ. বোজ্ঝঙ্গ সূত্র
ঘ. মঙ্গাল সুত্র

**১২. 'নিধি' শব্দের অর্থ কী?**

ক. মন
খ. ধন
গ. ইচ্ছা
ঘ. কর্ম

**১৩. বোধিজ্ঞান লাভ করার জন্য গৌতম বুদ্ধ কতবার বিভিন্ন প্রাণীকুল জন্মগ্রহণ করেন?**

ক. ৫৪০ বার
খ. ৫৪৫ বার
গ. ৫৫০ বার
ঘ. ৫৫৫ বার

**১৪. ধর্ম ভাণ্ডারিক কাকে বলা হতো?**

ক. সিবলীকে

খ. উপালীকে

গ. সারিপুত্রকে

ঘ. আনন্দকে

**১৫. বুদ্ধের সময়ে ভারতবর্ষে কত প্রকার ধর্মমতের প্রচলন ছিল?**

ক. ৬২ প্রকার

খ. ৬৪ প্রকার

গ. ৬৬ প্রকার

ঘ. ৬৮ প্রকার

**খ বিভাগ : অতি সংক্ষিপ্ত- উত্তর প্রশ্ন** **১×১০ =১০**

**এক কথায়/অতি সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর লিখ:**

১. 'বুদ্ধ শব্দের অর্থ কী?

২. কুমার গৌতম নগর ভ্রমণে বের হয়ে কয়টি নিমিত্ত দর্শন করেছিলেন?

৩. গৌতম বুদ্ধের সারথির নাম কী ছিল?

৪. বৌদ্ধ ভিক্ষু শ্রমণদের পরিশীলিত জীবন গঠনের জন্য বুদ্ধ কীসের প্রবর্তন করেছিলেন?

৫. 'বিনয়' শব্দের অর্থ কী?

৬. 'রতনসূত্র'- পাঠ করা হয় কেন?

৭. জাতকের কয়টি অংশ আছে?

৮. শীল গুণের সমান আর কিছু নেই-এটি কোন জাতকের উপদেশ?

৯. আনন্দ থের এর পিতার নাম কী?

১০. প্রথম ৫০০ জন শাক্য নারীকে নিয়ে কী প্রতিষ্ঠিত হয়েছিল?

**গ বিভাগ : সংক্ষিপ্ত- উত্তর প্রশ্ন** **২×১০ =২০**

সংক্ষেপে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:

১. নগর ভ্রমণে গিয়ে সিদ্ধার্থ গৌতমের দেখা চারটি দৃশ্যকে বৌদ্ধ সাহিত্যে কী বলা হয়?

২. 'মহা অভিনিস্ক্রমণ' কাকে বলা হয়?

৩. 'সুত্ত বিভঙ্গ কাকে বলে? সুত্ত বিভঙ্গের দুটি অংশের নাম লিখ।

৪. বুদ্ধ করণীয় মৈত্রী সূত্র কখন, কাদের উদ্দেশ্যে দেশনা করেছিলেন?

৫. মাতা যথা নিযং পুত্তং আযুসা একপুত্ত মনুরক্খে
এবম্পি স্বভূতেসু মানসং ভাবযে অপরি মানং–এর বাংলা অর্থ লিখ।

৬. পারমী বলতে কী বুঝায়?

৭. জনসন্ধ জাতকের উপদেশসমূহের মধ্যে তুমি পালন করবে এমন ২টি উপদেশ লিখ।

৮. বিশাখাকে কেন মিগার মাতা বলা হয়?

৯. মহাপ্রজাপতি গৌতমীর গুণগুলো লিখ।

১০. পরমত সহিষ্ণুতা বলতে কী বুঝায়?

**ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন প্রশ্ন)**
**যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :** **৫×৩ =১৫**

১. কুমার সিদ্ধার্থ গৌতম 'রাজকুমার থেকে গৌতম বুদ্ধ' হওয়ার ঘটনা ধারাবাহিকভাবে ব্যাখ্যা কর।

২. সূত্র ও নীতিগাথা কী? করণীয় মৈত্রী সূত্রের পটভূমি সংক্ষেপে লিখ।

৩. বৌদ্ধ সাহিত্যে জাতক বলতে কী বুঝায়? তোমার পাঠ্য বইয়ের আলোকে জাতকের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর।

৪. 'বিনয় পিটক' বলতে কী বুঝায়? তথাগত বুদ্ধের বিনয় বিধান কাদের জন্য প্রতিপাল্য ব্যাখা কর।

৫. তোমার পাঠ্যপুস্তকের আলোকে ধর্মপদ গ্রন্থের পরিচয় সম্পর্কে বিস্তারিত লিখ।

**ঙ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)**
**যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ৮×৫ =৪০

১. খ্রিষ্টপূর্ব ৬২৩ অব্দে হিমালয়ের পাদদেশে অবস্থিত কপিলাবস্তু নগরে এক শিশু পুত্রের জন্ম হয়। যিনি পরবর্তী কালে সকল জীবের প্রতি অপরিমেয় মৈত্রী ও করুণা প্রদর্শন করে মহাকারুনিক বুদ্ধ নামে আখ্যায়িত হন। তাছাড়া তাঁর অপরিমিত গুণরাশিকে কেন্দ্র করে বিভিন্ন বিশেষণে বিশেষায়িত করা হয়।

ক. দৃশ্যপটের সিদ্ধার্থ গৌতমের বাল্য জীবন তোমার পাঠ্যবইয়ের আলোকে বর্ণনা কর। ৩
খ. বুদ্ধকে যে সমস্ত বিশেষণে বিশেষায়িত করা হয় তার সার্থকতা বিশ্লেষণ কর। ৫

২. গৌতম বুদ্ধ দীর্ঘ ৪৫ বছর ধর্ম প্রচার করার পর ৮০ বছর বয়সে কুশিনগরে যমক শালবনবৃক্ষের নিচে মহাপরিনির্বাণ লাভ করেন। ভারতবর্ষের সব রাজন্য ও শ্রেষ্ঠীদের উপস্থিতিতে মহাকাশ্যপ বুদ্ধের চিতায় অগ্নি সংযোগ করেন। পরে ব্রাহ্মণ দ্রোনাচার্য তথাগত বুদ্ধের অস্থিধাতু আটজন রাজা এবং চিতাভস্ম মৌর্যরাজকে ভাগ করে দেন।

ক. বুদ্ধের প্রধান সেবক কে ছিলেন? তথাগত বুদ্ধের শেষ বাণীটি লিখ। ৩

খ. বর্তমান বিশ্বে বুদ্ধের অস্থিধাতু ধর্ম, দর্শন ও ঐতিহ্যের দিক থেকে অমূল্য সম্পদ ও পরম শ্রদ্ধার বস্তু–কথাটি তাৎপর্য তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা কর। ৫

৩. দুঃখ মুক্তির লক্ষ্যে কঠোর তপস্যা করতে গিয়ে সিদ্ধার্থ উপলদ্ধি করলেন- কঠোর তপস্যায় জীবন বিপন্ন হয়। তাই তিনি অন্য একটি পন্থা অবলম্বন করলেন। এভাবে ছয় বছর তপস্যার পর বৈশাখি পূর্ণিমা তিথিতে ‘চার আর্যসত্য’ সম্পর্কে যথার্থ জ্ঞান উপলব্ধি করলেন। পরবর্তীতে এই জ্ঞান জীব জগতের কল্যাণে প্রচার করেন।

ক. গৌতম বুদ্ধ তপস্যা সাধনের ক্ষেত্রে যে পন্থা অবলম্বন করেন তা বিশ্লেষণ কর। ৩

খ. বুদ্ধত লাভের পর গৌতম বুদ্ধ জীব জগতের কল্যাণে যে কার্যক্রম শুরু করেন তা ব্যাখ্যা কর। ৫

৪. সংসার ত্যাগী বৌদ্ধ ভিক্ষু শ্রমণদের সুষ্ঠু ও সুন্দর পরিশীলিত জীবন গঠনের জন্য এবং নৈমিত্তিক জীবনাচারে পরিশুদ্ধতা বজায় রাখার জন্য মহাকারুনিক বুদ্ধ বিনয়ের প্রবর্তন করেছিলেন। এতে পরোক্ষ ও প্রচ্ছন্নভাবে সাধারণ মানুষের জন্য ও অনেক শিক্ষণীয় বিষয় রয়েছে।

ক. দৃশ্যপটের পিটকের আলোকে বৌদ্ধধর্মের মৌলিক বিষয়গুলো লিখ। ৩

খ. তোমার দৈনন্দিন জীবনে উক্ত পিটকের উপদেশ কীভাবে পালন করবে তার একটি পরিকল্পনা তৈরি কর। ৫

৫. ‘নিধিকুন্ড’ সূত্রে বুদ্ধ বলেছেন–জাগতিক অর্থ বা ধন প্রকৃত সুনিহিত নিধি বা ধন নয়। দান, সংযম, দম, চৈত, প্রতিষ্ঠা, সংঘ, মাতা-পিতা, অতিথি, জ্যেষ্ঠ ভ্রাতা–ভগ্নির সেবায় যে ধন বা পুণ্য অর্জিত হয়, সে ধনই প্রকৃত নিধি। যা অজেয় ও অনুগামী ।

ক. কোন প্রেক্ষাপটে বুদ্ধ ‘নিধিকুন্ড’ সূত্র দেশনা করেছিলেন? ৩

খ. ‘নিধিকুন্ড’ সূত্রের বিষয়গুলো তোমার নিজ জীবনে কীভাবে প্রয়োগ বা চর্চা করবে তার একটি পরিকল্পনা তৈরি কর। ৫

৬. অমনুষ্যের উপদ্রব ও ভয় থেকে পরিত্রাণের জন্য বুদ্ধ করণীয় মৈত্রী সূত্র দেশনা করেন। এই সূত্রে নির্বাণ লাভে ইচ্ছুক ব্যক্তিগণের জন্য করণীয় মৈত্রী ভাবনার নির্দেশনা আছে।

ক. বুদ্ধ কখন এবং কাদের উদ্দেশ্যে করণীয় মৈত্রী সূত্র দেশনা করেন? ৩

খ. করণীয় মৈত্রী সূত্রের নৈতিক শিক্ষাগুলোর একটি তালিকা তৈরি কর। ৫

৭. গৌতম বুদ্ধ ছিলেন সর্বজনীন মূল্যবোধের মূর্ত প্রতীক। সব সত্ত্বার সর্বাঙ্গীন মঙ্গলই তাঁর ধ্যান, জ্ঞান ও দর্শনের মূল ভিত্তি। অন্যের মঙ্গল ও দুঃখ মুক্তিই ছিল তাঁর ভাবনার বিষয়। তাঁর অন্তরে সব সময় বিরাজমান ছিল অন্যের মতামতকে শ্রদ্ধা করার প্রবণতা।

ক. গৌতম বুদ্ধের যে বিশেষ গুণের কথা বলা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

খ. সামাজিক স্থিতিশীলতা রক্ষায় ঐ গুণটির গুরুত্ব ব্যাখ্যা কর। ৫

—

**ক বিভাগ :** বহুনির্বাচনি প্রশ্নের উত্তর

| | | | |
|---|---|---|---|
| ১ | গ | ৯ | ঘ |
| ২ | ঘ | ১০ | গ |
| ৩ | ক | ১১ | ক |
| ৪ | গ | ১২ | খ |
| ৫ | ঘ | ১৩ | গ |
| ৬ | খ | ১৪ | ঘ |
| ৭ | ক | ১৫ | ক |
| ৮ | খ | | |

**খ বিভাগ : এক কথায়/অতি সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর**

| | |
|---|---|
| ১ | বুদ্ধ শব্দের অর্থ অনন্ত জ্ঞান ও গুণের সমষ্টি। |
| ২ | কুমার গৌতম নগর ভ্রমনে বের হয়ে চারটি নিমিত্ত দর্শন করেছিলেন। |
| ৩ | গৌতম বুদ্ধের সারথির নাম ছিল ছন্দক। |
| ৪ | বৌদ্ধ ভিক্ষু শ্রমণদের পরিশীলিত জীবন গঠনের জন্য বুদ্ধ বিনয়ের প্রবর্তন করেছিলেন। |
| ৫ | ‘বিনয়’ শব্দের অর্থ নিয়ম, নীতি, শৃংঙ্খলা। |
| ৬ | দূর্ভিক্ষ ও মহমারি হতে রক্ষা পাওয়ার জন্য ‘রতনসূত্র’- পাঠ করা হয়। |
| ৭ | জাতকের তিনটি অংশ আছে। |
| ৮ | শীল গুণের সমান আর কিছু নেই-এটি শীলমীমাংসা জাতকের উপদেশ। |
| ৯ | আনন্দ থের এর পিতার নাম অমিতোদন শাক্য। |
| ১০ | প্রথম ৫০০ জন শাক্য নারীকে নিয়ে ভিক্ষুণীসংঘ প্রতিষ্ঠিত হয়েছিল। |

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: ৮ম

**# প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা:**

**# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪ (সিলেবাস):**

**# মূল্যায়ন কাঠামো:**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**# শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical work) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (Inventory Work, Project Proposal, Report Presentation) | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) | ১০ |
| **মোট** | **৩০** |

**# সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

অভীক্ষার ধরন: লিখিত    পূর্ণমান: ১০০    সময়: ৩ ঘন্টা

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | |
| ৪ | রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ | ৫ | ৮×৫=৪০ | |
| | | | | মোট | ১০০ | |

**# কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন:**

**# রচনামূলক প্রশ্ন (প্রেক্ষাপট নির্ভর) একটি প্রশ্নের রুব্রিক্স ও মডেল উত্তর:**

**# বহুনির্বাচনি প্রশ্নের উত্তর:**

## বার্ষিক সামষ্টিক মূল্যায়ন-২০২৪ (সিলেবাস):

শ্রেণি: ৮ম

| অঞ্জলি | উপহার | পৃষ্টা নং |
|---|---|---|
| অঞ্জলি ২ | উপহার ৩০-৩৮ | ৪৮-৫৮ |
| অঞ্জলি ৩ | উপহার ৩৯-৫৬ | ৫৯-৮৫ |

## শিখনকালীন মূল্যায়ন: এসাইনমেন্ট (নমুনা)

শ্রেণি: ৮ম

**এসাইনমেন্ট:**

১। এসাইনমেন্ট (১): এসাইনমেন্ট তৈরি- সেবা প্রতিষ্ঠান পরিদর্শন শেষে পূর্ব অভিজ্ঞতা ও নতুন অভিজ্ঞতা সমন্বয় করে বিবরণী তৈরি করা। উপহার: ৪০-৪১, পৃষ্টা নং- ৬১

২। এসাইনমেন্ট (২): শিক্ষা/চিকিৎসা সেবা- প্রতিষ্ঠানটি সর্ম্পকে দলগতভাবে টিভি নিউজ তৈরি করা। উপহার: ৪২-৪৩, পৃষ্ঠা নং- ৬২

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

**বার্ষিক সামষ্টিক মূল্যায়ন- ২০২৪**

বিষয়: খ্রীষ্টধর্ম শিক্ষা

শ্রেণি: **৮ম**

**নমুনা প্রশ্ন**

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ১০০

**বিভাগ-ক**

**বহুনির্বাচনি প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লিখ (১৫টির উত্তর দিতে হবে।) ১×১৫=১৫**

১। রিপু কয়টি?

ক) ৬ খ) ৭ গ) ৮ ঘ) ৯

২। যে ব্যক্তি ভাইয়ের উপর রাগ করে সে কিসের দায়ে পড়বে?

ক) মহাসভার বিচারের খ) নরকের আগুনের গ) বিচারের ঘ) অপমানের

৩। আমাদের প্রতি অন্যায় করলে প্রতিশোধ নেবো না , কারণ-

i) শত্রুতা বেড়ে যাবে

ii) মন পরিবর্তন করবে

iii) সুসম্পর্ক গড়ে উঠবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪। অন্যের প্রয়োজনে সাহায্য করা আমাদের কী ধরনের দায়িত্ব?

ক) সামাজিক খ) মান্ডলিক গ) রাজনৈতিক ঘ) নৈতিক

৫। যারা অত্যাচার করে, তাদের জন্য কী করতে বলা হয়েছে?

ক) প্রার্থনা খ) সাহায্য গ) পরামর্শদান ঘ) ভালোবাসা প্রদান

৬। আমরা ঈশ্বরের সন্তান হিসেবে শত্রুর জন্য কী করবো?

ক) ক্ষমা করবো খ) বিচার করবো গ) প্রতিশোধ নিবো ঘ) অপেক্ষা করবো

৭। আমরা অনেক খারাপ কাজ করি কেন?

ক) লোভের কারণে খ) অহংকার করে গ) অলসতা দেখিয়ে ঘ) রাগের বশবর্তী হয়ে

৮। 'তোমাদের স্বর্গস্থ পিতা যেমন খাঁটি, তোমরাও তেমনি খাঁটি হও।' উক্তিটি কার

ক) বাপ্তিস্মদাতা যোহন খ) পবিত্র আত্মা গ) ঈশ্বর ঘ) যীশু

৯। শত্রুকে ক্ষমা করলে কোন জীবনে কল্যাণ সাধিত হয়-

ক) পারিবারিক ও রাষ্ট্রীয় খ) সামাজিক ও রাষ্ট্রীয়

গ) পারিবারিক ও সামাজিক ঘ) সামাজিক ও রাজনৈতিক

১০। 'পাপ ক্ষমা করার ক্ষমতা মনুষ্য পুত্রের আছে'-উক্তিটি যীশু কাদের উদ্দেশ্য করে বলেছিলেন?

ক) ধর্ম শিক্ষক খ) লোকজন গ) ফরীশী ঘ) সদ্দূকী

১১। ফ্লোরেন্স নাইটিংগেল কত বছর বয়সে ঈশ্বরের কাছ থেকে আহবান পেয়ে সেবা কাজ শুরু করেন?

ক) ১৫ বছর খ) ১৬ বছর গ) ১৭ বছর ঘ) ১৮ বছর

১২। সক্কেয় যীশুর কথায় তাঁকে কীভাবে গ্রহণ করেছিলো?

ক) উদার মনে খ) আনন্দের সঙ্গে গ) করমর্দন করে ঘ) চুম্বনের সাথে

১৩। যীশু সক্কেয়ের বাড়িতে খাওয়া-দাওয়া করে কোন দৃষ্টান্ত স্থাপন করলেন?

ক) সম্প্রীতি খ) সহাবস্থান গ) বন্ধুত্ব ও সম্প্রীতি ঘ) সম্প্রীতি ও সহাবস্থান

১৪। যীশু কেন ক্রুশে নিজের প্রাণ দিয়েছিলেন?

ক) করুণা করে খ) দয়া করে গ) মানুষকে ভালোবেসে ঘ) ঈশ্বরের নির্দেশ মেনে

১৫। আমরা কীভাবে ঈশ্বরের শিষ্য হতে পারি?

ক) সেবা করে খ) ভালোবাসার মাধ্যমে গ) প্রার্থনা করে ঘ) উপদেশের মাধ্যমে

**এক কথায় উত্তর: (১০টির উত্তর দিতে হবে।)** **১×১০=১০**

১। ক্ষমা ও সহনশীলতা মানুষের মধ্যে কী সৃষ্টি করে?

২। ফ্লোরেন্স নাইটিংগেলকে কী নামে ডাকা হয়?

৩। সক্কেয় কে ছিলেন?

৪। ভাইকে অপদার্থ বললে সে কিসের দায়ে পড়বে?

৫। কেউ আমাদের সাথে খারাপ ব্যবহার করলে আমরাও যদি তার প্রতি খারাপ ব্যবহার করি তবে সেটাকে কী বলে?

৬। শত্রুকে ভালবাসলে তাদের মন কী পরিবর্তন আসবে?

৭। যীশু কোন সময় পর্যন্ত শত্রুদের ক্ষমা করেছেন?

৮। সহনশীলতার অভাবে পরিবার ও সমাজে কী সৃষ্টি হয়?

৯। যীশুর শিক্ষানুসারে ভাইকে কতবার ক্ষমা করতে বলেছেন?

১০। যীশুর কোন বিষয় লক্ষ করে সক্কেয় মন পরিবর্তন করেছিলো?

## বিভাগ-খ

**সংক্ষিপ্ত প্রশ্ন: (১০টির উত্তর দিতে হবে)** **২×১০=২০**

১। প্রভু যীশু মৌলিক চাহিদার কোন দু'টি বিষয় মানবসেবার জন্য অধিকতর গুরুত্বের সাথে শিক্ষা দিয়েছেন?

২। তুমি নিজ এলাকায় শিক্ষা ও চিকিৎসা সেবার গুরুত্ব উপলব্ধি করে কী কী কাজ করতে পারো তা লিখ।

৩। অশান্তি করার চাইতে আত্মত্যাগ করা শ্রেয় কেন?

৪। প্রতিশোধের বিষয়ে যীশু যে শিক্ষা দিয়েছেন তা লিখ।

৫। অবশ রোগীকে সুস্থকরণের মাধ্যমে যীশু যে শিক্ষা দিয়েছেন তা বর্ণনা কর।

৬। ফ্লোরেন্স নাইটিংগেল সারা বিশ্বজুড়ে সমাদৃত কেন?

৭। পবিত্র বাইবেলে শিশুদের সুশিক্ষা প্রদান করতে বলেছেন কেন?

৮। যীশু কেন সক্কেয়'র বাড়িতে গিয়েছিলেন?

৯। ঈশ্বর সকল মানুষকে সন্মান করতে বলেছেন কেন?

১০। পরমতসহিষ্ণুতা কেন খ্রীষ্টিয় শিক্ষার একটি গুরুত্বপূর্ণ অংশ?

## বিভাগ-গ

**রচনামূলক প্রশ্ন: প্রেক্ষাপটবিহীন (৫টি প্রশ্নের ৩টির উত্তর দিতে হবে।)** **৫×৩=১৫**

১। ক্রোধ সম্পর্কে যীশু যে উপদেশ দিয়েছেন তা লিখ।

২। খ্রীষ্টমণ্ডলী দ্বারা পরিচালিত প্রতিষ্ঠানগুলোতে শিক্ষা ও চিকিৎসায় মানবসেবায় অধিকতর ভূমিকা রাখছে কেন?

৩। শত্রুকে ভালোবাসার বিষয়ে যীশুর শিক্ষা সম্পর্কে লিখ।

৪। "ছেলের বা মেয়ের প্রয়োজন অনুসারে শিক্ষা দাও"- হিতোপদেশ ২২;৬ পদে লিখিত এই বাক্যের ব্যাখ্যা দাও।

৫। আমরা অন্যকে ভালোবাসার মাধ্যমে কীভাবে ঈশ্বরের শিষ্য হতে পারি? ব্যাখ্যা করো।

## বিভাগ-ঘ

**রচনামূলক প্রশ্ন: প্রেক্ষাপট নির্ভর (৭টি প্রশ্নের ৫টির উত্তর দিতে হবে।)** **৮×৫=৪০**

১।






ক) উপরের ১নং চিত্রটি দেখে তোমার কোন রিপুর কথা মনে পড়ছে তা ব্যাখ্যা করো? ৩

খ) ২নং চিত্রের রিপু থেকে রক্ষা পেতে যা করণীয় তা পাঠ্যপুস্তকের আলোকে ব্যাখ্যা করো। ৫

২। প্লাবন ও গ্রেস দুই বন্ধু একই সাথে স্কুলে যায়, খেলাধুলা করে। হঠাৎ প্লাবন অসুস্থ হয়ে পড়লে সহপাঠিরা দেখা করতে যায়। গ্রেসের কথা জিজ্ঞাসা করলে সহপাঠিরা বলে ওঠে, "ও আমাদের শত্রু, ও সকলের সাথে মিথ্যা কথা বলে, মাঝে মাঝে না বলে আমাদের ব্যাগ থেকে টাকা নেয়, আবার জিজ্ঞাসা করলে মারে। আমরা ওকে ঘৃণা করি।" প্লাবন ওদের কথা বুঝতে পেরে বলে, "ছাড় না পুরানো কথা। আমি তবুও ওর সাথে চলাফেরা করি। যীশু শত্রুকে ভালোবাসার কথা কী বলেছে? সেদিন যে ধর্ম শিক্ষক খুব ভালো করে বুঝালেন, তোদের মনে নেই?"

ক) প্রেক্ষাপটের প্লাবন কেন তার বন্ধু গ্রেসের সঙ্গে চলাফেরা করে? ব্যাখ্যা করো।

খ) গ্রেসের মত এ ধরনের শত্রুকে ভালোবাসার বিষয়ে প্লাবন শ্রেণি শিক্ষকের কাছে যে শিক্ষা পেয়েছে তা তোমার পাঠ্যপুস্তকের আলোকে বর্ণনা কর। ৫

৩। অর্পার প্রতিবেশী একজন কাকা অসুস্থ হয়ে ঘরে পড়ে আছে। তাকে সেবা করার মত কেউ নেই। তাই অর্পা তার যত্ন নেয়, সুস্থতার জন্য প্রার্থনা করে। ধীরে ধীরে সুস্থ হয়ে যায়। কাকা সুস্থ হয়ে আবার গ্রামের সকলের সাথে স্বাভাবিকভাবে চলে এবং ঈশ্বরের গৌরব করে ।

ক) 'যীশু কর্তৃক অবশ রোগীকে সুস্থকরণ' ঘটনার মাধ্যমে কয় ধরনের সুস্থতার কথা বলা হয়েছে? তা ব্যাখ্যা কর। ৩

খ) অর্পার সেবা ও যীশু কর্তৃক অবশ রোগীকে সুস্থকরণের ঘটনা দুটি ভিন্ন হলেও উদ্দেশ্য এক। এ সম্পর্কে পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করো। ৫

৪। মাদার তেরেজা ১৪ বছর বয়সে ঈশ্বর কর্তৃক আহবান পেয়ে সেবার কাজে নিয়োজিত হন। ভারত ও বাংলাদেশ অনাথ, দুঃখী, অবহেলিত, লাঞ্ছিত, পীড়িত, বঞ্চিত ও অসুস্থদের সেবায় বিভিন্ন সেবামূলক প্রতিষ্ঠান গড়েছেন। তাদের আশ্রয় দিয়েছেন। কুষ্ঠরোগীদের নিজে সেবা করেছেন। এভাবে অন্যের কল্যাণে নিজেকে বিলীন করে দিয়ে সারা বিশ্বের কাছে 'মাদার তেরেজা' উপাধিতে ভূষিত হয়েছেন ।

ক) ফ্লোরেন্স নাইটিংগেল কেন ঈশ্বরের আহবানে সাড়া দিয়ে সেবাকাজ শুরু করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

খ) মাদার তেরেজার সাথে ফ্লোরেন্স নাইটিংগেলের চিকিৎসা ও সেবাকাজের অবদানের মিল/অমিল খুঁজে বর্ণনা করো। ৫

৫। ১লা বৈশাখের সবচেয়ে আকর্ষণীয় বিষয় বৈশাখী মেলা। এই মেলায় মানুষ দূর দূরান্ত থেকে ছুটে আসে। তুমি বিদ্যালয়ে এরকম একটা মেলার আয়োজন করেছো।

ক) মেলার জন্য তোমার পরিকল্পনা, আমন্ত্রণপত্র ও মেলার দিনে তোমার ভূমিকা ইত্যাদি বিষয় নিয়ে প্রতিবেদন তৈরি কর। ৫

খ) এই মেলায় মানুষের অংশগ্রহণের মাধ্যমে কীভাবে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের বিষয় প্রকাশ পায় তা বিশ্লেষণ কর। ৩

৬।



ক) ছবিতে কোন কোন উৎসব, শ্রেণি, পেশা বা ধর্মের মানুষ আছে? ব্যাখ্যা কর। ৩

খ) পরমতসহিষ্ণুতা সৃষ্টিতে এই অনুষ্ঠানগুলির অপরিহার্যতা বিশ্লেষণ কর। তোমার মতামত দাও। ৫

৭।




ক) চিত্রে “?” চিহ্নিত বৃত্তটি পূরণ করে ব্যাখ্যা কর। ৩

Yesterday, Rafiq went to the market in the morning to buy fresh vegetables. Every Friday, he visits the market early to avoid the crowds. Last week, he couldn't go because of the heavy rain, but he made sure to go this week. Later that day, he prepared a special dinner for his family. Next weekend, they plan to visit his grandparents in the village.

## Part C: Writing

**For questions 8-10 learners should strictly follow the textbook to develop their writing on different issues.**

8. A reputed social service organization named Green Friends is willing to appoint some skilled and qualified gardeners for their ongoing project. They want eligible and sensible co-mates with SSC and 2 years of working experience in this field who will facilitate and support all aspects of gardening in the project.

**If you think you are a suitable and qualified candidate for this post, write a CV for the job. 10**

The following points must be mentioned in your CV.

- create a header with contact information
- include career objectives
- provide educational details
- provide your relevant skills
- describe your personal information and personal attributes
- give 2 references

**9. Read the story below. Try to assume the topic of the story. Then complete the activity that follows. 10**

In the social system of Bangladesh, children have to depend upon their parents and family members for their well-being. The state cannot ensure completely their basic needs and social security. Children are the most unprotected, vulnerable, and weak segment of society. Child marriage is a perennial problem. Though it's a global problem it is more alarming for Bangladesh. It is treated as a massive violation of girl's rights because due to early marriage, they cannot continue or complete their education. Child marriage is such a problem that can pose a threat to the whole society. In most of the cases, girls are victims of child marriage. Due to poverty and illiteracy parents especially in rural areas think economically girls are a burden for the family and to reduce the burden of the family arrange child marriage. As the mental faculties of the children are not mature enough they cannot realize the consequences of child marriage, rely on their parents, family and other relatives and they think that child

marriage will be a benefit for them. Parents inspire early marriage from the fear that the amount of dowry will be high with the age of their daughters.

One of the major causes of the rapid increase in population in Bangladesh is early marriage. It has adverse health, intellectual, and psychological impacts and it also causes dropout from school. Marriage in an early age has the risk of sexually transmitted diseases, unintended pregnancy, delivery of low birth weight babies, and maternal and child death. It destroys a girl physically and mentally.

**Now, write a paragraph on 'The cause and effects of early marriage in Bangladesh' in 150 words.**

Here are some thought-provoking questions on early marriage that you may use to write the paragraph.

- What are the primary factors of early marriage in Bangladesh?
- What are the problems with early marriage?
- How does early marriage affect the mental and emotional well-being of young girls?
- How to stop early marriage?

**10. Suppose you are Ratul. You have been shortlisted in the Creative Writing category of the National Education Week competition this year. In this case, you will need a forwarding letter.**
**10**

**Now write an application/ a letter to the Head Teacher of your school asking for a forwarding letter.**

**Your writing must include the basic criteria of a formal letter.**

## (g) **Answers to the objectively marked questions**

1.A

i) a

ii) b

iii) c

iv) c

vi) a

1. B
   a) Chulsoo was respected by the villagers for his kindness and fairness.
2. A
   i) False; The first rays of the sunlight made the grass sparkle like diamonds.
   ii) False; The birds charp harmoniously, creating melodious tune.
   iii) True
   iv) False; People were starting teir day slowly
   v) False, The distant sound of the temple bell added sacred touch to the morning.

**(h) Rubrics for marking item no 8: Writing a CV**

| CATEGORY | **4** | **3** | **2** | **1** |
|---|---|---|---|---|
| **Career objectives** | Detailed objectives written with no errors. | Detailed objectives written with few errors. | A few objectives written with few errors. | Objectives are not clear. |
| | 6 | 4 | 3 | 2 |
| **Other information and format** | All expected information are provided with clear format. | Some expected information are provided with clear format. | Few expected information are provided with clear format. | Information and format seem inconsistent. |

## Rubrics for marking item no 9 : Writing a paragraph

| CATEGORY | **4** | **3** | **2** | **1** |
|---|---|---|---|---|
| Title, topic sentence and concluding sentence | Title, topic sentence and concluding sentence are written properly | Title is ok but the topic sentence and concluding sentence are not clear with their purposes | Title is ok but the topic sentence and concluding sentence are not clear with their purposes, and text contains errors. | One of these is missing (title, topic sentence, concluding sentence) |
| | 6 | 4 | 3 | 2 |
| **Body** | Ideas are expressed in a clear and organized fashion. It is easy to figure out what it is about. Cohesive devices are used properly. | Ideas are expressed in a pretty clear manner but the organization could have been better. Cohesive devices are used properly. | Ideas are somewhat organized, but are not very clear. It takes more than one reading to figure out what it is about. | The paragraph seems to be a collection of unrelated sentences. It is very difficult to figure out what it is about. |

## Rubrics for marking item no 10: Writing a formal letter

| CATEGORY | **4** | **3** | **2** | **1** |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| **Salutation, Closing and Format** | Salutation and closing and the use of formal tone, and proper format. (have no errors) | Salutation and closing and the use of formal tone, and proper format. (have 1 error) | Salutation and closing and the use of formal tone, and proper format. (have 2 errors) | Salutation and closing and the use of formal tone, and proper format. (have more than 2 errors) |
| | 6 | 4 | 3 | 2 |
| **Body** | Ideas are expressed in a clear and organized fashion. It is easy to figure out what the letter is about. | Ideas are expressed in a pretty clear manner but the organization could have been better. | Ideas are somewhat organized, but were not very clear. It takes more than one reading to figure out what the letter is about. | The letter seems to be a collection of unrelated sentences. It is very difficult to figure out what the letter is about. |

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা
## বিষয়: হিন্দু ধর্ম শিক্ষা
### শ্রেণি : অষ্টম

**(ক) প্রশ্ন প্রণয়ন সংক্রান্ত বিষয়ভিত্তিক নির্দেশনা** :

- বার্ষিক পরীক্ষার জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টণ ও প্রশ্নের ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে;
- বহুনির্বাচনী প্রশ্নের ক্ষেত্রে সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবেনা, শিক্ষার্থীকে যেন ভেবে বা চিন্তা করে উত্তর দিতে হয়, এমন প্রশ্ন করতে হবে। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না;
- এক কথায় উত্তরের ক্ষেত্রে প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে);
- সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও লক্ষ রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে এমন হতে হবে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন... কী, উদাহরণ দাও, ইত্যাদি)
- বিস্তারিত উত্তর প্রশ্নের (প্রেক্ষাপট নির্ভর ছাড়া) পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে যেন উত্তর প্রদান করতে পারে, এমন হতে হবে;
- প্রেক্ষাপটনির্ভর প্রশ্নের ক্ষেত্রে, যা শিক্ষার্থী ইতিপূর্বে পাঠ্যপুস্তকে অভিজ্ঞতার মাধ্যমে সম্পন্ন করেছে, তার আলোকে থাকবে, কিন্তু হুবহু মিল থাকবে না; পরিস্থিতি নতুন হবে, এমন ধরনের প্রেক্ষাপট তুলে ধরতে হবে। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কাজগুলোর মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীকে উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, পরিস্থিতি বা প্রেক্ষিত ভিন্নধর্মী হবে।

**(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যসূচি/সিলেবাস**

| ক্রমিক নম্বর | অধ্যায়/অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| প্রথম অধ্যায়: | প্রথম পরিচ্ছেদ : হিন্দু ধর্মের মৌলিক বিষয়াবলি | ১ - ১১ |
| | দ্বিতীয় পরিচ্ছেদ; শ্রীমদ্ভগবত গীতার বিষয়বস্তু | ১২ - ১৪ |
| দ্বিতীয় অধ্যায় | দ্বিতীয় পরিচ্ছেদ: ধর্মাচার ও পূজা- অর্চনা | ৩৭ - ৪৬ |
| তৃতীয় অধ্যায় | দ্বিতীয় পরিচ্ছেদ: আদর্শ জীবনচরিত ও ধর্মীয় সেবামূলক প্রতিষ্ঠান : হরিচাঁদ ঠাকুর, মা আনন্দময়ী, শ্রীল ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদ, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন, শ্রী অঞ্জান | ৮০ – ৯০<br>৯৯ - ১০৮ |
| | পরমত সহিষ্ণুতা | ১১২ -১২৩ |

**(গ) মূল্যায়ন কাঠামো** (গুরুত্ব বা Weightage)

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবন্টন**

| **আইটেমের নাম (Item type)** | **নির্ধারিত নম্বর** |
|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (যেমন: শ্রেণিকক্ষে যেকোন একটি যোগাসন অনুশীলন প্রদর্শন) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প /প্রতিবেদন – (যেমন: নিজের জীবনে কীভাবে পরমতসহিষ্ণুতা অনুশীলন করব তার একটি ভাবনা লিখে শ্রেণি শিক্ষকের নিকট জমা দান ) | ১০ |
| শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন) - (যেমন: গীতার যোগ) | ১০ |
| মোট | ৩০ |

**(ঙ) বার্ষিক পরীক্ষার প্রশ্নের ধারা ও মানবণ্টন:**

অভীক্ষার ধরন: লিখিত ; পূর্ণনম্বর : ১০০

<table>
<tr><th>ক্রম</th><th colspan="2">আইটেমের নাম</th><th>প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা</th><th>উত্তর দিতে হবে</th><th>প্রতি প্রশ্নের জন্য বরাদ্দকৃত নম্বর</th><th>মোট নম্বর</th><th>সময়</th></tr>
<tr><td rowspan="2">১</td><td rowspan="2">নৈর্ব্যক্তিক প্রশ্ন</td><td>বহুনির্বাচনি প্রশ্ন</td><td>১৫</td><td>১৫</td><td>১</td><td>১×১৫ =১৫</td><td rowspan="5">৩ ঘন্টা</td></tr>
<tr><td>এক কথায় উত্তর</td><td>১০</td><td>১০</td><td>১</td><td>১×১০ =১০</td></tr>
<tr><td>২</td><td colspan="2">সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন</td><td>১০</td><td>১০</td><td>২</td><td>২×১০ =২০</td></tr>
<tr><td>৩</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)</td><td>৫</td><td>৩</td><td>৫</td><td>৫×৩ =১৫</td></tr>
<tr><td>৪</td><td colspan="2">রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে</td><td>৭</td><td>৫</td><td>৮</td><td>৮×৫ =৪০</td></tr>
<tr><td></td><td colspan="4">মোট</td><td></td><td>১০০</td><td></td></tr>
</table>

নমুনা প্রশ্নপত্র

| |
|---|
| এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না। |

# বিষয়: হিন্দুধর্ম শিক্ষা

## শ্রেণি : অষ্টম

সময়: ৩ ঘন্টা　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান-১০০

ক-বিভাগ

**১. বহুনির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তরটি খাতায় লেখ (১ থেকে ১৫ পর্যন্ত ) প্রতিটি প্রশ্নের মান সমান।**　　১x১৫ =১৫

(১) উপনিষদ কিসের অংশ?
(ক) গীতার　(খ) বেদের
(গ) চণ্ডীর　(ঘ) পুরানের

(২) ঋষি ভৃগু কার কাছে প্রশ্ন করেছিলেন?
(ক) মারীচ　(খ) বিশ্বামিত্র
(গ) বশিষ্ট　(ঘ) বরুণ

(৩)"ভোগ বর্জিত ত্যাগ" কোন আশ্রমের মূল মন্ত্র?
(ক) বানপ্রস্হ　(খ) ব্রহ্মচর্য
(গ) সন্ন্যাস　(ঘ) গার্হস্থ্য

(৪) তিনিই জ্ঞান লাভ করেন যিনি--
(i) অন্যকে শ্রদ্ধা করেন (ii) কর্মে সদা তৎপর থাকেন (iii) সংযত জীবন যাপন করেন
নিচের কোনটি সঠিক?
‘(ক) i ও ii
(খ) ii ও iii
(গ) i ও iii
ঘ) i, ii ও iii

(৫) শ্রীমদ্ভগবদ গীতা কতটি অধ্যায়ে বিভক্ত?
(ক) ৮টি　(খ) ১০টি
(গ) ১২টি　(ঘ) ১৮টি

(৬) "'ক্ষর' শব্দের অর্থ কী?
(ক) অবিনাশ　(খ) শব্দ
(গ) পদার্থ　(ঘ) বিনাশ

(৭) কোন দেবতা নবগ্রহের অন্তর্ভুক্ত?
(ক) ইন্দ্র　(খ) দুর্গা
(গ) মনসা　(ঘ) শনি

(৮) হরিচাঁদ ঠাকুরের অনুসারীদের কী বলা হয়?
(ক) শাক্ত　(খ) বৈষ্ণব
(গ) মতুয়া　(ঘ) ভক্ত

(৯) ----------- সাধু সাজবে না। শূন্যস্থানে কী হবে?
(ক) বহিরঙ্গে　(খ) মনে
(গ) অনুষ্ঠানে　(ঘ) পূজায়

(১০) 'শ্রীশ্রী হরিলীলামৃত' গ্রন্থটি কে রচনা করেন?
(ক) গুরুচাঁদ ঠাকুর　(খ) তারকচন্দ্র সরকার
(গ) গোলক চন্দ্র　(ঘ) রামকৃষ্ণ

(১১) মা আনন্দময়ীর আদি আশ্রম কোথায় প্রতিষ্ঠিত হয়েছিল?
(ক) রমনায়　(খ) সিদ্ধেশ্বরীতে
(গ) সূত্রাপুরে　(ঘ) লালবাগে

(১২)' জগৎ নৃত্যময়' এটি কে বলেছেন ?

(ক) শ্রীল প্রভুপাদ (খ) প্রভু জগদ্বন্ধু

(গ) মা আনন্দময়ী (ঘ) রানী রাসমনি

(১৩) গৌড়ীয় বৈষ্ণব সমাজ প্রভুপাদকে কী উপাধিতে ভূষিত করেছিলেন?

(ক) বৈষ্ণব (খ) বেদান্ত গুরু

(গ) ভক্তি বেদান্ত (ঘ) বেদান্ত বৈষ্ণব

(১৪) কত সালে রামকৃষ্ণ মিশন বেলুড় মঠে স্থানান্তরিত হয়?

(ক) ১৮১৭ (খ) ১৮৫৬

(গ) ১৮৮৯ (ঘ) ১৮৯৯

১৫. মনুসংহিতা অনুসারে ধর্মের লক্ষণ কয়টি?

(ক) ৩ টি (খ) ৬ টি

(গ) ১০ টি (ঘ) ১২ টি

**২. এক কথায় উত্তর দাও** (১ থেকে ১০ পর্যন্ত ) প্রতিটি প্রশ্নের মান সমান। **১X১০ =১০**

(ক) মৃত্যুর পর আবার জন্ম নেয়াকে কি বলা হয়?
(খ) যোগ শব্দের অর্থ কী?
(গ) ব্রহ্মচর্য বলতে কী বোঝায়?
(ঘ) কয় ভাবে ঈশ্বরের উপাসনা করা হয়?
(ঙ) পূজা শব্দের অর্থ কী?
(চ) পরমেশ্বরের প্রতি ভালবাসাকে কী বলে?
(ছ) ধর্ম, আর্থ, কাম ও মোক্ষ - এ চারটিকে একত্রে কী বলে?
(জ) কে আন্তর্জাতিক কৃষ্ণভাবনামৃত সংঘ প্রতিষ্ঠা করেছিলেন?
(ঝ) শ্রী রামকৃষ্ণ পরমহংসদেবের মাতার নাম কী?
(ঞ) বাংলাদেশে মহানাম সম্প্রদায়ের কেন্দ্রীয় আশ্রমের নাম কী?

## খ-বিভাগ: রচনামূলক অংশ

**৩. সংক্ষেপে উত্তর দাও ( প্রতিটি প্রশ্নের মান ২)** ২X১০ =২০

(ক) অবতার কাকে বলে বর্ণনা কর
(খ) শনি পূজা কোনো করা হয়?
(ঘ) মোক্ষলাভ বলতে কী বোঝায়?
(ঘ) অর্জুনবিষাদযোগ বলতে কী?
(ঙ) ধর্মাচার সম্পর্কে বর্ণনা কর।
(চ) ভক্তদের প্রতি হরিচাঁদ ঠাকুরের যে কোনো ৪টা উপদেশ লিখ।
(ছ) ব্রহ্ম বলতে কী?
(জ) 'পাথর দেখলে বিগ্রহ নেই আর বিগ্রহ দেখলে পাথর নেই' – বলতে কী বোঝায়?
(ঝ) বানপ্রস্থ বলতে কী বোঝায়?
(ঞ) কূপমন্ডুকতা বলতে কী বোঝায়?

**৪. যে কোনো ৩টি প্রশ্নের উত্তর দাও । (প্রতিটি প্রশ্নের মান ৫)** ৩x৫ =১৫

(ক) কুরুক্ষেত্রের যুদ্ধের কারণ কী? ব্যাখ্যা কর।
(খ) মনসা দেবীর প্রণাম মন্ত্র সরলার্থসহ লেখ।
(গ) কিভাবে দেব-দেবীর পূজা করা হয়? সংক্ষেপে লেখ।
(ঘ) অবতার কাকে বলে? ব্যাখ্যা কর
(ঙ) যোগাসনের গুরুত্ব লেখ।

**৫. বর্ণিত দৃশ্যপটের আলোকে নিচের যে কোনো ৫টি প্রশ্নের উত্তর দাও** **৫X৮=৪০** (১)

**ক.** তুমি বন্ধুর জন্মদিনের উৎসবে গীতা পাঠ করেছো। সেখানে মঞ্চে দাঁড়িয়ে গীতার একটি শ্লোক এবং বাংলা অর্থ পাঠ করে তুমি মঞ্চ ত্যাগ করেছো।

(১) গীতা পাঠ বিধি অনুসারে তুমি কোন কোন ধাপে ভুল করেছো? ৩

(২) পাঠ্য পুস্তকের আলোকে সঠিক গীতা পাঠ পদ্ধতি বর্ণনা কর। ৫

**খ.** সমীর পাশের গ্রামে এক স্যারের বাড়িতে থেকে পড়ালেখা করে, এবং যতদিন পড়ালেখা শেষ না হয় ঐখানেই থাকবে বলে জানায়। সে আরও জানায় ঐ বাড়ির একজন গুরুজন সারা বছর বিভিন্ন মন্দিরে পরিদর্শণ করে কাটিয়ে দেন।

(১) ক) সমীরের শিক্ষা প্রক্রিয়াটি যুগধর্মের কোন ভাগকে নির্দেশ করে তা বর্ণনা কর। ৪

(২) দৃশ্যপটে বর্ণিত গুরুজনের সাথে জীবনের কোন ভাগের শিল খুঁজে পাও তা ব্যাখ্যা কর। ৪

**গ.** মিতাদের বাড়িতে প্রতি বছর শ্রাবণ মাসে এক পূজা অনুষ্ঠিত হয় উক্ত দেবীর পরনে সূর্যের মতো লাল কাপড় থাকেএবং তিনি হাঁসের উপর বসে থাকেন। অন্যদিকে তমাদের গ্রামের মন্দিরে প্রতি শনিবারে এক বিশেষ দেবতার পূজা করা হয়। উক্ত দেবতার পূজার জন্য লৌহ-আসন, লৌহ-পাত্র, লৌহ-ঘট ইত্যাদির দরকার হয়। পূজা শেষে পাঁচালী পাঠ করে প্রসাদ বিতরণ করা হয়।

(১) মিতাদের বাড়িতে যে দেবীর পূজা হয় সেই দেবীর বর্ণনা কর। ৩

(২) তমাদের গ্রামের মন্দিরে যে দেবতার পূজা করা হয় জগতের কল্যাণ কামনায় উক্ত পূজার গুরুত্ব বিশ্লেষণ কর ৫

**ঘ.** সমাজের পিছিয়ে পড়া, নিপীড়িত মানুষের জন্য একজন মহাপুরুষ আজীবন কাজ করেছেন। তিনি তাঁর অনুসারীদের জন্য ১২টি উপদেশ দিয়েছেন।

(১) এই মহাপুরুষের প্রবর্তিত মতবাদ সম্পর্কে লেখ। ৩

(২) ধর্ম ও মানব কল্যাণে এই মহাপুরুষের অবদান বর্ণনা কর। ৫

**ঙ.** রুচিরা যৌথ পরিবারে বাস করলেও ওদের বাড়িতে কখনও ঝগড়া বিবাদ ঘটে না। তারা সকলে সুখে শান্তিতে বসবাস করে।

(১) রুচিরাদের পরিবারে নৈতিক মূল্যবোধের কোন গুনটি পরিলক্ষিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

(২) উক্ত গুনটির আলোকে তোমার পাঠ্য বইয়ে বর্ণিত শ্রীরামকৃষ্ণ পরমহংস দেবের গল্পটির শিক্ষা বিশ্লেষণ কর। ৫

বি.দ্র: এভাবে আরো দুটি প্রশ্ন দিতে হবে।

## ১. বহুনির্বাচনী প্রশ্নের উত্তর

| | |
|---|---|
| (১) (খ) বেদের | (৯) (ক) বহিরঙ্গো |
| (২) (ঘ) বরুন | (১০) (খ) তারকচন্দ্র সরকার |
| (৩)(ক) বানপ্রস্থ | (১১) (খ) সিদ্ধেশ্বরীতে |
| (৪) (ঘ) i, ii ও iii | (১২) (গ) মা আনন্দময়ী |
| (৫) (ঘ) ১৮টি | (১৩) (গ) ভক্তি বেদান্ত |
| (৬) (ঘ) বিনাশ | (১৪) (গ) ১৮৮৯ |
| (৭) (ঘ) শনি | (১৫) (গ) ১০ টি |
| (৮) (গ) মতুয়া | |

## ২. এক কথায় উত্তর প্রশ্নের উত্তর

| | |
|---|---|
| (১) জন্মান্তর | (৬) ভক্তি |
| (২) সংযোগ বা মিলন | (৭) চর্তুবর্গ |
| (৩)পবিত্র বা সংযত জীবন যাপন | (৮) শ্রীল ভক্তিবেদান্ত স্বামী প্রভুপাদ |
| (৪) ২ভাবে | (৯) চন্দ্রমনি দেবী |
| (৫ )শ্রদ্ধা জ্ঞাপন করা | (১০) শ্রী অঞ্জান |

**৩. একটি দৃশ্যপটনির্ভর প্রশ্নের রুব্রিক্স**

নমুনা প্রশ্ন ৫ (গ) : মিতাদের বাড়িতে প্রতি বছর শ্রাবণ মাসে এক পূজা অনুষ্ঠিত হয় উক্ত দেবীর পরনে সূর্যের মতো লাল কাপড় থাকে এবং তিনি হাঁসের উপর বসে থাকেন।
তমাদের গ্রামের মন্দিরে প্রতি শনিবারে এক বিশেষ দেবতার পূজা করা হয়। উক্ত দেবতার পূজার জন্য লৌহ-আসন, লৌহ-পাত্র, লৌহ-ঘট ইত্যাদির দরকার হয়। পূজা শেষে পাঁচালী পাঠ করে প্রসাদ বিতরণ করা হয়।
(ক) মিতাদের বাড়িতে যে দেবী পূজা হয় সেই দেবীর বর্ণনা কর। ৩
(খ) তমাদের গ্রামের মন্দিরে যে দেবতার পূজা করা হয় জগতের কল্যাণ কামনায় উক্ত পূজার গুরুত্ব বিশ্লেষণ কর ৫

নম্বর প্রদান নির্দেশিকা

৫ গ.(১) মিতাদের বাড়িতে যে দেবী পূজা হয় তা বর্ণনা কর।

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| গ.(১) | ৩ | মিতাদের বাড়ির পূজাকে মনষা পূজা হিসেবে চিহ্নিত করে মনষা দেবী ও তাঁর পূজা সম্পর্কে বর্ণনা করলে |
| | ২ | মনষা পূজা / মনষা দেবী সম্পর্কে বর্ণনা করলে |
| | ১ | মিতাদের বাড়ির পূজাকে মনষা পূজা হিসেবে চিহ্নিত করলে |
| | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে |

৫ গ.(২) তমাদের গ্রামের মন্দিরে যে দেবতার পূজা করা হয় জগতের কল্যাণ কামনায় উক্ত পূজার গুরুত্ব বিশ্লেষণ কর

৫ গ.(২): নম্বর প্রদান নির্দেশিকা

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
|---|---|---|
| গ.(২) | ৫ | তমাদের বাড়ির পূজাকে শনিদেবের পূজা হিসেবে চিহ্নিত করে জগতের কল্যান কামনায় শনি পূজার গুরুত্ব সম্পর্কে বিস্তারিত বর্ণনা করলে |
| | ৪ | তমাদের বাড়ির পূজাকে শনিদেবের পূজা হিসেবে চিহ্নিত করে জগতের কল্যান কামনায় শনি পূজার গুরুত্ব সম্পর্কে আংশিক বর্ণনা করলে |
| | ৩ | তমাদের বাড়ির পূজাকে শনিদেবের পূজা হিসেবে চিহ্নিত করে শনিপূজা / শনিদেব সম্পর্কে লিখলে |
| | ২ | শনিপূজা / শনিদেব সম্পর্কে লিখলে |
| | ১ | তমাদের বাড়ির পূজাকে শনিদেবের পূজা হিসেবে চিহ্নিত করলে |
| | ০ | উত্তর অপ্রাসঙ্গিক হলে |

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন নির্দেশিকা ২০২৪

## বিষয়: ইসলাম শিক্ষা

## শ্রেণি: অষ্টম


| ক্রম | এক নজরে নির্দেশিকার বিষয়বস্তু | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ক. | বার্ষিক পরীক্ষার সিলেবাস | ১ |
| খ. | মূল্যায়ন কাঠামো | ২ |
| গ. | প্রশ্নের ধারা ও মানবণ্টন | ২ |
| ঘ. | প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয় শিক্ষকের জন্য নির্দেশনা | ৩ |
| ঙ. | শিখনকালীন মূল্যায়ন | ৪ |
| চ. | নমুনা প্রশ্ন | ৫ |
| ছ. | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) (রচনামূলক) | ৮ |


**(ক) বার্ষিক পরীক্ষার সিলেবাস**

| অধ্যায় | বিষয়বস্তু | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ম অধ্যায় | আখিরাতের প্রতি ইমান: কিয়ামাত, তাকদিরের প্রতি ইমান, শাফা'আত, শিরক | ১৫-থেকে ২৭ পর্যন্ত |
| ২য় অধ্যায় | সাওম, যাকাত, হজ | ৩৫ থেকে ৭২ পর্যন্ত |
| ৩য় অধ্যায় | সূরা আল-কাওসার , সূরা আল-মাউন, সূরা আল-কুরাইশ আল-হাদিস | ৮৪ থেকে ৯১ ও ১০১ থেকে ১০৯ পর্যন্ত |
| ৪র্থ অধ্যায় | সম্পূর্ণ | ১১০ থেকে ১৩৩ পর্যন্ত |
| ৫ম অধ্যায় | মহানবি হযরত মুহাম্মাদ (সা.)<br>হযরত ফাতিমা (রা.)<br>হযরত শাহজালাল (রহ.) | ১৩৪ থেকে ১৪৩ পর্যন্ত<br>১৪৮ থেকে ১৫১ পর্যন্ত |
| ৬ষ্ঠ অধ্যায় | সম্পূর্ণ | ১৫২ থেকে ১৫৫ পর্যন্ত |

## (খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

## (গ) প্রশ্নের ধারা ও মানবণ্টন

### (i) সামষ্টিক মূল্যায়ন

অভীক্ষার ধরন: লিখিত ;  পূর্ণনম্বর : ১০০

| আইটেমের নাম (Item name) | প্রশ্নের সংখ্যা | মোট নম্বর | সময় |
|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (এমসিকিউ ১৫টি) | ১৫টি | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| নৈর্ব্যক্তিক প্রশ্ন (এক কথায় উত্তর ১০টি) | ১০টি | ১×১০=১০ | |
| সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন (Short question) (৫টি থেকে ৫টির উত্তর দিতে হবে) | ৫টি | ৫×৫ =২৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন ও দৃশ্যপটসহ) | ৫টি<br>(৮টি থেকে) | ১০×৫ =৫০ | |
| | মোট | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করতে হবে।

| (ঘ) প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত বিষয় শিক্ষকের জন্য নির্দেশনা | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | **আইটেমের ধরন** | **প্রশ্নের মান** | **প্রশ্নের সংখ্যা** | **মোট নম্বর** | **প্রত্যাশিত সময়** | **মন্তব্য** |
| ১ | ক. বহুনির্বাচনী প্রশ্ন (জ্ঞান ও বোধগম্যতা স্তরের দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপট নির্ভর) | ১ | ১৫ টি | ১×১৫=১৫ | ১৫ মিনিট | • ১ অথবা ০ পাবে<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ২ | খ. এক কথায় উত্তর (জ্ঞান ও অনুধাবন স্তরের) | ১ | ১০ টি | ১×১০=১০ | ১৫ মিনিট | • জ্ঞান ও বোধগম্যতা যাচাইয়ের জন্য<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ৩ | গ. সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | ৫ | ৫টি | ৫×৫=২৫ | ৪০ মিনিট | প্রযোজ্য ক্ষেত্রে<br>• জ্ঞান ও বোধগম্যতা যাচাইয়ের জন্য<br>• কোনো বিকল্প প্রশ্ন থাকবেনা |
| ৪ | ঘ. রচনামূলক প্রশ্ন- (সকল দক্ষতা স্তরের দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপট নির্ভর) | ১০ | ৫টি | ১০×৫ | ১১০ মিনিট | প্রযোজ্য ক্ষেত্রে<br>• জানা বিষয়কে বাস্তব পরিস্থিতিতে প্রয়োগ করতে পারার দক্ষতা (জেনে ও বুঝে প্রয়োগ করতে পারা)<br>• ইসলামের বিধি বিধানকে উপাদানে ভেঙে যোগসূত্র স্থাপন করা (বিশ্লেষণ,সংশ্লেষণ)<br>• নিজের ও সমাজের করণীয় লিখতে পারা (মূল্যায়ন ও সৃজনশীলতা)<br>• প্রতিফলন<br>• সৃজন/প্রণয়নধর্মী<br>• অনুসন্ধানী<br>• চিন্তামূলক<br>• কেন্দ্রচ্যুতিমূলক<br>• কেইস স্টাডি বা বিশ্লেষণ ধরনের প্রশ্ন অন্তর্ভূক্ত থাকবে।<br>• ৮টি প্রশ্নের মধ্যে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। |
| | | | | **১০০** | **৩ ঘন্টা** | |
| | | | | | | |

## (ঙ) শিখনকালীন মূল্যায়ন

| আইটেমের নাম (Item type) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **এসাইনমেন্ট/ প্রতিবেদন**<br>**এসাইনমেন্ট নমুনা: (একক কাজ)** শিরক হতে পারে এমন কথা কাজ ও আচরণসমূহের একটি তালিকা প্রণয়ন করে এ প্রসঙ্গে তোমার মতের সমর্থনে ইসলামের নির্দেশনা তুলে ধর। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ২৫) | ১০ |
| **শ্রেণির কাজ**<br>(পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লো চার্ট অংকন) - একটি করে নমুনাসহ<br>**নমুনা: (দলগত কাজ)** শিক্ষার্থীরা কয়েকটি দলে বিভক্ত হয়ে হাদিসের বিভিন্ন শ্রেণি বিভাগ উল্লেখ করে একটি ছক তৈরি করবে। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ১০৪) | ১০ |
| **ব্যবহারিক কাজ বা অনুশীলন**<br>সিলেবাসের সূরা তিলাওয়াত/ সালাত ও হজের কার্যক্রম অনুশীলন<br><br>**নমুনা:** সূরা আল-কুরাইশ বিশুদ্ধ তিলাওয়াত করে শোনাও। (পাঠ্যপুস্তক, পৃষ্ঠা নং ৯৫) | ১০ |
| মোট | ৩০ |

বি. দ্র: : *(ক) শিখনকালীন মূল্যায়ন কার্যক্রম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে।

(খ) শিখনকালীন মূল্যায়নের জন্য সংগৃহীত রেকর্ডসমূহের কপি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

(গ) শিখনকালীন মূল্যায়ন পরিচালনার জন্য বিষয়ভিত্তিক নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

## (চ) নমুনা প্রশ্নপত্র

| |
|---|
| এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না |

বার্ষিক সামষ্টিক মূল্যায়ন-২০২৪
বিষয়: ইসলাম শিক্ষা
শ্রেণি: অষ্টম
সময়: ৩ ঘন্টা
পূর্ণমান: ১০০

[প্রশ্নের মান ডান পাশে দেখানো হয়েছে]

**বিভাগ-ক (বহুনির্বাচনী প্রশ্ন) (১×১৫=১৫)**

**নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখ**

| | | **সঠিক উত্তর** |
|---|---|---|
| ১. | শিরক শব্দের অর্থ__________।<br>(ক) অবিশ্বাস করা (খ) অংশীদার সাব্যস্ত করা<br>(গ) কপটতা করা (ঘ) গোপন করা | (অংশীদার সাব্যস্ত করা) |
| ২. | তাওরাত কিতাব কখন নাযিল হয়?<br>(ক) ষষ্ঠ রমযান (খ) সপ্তম রমযান<br>(গ) অষ্টম রমযান (ঘ) নবম রমযান | (ষষ্ঠ রমযান) |
| ৩. | হযরত ইবরাহীম (আ)-এর সময়ে মানুষেরা হজ পালন করতে গিয়ে আভিজাত্য বজায় রাখার জন্য আরাফায় অবস্থান না করে কোথায় অবস্থান করতো ?<br>(ক) মিনায় (খ) মুজদালিফায়<br>(গ) যুল-হুলাইফায় (ঘ) ইয়ালামলামে | (মুজদালিফায়) |
| ৪. | হজ ও ওমরার জন্য বায়তুল্লাহ যাওয়ার পথে মিকাত অতিক্রম করার আগে ইহরাম বাঁধা কী?<br>(ক) ফরয (খ) ওয়াজিব<br>(গ) সুন্নাত (ঘ) মুস্তাহাব | (ওয়াজিব) |
| ৫. | সূরা আল-মাউনে উল্লেখিত ‘সাহুন’ শব্দের অর্থ কী?<br>(ক) উদাসীন (খ) সাম্প্রদায়িক<br>(গ) আন্তরিক (ঘ) অসাম্প্রদায়িক | (উদাসীন) |
| ৬. | কোন সূরায় শিরককে চরম যুলুম বলা হয়েছে?<br>(ক) সূরা বাকারা (খ) সূরা লুকমান<br>(গ) সূরা আলে ইমরান (ঘ) সূরা ইয়াসিন | (সূরা লুকমান) |
| ৭. | বেগম তাহমিনার ৮৯৫০০০ টাকার ২.৫% হারে বছর শেষে কত টাকা যাকাত দিতে হবে? | (২২৩৭৫) |

(ক) ২০৬৬০ (খ) ২২৩৭৫
(গ) ২২৯৮০ (ঘ) ২১২২৫

৮. হাদিসে মুতাওয়াতির হওয়ার জন্য কয়টি শর্ত থাকা বাঞ্চনীয়? (৪টি)

(ক) ২টি (খ) ৩টি)
(গ) ৪টি (ঘ) ৫টি

৯. অপচয় ও কৃপণতা এ দুই প্রান্তিকতার মাঝখান হলো__________। (মিতব্যয়িতা)
(ক) মিতব্যয়িতা (খ) সফলতা
(গ) নিত্যব্যয়িতা (ঘ) অধিক ব্যয়িতা

১০. নিশ্চয় যারা মানুষকে অন্যায়ভাবে কষ্ট দেয়, আল্লাহ তায়ালা তাদের শাস্তি প্রদান করবেন- এটি কোন হাদিস গ্রন্থে বর্ণিত হয়েছে? (মুসলিম)
(ক) বুখারি (খ) মুসলিম
(গ) তিরমিযি (ঘ) নাসাঈ

১১. হিযরতের সময় মহানবি (সা.) কুবা নামক স্থানে কতদিন অবস্থান করেছিলেন? (৪ দিন)
(ক) ১ দিন (খ) ২ দিন
(গ) ৩ দিন (ঘ) ৪ দিন

১২. হযরত শাহজালাল (রহ.) কতজন সঙ্গীসহ বাংলায় আগমন করেন? (৩৬০ জন)
(ক) ২৫০ জন (খ) ৩৬০ জন
(গ) ৪৬০ জন (ঘ) ৫৬০ জন

১৩. কোন যুদ্ধে পরিখা খননের মাধ্যমে কাফিরদের মোকাবিলা করা হয়েছিলো? (খন্দক যুদ্ধে)
(ক) বদর যুদ্ধে (খ) ওহুদ যুদ্ধে
(গ) খন্দক যুদ্ধে (ঘ) তাবুক যুদ্ধে

১৪. সূরা কুরাইশ আল-কুরআনের কততম সূরা? (১০৬তম)

(ক) ১০৪তম (খ) ১০৫তম
(গ) ১০৬তম (ঘ) ১০৭তম

১৫. 'যে ব্যক্তি পরিমিত ব্যয় করে সে নিঃস্ব হয় না' এটি__________। (হাদিসের বাণী)
(ক) কুরআনের বাণী (খ) হাদিসের বাণী
(গ) মনীষীদের বাণী (ঘ) সুফিদের বাণী

## বিভাগ-খ (এক কথায় উত্তর) ১০×১ =১০

**নিচের প্রশ্নগুলোর উত্তর খাতায় লিখ**

**সঠিক উত্তর**

১. তাওহিদ এর বিপরীত পরিভাষা কী? (শিরক)
২. পরিবর্তনযোগ্য তাকদিরকে আরবিতে বলা হয়__________। (তাকদিরে মুয়াল্লাক)
৩. কেউ যদি হজের ওয়াজিব আদায়ে ভুল করে, তা সংশোধনের জন্য কী করতে হয়? (দম দিতে হয়)
৪. মুসলমানরা মদিনায় হিজরতের পরে কত বছর হজ পালন করতে পারেননি? (৬ বছর)
৫. রাসুলুল্লাহ (সা.)-কে যারা নির্বংশ বলে উপহাস করতো তাদের মধ্যে কার নাম বিশেষভাবে উল্লেখযোগ্য? (আস ইবনে ওয়ায়েল)
৬. 'আল-মা'উন' শব্দের অর্থ কী? (গৃহস্থালীর প্রয়োজনীয় ছোট-খাট জিনিস)

৭. মুসলিম সমাজ ব্যবস্থায় প্রতিবন্ধী ব্যক্তির দায়িত্ব নেওয়ার ইসলামি বিধান কী? (ফরযে কেফায়া)

৮. এক মুসলিমের উপর অপর মুসলিমের কয়টি হক রয়েছে ? (৬টি)

৯. হযরত ফাতিমা (রা.) এর গৃহ পরিচারিকার নাম কী? (ফিদ্দা )

১০. ইসলামে পরমতসহিষ্ণুতার প্রকৃত উদাহরণ__________। (মদিনা সনদ)

## বিভাগ-গ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন)

**নিচের প্রশ্নগুলোর সংক্ষেপে উত্তর দাও (৫×৫=২৫)**

১. শাফায়াত কাকে বলে? শাফায়াত সম্পর্কে আল কুরআনের একটি বাণী উল্লেখ কর। (২+৩) ৫

২. যাকাতের নিসাব বলতে কী বুঝায়? উদাহরণসহ লিখ। (২+৩) ৫

৩. ‘সর্বশ্রেষ্ঠ মানুষ সেই ব্যক্তি, যে মানুষের জন্য সবচেয়ে বেশি উপকারী’- হাদিসটি ব্যাখ্যা কর। ৫

৪. তোমার পরিবারের কেউ অসুস্থ হলে তার সেবায় তুমি কী কী করবে? ৫

৫. কুরআনে আল্লাহ তা‘আলা হুদায়বিয়ার সন্ধিকে ‘ফাতহুম মুবিন’ বা প্রকাশ্য বিজয় বলে আখ্যা দিয়েছেন কেন? ৫

## বিভাগ-ঘ (রচনামূলক প্রশ্ন)

**যেকোন ৫টি প্রশ্নের উত্তর দাও ৫×১০=৫০**

১. উমর (রা.) এর আমলে চুরির অপরাধে এক ব্যক্তির হাত কাটার নির্দেশ দেওয়া হয়। ঐ ব্যক্তি উমর (রা.) এর কাছে গিয়ে বলল: আল্লাহর ইচ্ছা ছাড়া কিছু হয় না। আমি তাঁর ইচ্ছায়ই চুরি করেছি। আমার হাত কাটা যাবে কেন? উমর (রা.) বললেন: তুমি যেমন আল্লাহর ইচ্ছায় চুরি করেছ, তেমনি তোমার হাত আল্লাহর ইচ্ছায়ই কাটা হবে।’ এ প্রসঙ্গে ইসলামি আকিদার স্বরুপ ব্যাখ্যা কর। ১০

২. জনৈক মুসলিম নারী ছেলে সন্তান লাভের জন্য মাজারে টাকা মানত করে এবং পীরকে সিজদাহ করে। ইসলামি আকিদা বা বিশ্বাস মতে তার এ কাজটি কিসের অন্তর্ভুক্ত? এ কাজের পরিণাম ও প্রতিকার তুলে ধরো। (১+৫+৪) ১০

৩. সাওম পালনের মাধ্যমে তুমি কীভাবে তাকওয়া অর্জন করবে এবং সে অনুযায়ী জীবন গঠন করবে-ব্যাখ্যা কর। (৪+৬) ১০

৪. ‘শরিয়তের বিধান প্রবর্তন ও মূলনীতি নির্ধারণের ক্ষেত্রে কুরআনের সাথে হাদিসের গুরুত্ব অপরিসীম’-কেন এবং কীভাবে? ১০

৫. প্রতিদান দিবসকে অস্বীকার করা এবং লোক দেখানো সালাত আদায় করা কাদের কাজ? এ সংশ্লিষ্ট সূরাটির অনুবাদ করো এবং এর আলোকে তোমার বাস্তব জীবনে করণীয় কী লিখ। (২+৪+৪) ১০

৬. মহানবি (সা.) মদিনা ও এর আশেপাশের অঞ্চলসমূহের সকল ধর্মের লোকদের নিয়ে একটি যুগান্তকারী সনদ প্রণয়ন করেন। উক্ত সনদের যেকোনো ৫টি ধারা উল্লেখপূর্বক ধর্মীয় সহাবস্থানের ক্ষেত্রে এ ধারাগুলোর তাৎপর্য ব্যাখ্যা কর। (৫+৫) ১০

৭. হযরত ফাতিমা (রা.) এর যাপিত জীবন সকল মুসলিম নারীর জন্য অনুসরণীয় আদর্শ- উক্তিটির যথার্থতা মূল্যায়ন কর। ১০

৮. পরমতসহিষ্ণুতা কী? পরমতসহিষ্ণুতার ব্যাপারে ইসলামের অবস্থান উদাহরণসহ তুলে ধর। (২+৮) ১০

**(ছ) মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

প্রশ্ন ৫ : প্রতিদান দিবসকে অস্বীকার করা এবং লোক দেখানো সালাত আদায় করা কাদের কাজ? সংশ্লিষ্ট সূরাটির অনুবাদ করো এবং এর আলোকে বাস্তব জীবনে করনীয় কী লেখ।

| মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | | | | | | | প্রাপ্ত নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| নির্দেশক | | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | | | |
| | | ৪ | ৩ | ২ | ১ | ০ | | |
| ক | সূরা মাউনের পরিচয় | - | - | যথাযথভাবে সূরা মাউনের পরিচয় লিখতে পারলে | আংশিকভাবে সূরা মাউনের পরিচয় লিখতে পারলে | | ২ | |
| খ | সূরার অনুবাদ | সূরা মাউনের ৭টি আয়াতের অনুবাদ যথাযথভাবে লিখতে পারলে | সূরা মাউনের ৫/৬টি আয়াতের অনুবাদ যথাযথভাবে লিখতে পারলে | সূরা মাউনের ৩/৪ টি আয়াতের অনুবাদ যথাযথভাবে লিখতে পারলে | সূরা মাউনের ২/১ টি আয়াতের অনুবাদ যথাযথভাবে লিখতে পারলে | | ৪ | |
| গ | সূরার শিক্ষা | সূরার শিক্ষা যথাযথভাবে উপস্থাপন করলে | সূরার শিক্ষা অধিকাংশ উপস্থাপন করলে | ৩/৪ টি উপস্থাপন করলে | ২/১ টি উপস্থাপন করলে | | ৪ | |
| | | | | | | মোট | ১০ | |

# ২০২৪ শিক্ষাবর্ষের বার্ষিক সামষ্টিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা
## বিষয়: জীবন ও জীবিকা
## শ্রেণি: অষ্টম

**(ক) প্রশ্ন প্রণয়নের ক্ষেত্রে লক্ষণীয়**

- বার্ষিক মূল্যায়নের জন্য নির্ধারিত সিলেবাসের ভিত্তিতে প্রশ্ন প্রণয়ন করতে হবে; প্রতিটি অভিজ্ঞতা থেকে প্রশ্ন থাকতে হবে।
- বিষয়ভিত্তিক নির্দেশনায় উল্লিখিত মানবন্টন ও ধরন অনুসরণ করে প্রশ্ন প্রণয়ন করতে হবে।
- **বহুনির্বাচনি প্রশ্নের ক্ষেত্রে** সরাসরি পাঠ্যপুস্তক থেকে লাইন উল্লেখ করে প্রশ্ন দেওয়া যাবেনা। এমন প্রশ্ন করতে হবে যেন উত্তর দেওয়ার ক্ষেত্রে শিক্ষার্থীকে চিন্তা করতে হয়। তবে অপশনের ক্ষেত্রে একটিই সঠিক উত্তর থাকবে, একের অধিক উত্তর রাখা যাবে না।
- কোনো প্রশ্নে **'না' বোধক উত্তর চাওয়া হলে** সেটির ক্ষেত্রে উল্লিখিত শব্দটি গাঢ় (বোল্ড) এবং নিচে দাগ (আন্ডারলাইন) করে দিতে হবে, যাতে শিক্ষার্থীর নজর এড়িয়ে না যায় (যেমন, কোনটি **পরিত্যাজ্য,** কোনটি **নয়**, ইত্যাদি ক্ষেত্রে)
- **এক কথায় উত্তরের ক্ষেত্রে** প্রশ্নটি এমনভাবে করতে হবে, যেন এক বা দুই শব্দে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে (জ্ঞানমূলক বা তথ্যনির্ভর প্রশ্ন হতে পারে)।
- **সংক্ষিপ্ত প্রশ্নগুলোর ক্ষেত্রেও** লক্ষ রাখতে হবে যেন উত্তর সংক্ষিপ্ত হয় এবং সকল শিক্ষার্থী প্রায় একই ধরনের উত্তর প্রদান করে এমন প্রশ্ন হতে হবে (জ্ঞানমূলক ও অনুধাবনমূলক, যেমন- ... ... ... কী, উদাহরণ দাও, ইত্যাদি)।
- দুই ধরনের রচনামূলক প্রশ্ন করতে হবে- দৃশ্যপটবিহীন এবং দৃশ্যপটনির্ভর। **দৃশ্যপটবিহীন প্রশ্নগুলো** এমনভাবে করতে হবে যেন পাঠ্যপুস্তকে সন্নিবেশিত ব্যাখ্যা ও উদাহরণের আলোকে শিক্ষার্থী উত্তর প্রদান করতে পারে।
- **দৃশ্যপটনির্ভর প্রশ্ন** করতে হবে- শিক্ষার্থী ইতোপূর্বে পাঠ্যপুস্তকে সন্নিবেশিত যেসব অভিজ্ঞতা সম্পন্ন করেছে, তার আলোকে। অর্থাৎ পাঠ্যপুস্তকে সন্নিবেশিত কার্যক্রমের মাধ্যমে অর্জিত অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে শিক্ষার্থীকে উত্তর দিবে, তবে উদাহরণের পুনরাবৃত্তি হবে না, সম্পূর্ণ নতুন পরিস্থিতি বা ভিন্নধর্মী প্রেক্ষিত হতে হবে।

**(খ) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ০১ | আনন্দময় কাজের সন্ধানে | ১-২০ |
| ০২ | আর্থিক সেবা ও সুযোগের সাথে পরিচয় | ৮০-১০২ |
| ০৩ | কী আছে আমার মাঝে | ১০৩-১২২ |
| ০৪ | স্কিল কোর্স এক: ইকো ট্যুর গাইডিং | ১২৩-১৩৫ |
| ০৫ | স্কিল কোর্স দুই: কেয়ার গিভিং ২ | ১৩৬-১৬২ |

**(গ) মূল্যায়ন কাঠামো**

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**(ঘ) শিখনকালীন মূল্যায়ন**

| আইটেমের নাম (Iteam type) | নির্ধারিত নম্বর/ওয়েটেজ | নির্দেশনা |
|---|---|---|
| অ্যাসাইনমেন্ট/ব্যাবহারিক কাজ (Assignment/Practical)<br>**নমুনা:**<br>• অ্যাসাইনমেন্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১০, ১১৮, ১৪২, ১৫৪ তে দেওয়া একক কাজ<br>• ব্যাবহারিক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১২০, ১৩৩ (ক), ১৫৫ দেওয়া কাজ | ১০ | শিক্ষক প্রতিটি ক্যাটাগরিতে উল্লিখিত নমুনা কাজগুলো থেকে এক বা একাধিক কাজ শিখনকালীন মূল্যায়নের জন্য বেছে নিতে পারেন। অথবা নিজেদের সুযোগ সুবিধা অনুযায়ী সবকটি কাজও সম্পন্ন করতে পারেন। তবে সেক্ষেত্রে ক্যাটাগরি অনুযায়ী নির্ধারিত সবগুলো কাজের গড় নম্বরকে ৩০ নম্বরের মধ্যে উল্লেখ করা যেতে পারে। |
| অনুসন্ধানমূলক কাজ/প্রকল্প/প্রতিবেদন উপস্থাপন (inquisitive work, project proposal, report presentation)<br>**নমুনা:**<br>• প্রকল্প/প্রজেক্ট: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ১৪, ১৬০তে দেওয়া কাজ<br>• অনুসন্ধানমূলক কাজ: পাঠ্যপুস্তকের পৃষ্ঠা ৭, ১০০ তে দেওয়া একক কাজ | ১০ | |
| শ্রেণির কাজ<br>• পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, ফ্লোচার্ট অংকন ইত্যাদি | ১০ | |

**(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

| বিভাগ | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | প্রতি প্রশ্নে নম্বর | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ক | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ টি | ১৫ টি | ১ | ১×১৫=১৫ | ৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর প্রশ্ন | ১০ টি | ১০ টি | ১ | ১×১০=১০ | |
| খ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১০ টি | ১০ টি | ২ | ২×১০=২০ | |
| গ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ টি | ৩ টি | ৫ | ৫×৩=১৫ | |
| ঘ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি দৃশ্যপটের বিপরীতে দুটি অংশ থাকবে | | ৭ টি | ৫ টি | (৪+৪)=৮ | ৮×৫=৪০ | |
| | | | | | মোট | ১০০ | |

*১০০ নম্বরের মধ্যে শিক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।

**(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।**

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন ২০২৪

## বিষয়: জীবন ও জীবিকা

শ্রেণি: অষ্টম

পূর্ণমান: ১০০; সময়: ৩ ঘন্টা

---

## ক বিভাগ: নৈর্ব্যক্তিক

বহু নির্বাচনী প্রশ্ন: সঠিক উত্তর চিহ্নিত করে খাতায় লিখ (১-১৫ পর্যন্ত)। **১×১৫=১৫**

১। ইকোট্যুরের মূল লক্ষ্য কী?

(ক) পর্যটকের আকর্ষণ বৃদ্ধি
(খ) প্রকৃতির ব্যাঘাত না ঘটিয়ে সৌন্দর্য উপভোগ
(গ) প্রাকৃতিক পরিবেশের সৌন্দর্য বৃদ্ধি
(ঘ) ট্যুরের মাধ্যমে অর্থ উপার্জন

২। কোনটি অনলাইন ব্যাংকিং এর প্রধান সুবিধা ?

(ক) নির্দিষ্ট সময়ের মধ্যে লেনদেন
(খ) নির্দিষ্ট স্থানে লেনদেন
(গ) যেকোনো সময় লেনদেন
(ঘ) নির্দিষ্ট ব্যক্তির মাধ্যমে লেনদেন

৩। শেয়ার বাজার সম্পর্কে কোন তথ্যটি সঠিক **নয়**?

(ক) বিনিয়োগে ঝুঁকি বেশি
(খ) শেয়ারের মূল্য উঠা-নামা করে
(গ) সকল কোম্পানির শেয়ারই নিরাপদ
(ঘ) শেয়ার বিনিয়োগে লাভ বেশি

৪। পারিবারিক মজুদ খতিয়ান বা স্টক লেজার ব্যবহারের সুবিধা কোনটি?

(ক) পরিবারে পণ্যের মজুদের হালনাগাদ তথ্য থাকে
(খ) পরিবারে পণ্যের অপচয় বাড়ে
(গ) নতুন নতুন চাহিদা তৈরি হয়
(ঘ) পণ্য সংরক্ষণের পদ্ধতি জানা যায়

৫। শিক্ষা প্রতিষ্ঠানের একটি নিয়মিত অনুষ্ঠান (ইভেন্ট) 'একুশে ফেব্রুয়ারি: আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উদযাপনে নিচের কোন কাজটি উদ্ভাবনীমূলক বা ভিন্নধর্মী বলে মনে করো?

(ক) বাংলা কবিতা আবৃত্তির আয়োজন
(খ) ভাষা আন্দোলনের উপর অংকন প্রতিযোগিতা
(গ) ভাষা আন্দোলননির্ভর নাটিকা উপস্থাপন
(ঘ) সুবিধাবঞ্চিত শিশুদের প্রমিত বাংলা শেখানোর উদ্যোগ

৬। মজুদ খতিয়ানে নিচের কোন বিষয়টি উল্লেখ থাকে **না**?

(ক) প্রতিটি পণ্য কী পরিমাণ মজুদ আছে
(খ) কী পরিমাণ পণ্য ক্রয় করতে হবে
(গ) পাইকারি ক্রয়ের প্রয়োজনীয়তা সম্পর্কে তথ্য
(ঘ) ক্রয়কৃত পণ্য কী পরিমাণ ব্যবহার হয়েছে

৭। ইভেন্ট ম্যানেজমেন্টের ক্ষেত্রে একজন দলনেতার কোন অভ্যাসটি **পরিত্যাগ** করতে হবে?

(ক) দলের সবার মাঝে সঠিকভাবে দায়িত্ব বন্টন
(খ) সবার মতামতের প্রতি সহনশীল থাকা
(গ) কমিউনিকেশন গ্যাপ তৈরি করা
(ঘ) কাজের প্রতি একনিষ্ঠ ও সক্রিয় থাকা

৮। ফায়ার ড্রিলের বাহিনীতে আহত লোকদের উদ্ধারকারী দলকে কী দেখে শনাক্ত করা যাবে?

(ক) অ্যাপ্রনের পিছনে লাল রঙে 'আগুন' লেখা

(খ) অ্যাপ্রনের পিছনে লাল রঙে 'উদ্ধার' লেখা

(গ) অ্যাপ্রনের পিছনে লাল রঙে 'প্রাথমিক চিকিৎসা' লেখা

(ঘ) অ্যাপ্রনের পিছনে লাল রঙে 'জরুরি সেবা' লেখা

৯। নিজেকে চমৎকারভাবে উপস্থাপনের জন্য, বিশেষ করে শারীরিক অঙ্গভঙ্গির উন্নয়নের জন্য নিচের কোন অনুশীলনটি বেশ কার্যকর ?

(ক) উচ্চস্বরে কথা বলা
(খ) মাইক্রোফোনে অনুশীলন করা
(গ) আয়নার সামনে অনুশীলন
(ঘ) নিচুস্বরে কথা বলা

১০। নিজের জীবনের লক্ষ্য নির্ধারণে নিচের কোনটি গুরুত্বপূর্ণ **নয়** ?

(ক) আগ্রহ
(খ) প্রতিযোগিতা
(গ) সামর্থ্য
(ঘ) মূল্যবোধ

১১। জীবন বৃত্তান্ত (CV) বা ব্যক্তিগত প্রোফাইলে নিচের কোনটি না থাকলেও চলে?

(ক) জন্ম তারিখ
(খ) শিক্ষাগত যোগ্যতা
(গ) কাজের অভিজ্ঞতা
(ঘ) সম্পদের বিবরণ

১২। ব্যাংক থেকে আর্থিক সেবা গ্রহণের ক্ষেত্রে নিচের কোনটি জমা দেওয়া সবার জন্য বাধ্যতামূলক ?

(ক) জাতীয় পরিচয় পত্রের কপি
(খ) জমির দলিলের কপি
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদের কপি
(ঘ) টিকাদান কার্ডের কপি

১৩। ব্যক্তিগত সোয়াট অ্যানালাইসিস এর সুবিধা কোনটি ?

(ক) নিজের ত্রুটি সংশোধনের সুযোগ তৈরি হয়
(খ) ব্যবসায়ের চ্যালেঞ্জ মোকাবিলা করা যায়
(গ) পরিবারকে সহায়তা প্রদান করা যায়
(ঘ) ব্যবসায়ের ভুল চিহ্নিত করা যায়

১৪। কোনটি সঞ্চয়পত্র স্কিম নয়?

(ক) প্রাইজ বন্ড
(খ) ক্রেডিট কার্ড
(গ) পেনশনার সঞ্চয়পত্র
(ঘ) ওয়েজ আর্নার ডেভেলপম্যান্ট বন্ড

১৫। কোন পেশাটি 'ডিজেবিলিটি কেয়ারের ক্ষেত্রে সামঞ্জস্যপূর্ণ **নয়**?

(ক) অল্টারনেটিভ ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রিটর
(খ) গাইডিং কাউন্সিলর
(গ) থেরাপিটিক সাপোর্টার
(ঘ) প্যাথোলজিস্ট

এক কথায় উত্তর প্রশ্ন: প্রতিটি প্রশ্নের উত্তর দাও। ১×১০=১০

১৬) ক্যারটিড পালস মানব দেহের কোথায় পাওয়া যায়?

১৭) রাতারগুল বাংলাদেশের কোথায় অবস্থিত?

১৮) একজন কেয়ার গিভার হিসেবে পরিবারের শিশুদের সাথে কোন কাজটি **বর্জনীয়**?

১৯) স্টেথোস্কোপ কী কাজে ব্যবহার করা হয় ?

২০) বাংলাদেশের কোন সমুদ্র সৈকতের দিগন্ত থেকে সূর্যোদয় ও সুর্যাস্ত দুটোই দেখা যায় ?

২১) বিমা কী ধরনের আর্থিক ব্যবস্থাপনা?

২২) CMSME ঋণ কী ধরনের ঋণ?

২৩) কোন ধরনের বিনিয়োগ সবচেয়ে নিরাপদ বা ঝুঁকিমুক্ত ?

২৪) পারিবারিক মজুদ ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রধান বিবেচ্য বিষয় কী ?

২৫) একজন সুস্থ্ ব্যক্তির রক্তে কাঙ্খিত অক্সিজেনের মাত্রা কত থাকা উচিত?

## খ- বিভাগ : সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন

নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। প্রতিটি প্রশ্নের মান ২। ২×১০=২০

১। ইকো ট্যুর বলতে কী বুঝায়? উদাহরণ দাও।

২। পারিবারিক খরচ কমানোর কয়েকটি উপায় উল্লেখ করো।

৩। কেয়ার গিভিং শেখার প্রয়োজন কেন?

৪। আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠানসমূহের কয়েকটি সেবা উল্লেখ করো।

৫। একজন কেয়ার গিভার হিসেবে শিশুদের স্বাস্থ্যকর অভ্যাস গঠনে তাদের কী কী কাজে সহায়তা করবে?

৬। একজন ইকো ট্যুর গাইড হিসেবে ট্যুর কনফার্মেশনের জন্য কী কী করবে?

৭। মূল্যবোধ বলতে কী বুঝায়? আমাদের সমাজে প্রচলিত একটি মূল্যবোধের উদাহরণ দাও।

৮। কর্মপরিকল্পনা (Action plan) এর কয়েকটি সুবিধা উল্লেখ করো।

৯। আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা 'বিমা' গ্রহণের সুবিধা কী?

১০। ফায়ার ড্রিল বা অগ্নি-মহড়ার উদ্দেশ্য কী?

## গ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন)

নিচের প্রশ্নগুলো থেকে যেকোনো ৩ টির উত্তর দাও । প্রতিটি প্রশ্নের মান ৫। ৫×৩=১৫

১। কর্মপরিকল্পনা কী? কর্মপরিকল্পনার বিভিন্ন ধাপগুলো ব্যাখ্যা করো।

২। ইভেন্ট ম্যানেজমেন্ট কী? যেকোনো একটি ইভেন্ট ম্যানেজমেন্টের জন্য কোন কোন দিক লক্ষ্য রাখতে হবে, তা ব্যাখ্যা করো।

৩। 'ইকো-ট্যুরিজমের জন্য বাংলাদেশ একটি সম্ভাবনাময় দেশ'- উক্তিটি তোমার অভিজ্ঞতার আলোকে ব্যাখ্যা করো।

৪। ... ... ...

৫। ... ... ...

## ঘ বিভাগ : রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)

দৃশ্যপটের আলোকে সন্নিবেশিত প্রশ্নগুলোর যেকোনো ৫টির উত্তর দাও। প্রতিটি প্রশ্নে দুটি করে অংশ রয়েছে। প্রতি প্রশ্নের মান (৪+৪)=৮ । ৮(৪+৪))×৫=৪০

১। আসমা তোমার সহপাঠি। তার সম্পর্কে নিচের তথ্যগুলো দেওয়া হলো।

| আসমার আগ্রহ | আসমার সামর্থ্য | আসমার পারিবারের ভাবনা | আসমার লক্ষ্য |
|---|---|---|---|
| জামিতিক ড্রইয়িং | নিঁখুত অংকন | আসমাকে প্রকৌশলী হিসেবে দেখতে চায় | রোবট ডিজাইনার হওয়া |

ক) উল্লিখিত তথ্যের ভিত্তিতে আসমার লক্ষ্য পূরণের জন্য কী কী পদক্ষেপ নিতে হবে, তার একটি তালিকা তৈরি করো; পদক্ষেপগুলোর ধারাবাহিকতা অনুযায়ী সম্ভাব্য সময়সীমা স্থির করো।

খ) উক্ত লক্ষ্যে পৌঁছানোর জন্য সম্ভাব্য মাইলফলক/মাইলস্টোন স্থির করো, প্রতিটি মাইলফলকে আসমাকে কী কী কাজে দক্ষতা অর্জন করতে হবে, তা নির্ধারণ করো ।

২। সিফাতের বাড়ি হাওড় এলাকায়। বর্ষা মৌসুমে সেখানে পর্যটকের আনাগোনা শুরু হয়। এইসময় হাওড় ভ্রমণের সময় উচ্চশব্দে মাইক ও গান বাজানো হয়, চর থেকে হাঁস ধরে জবাই করে ট্রলারে রান্না-বান্না, পানিতে আবর্জনা নিক্ষেপ ইত্যাদিসহ প্রাণিদের প্রাকৃতিক সুবিধায় হস্তক্ষেপ চালানো হয়।

ক) উক্ত এলাকায় তুমি একটি ইকো-ট্যুর পরিচালনা করলে উল্লিখিত পরিবেশ ও প্রকৃতির ব্যাঘাত না ঘটিয়ে কীভাবে আয়োজনের পদক্ষেপ নিতে, তা উল্লেখ করো।

খ) উক্ত ট্যুরের জন্য নিচের ছক অনুযায়ী প্রয়োজনীয় উপকরণ বা লজিস্টকসের একটি তালিকা প্রস্তুত করো।

| কখন প্রয়োজন | কী উপকরণ বা লজিস্টকস প্রয়োজন | কীভাবে নিশ্চিত করবে (সম্ভাব্য পরিকল্পনা) |
|---|---|---|
| ট্যুরের আগে | | |
| ট্যুরের সময় | | |
| ট্যুরে যাওয়ার পর | | |

৩। তোমাদের বাড়িতে মেহমান এলে তোমার ছোটো ভাইটি তার নিজের কক্ষে মোবাইল নিয়ে বসে থাকে। মেহমানদের সাথে কোনোরকম শুভেচ্ছা বিনিময়ও করে না। এসব কারণে প্রেসার বেড়ে প্রায়ই তোমার মা অসুস্থ পড়েন।

ক) উল্লিখিত পরিস্থিতিতে হঠাৎ মায়ের প্রেসার বেড়ে গেলে একজন কেয়ার গিভার হিসাবে তুমি কীভাবে সহায়তা করবে, উল্লেখ করো।

খ) তোমার ছোট ভাইকে কাঙ্ক্ষিত সামাজিক আচরণে অভ্যস্থ করে তোলার জন্য কী কী পদক্ষেপ নিবে, তা বর্ণনা করো।

৪। আগমনী বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়ার অনুষ্ঠান চলছে, কিন্তু সিডিউল অনুসরণ করা হচ্ছে না। অভিভাবকগণ অনেকেই বসার জায়গা না পেয়ে অনুষ্ঠান থেকে চলে গেছেন। মার্বেল দৌড় দিতে গিয়ে এক শিক্ষার্থী পড়ে গিয়ে হাঁটু ছিলে গেছে, কিন্তু তাৎক্ষণিক চিকিৎসার ব্যবস্থা না থাকায় তাকে হাসপাতালে নিতে হয়েছে। অনুষ্ঠান শেষে ডেকোরেটরের ভাড়া নিয়েও কমিটির সাথে বাক-বিতন্ডা চলছে।

ক) উক্ত আয়োজনের কোন দিকগুলো তোমার কাছে ত্রুটিপূর্ণ মনে হয়েছে এবং কীভাবে এগুলোর সমাধান করা যেতে পারে ?

খ) তুমি এই অনুষ্ঠানের আয়োজক হলে, এটিকে আকর্ষনীয়, সৃজনশীল ও উদ্ভাবনীমূলক করার জন্য কী কী উদ্যোগ গ্রহণ করতে?

৫। সালেহার বেগম তার স্বামীর হঠাৎ মৃত্যুর পর স্বামীর কর্মস্থল থেকে প্রাপ্ত পেনশনের টাকায় তিনি নিজেদের খরচসহ দুই সন্তানের লেখাপড়া কীভাবে চালাবেন, তা নিয়ে দুঃশ্চিন্তায় আছেন। তার এলাকায় কেউ তাকে ডিপোজিট স্কিম খুলতে বলে, কেউ সঞ্চয়পত্র করতে বলে, কেউ বলে শেয়ার মার্কেটে টাকা খাটানোর জন্য, আবার কেউ বলছেন জমি কিনে ব্যবসা শুরু করার জন্য।

ক) উল্লিখিত পরিস্থিতিতে যেসব বিনিয়োগের কথা বলা হয়েছে, সেগুলোর ক্ষেত্রে কী ধরনের ঝুঁকি রয়েছে, তা উল্লেখ করো।

খ) সালেহা বেগমের জন্য তুমি কোন বিনিয়োগটি উত্তম বলে মনে করো, তা কারণসহ উল্লেখ করো।

৬। ... ... ...

৭। ... ... ...

(ছ) নমুনা প্রশ্নের আলোকে উত্তর

**বহুনির্বাচনী প্রশ্নের (MCQ) এর উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|---|---|
| ১ | খ | ৬ | গ | ১১ | ঘ |
| ২ | গ | ৭ | গ | ১২ | ক |
| ৩ | গ | ৮ | খ | ১৩ | ক |
| ৪ | ক | ৯ | গ | ১৪ | খ |
| ৫ | ঘ | ১০ | খ | ১৫ | ঘ |

**এক কথায় প্রশ্নের উত্তর**

| প্রশ্ন নং | উত্তর | প্রশ্ন নং | উত্তর |
|---|---|---|---|
| ১৬ | ঘাড়ের দুই পাশে | ২১ | আর্থিক ঝুঁকি হ্রাসের ব্যবস্থা |
| ১৭ | সিলেট | ২২ | মেয়াদি ঋণ |
| ১৮ | ধমক দেওয়া | ২৩ | সরকারি সঞ্চয়পত্র |
| ১৯ | রক্ত চলাচলের শব্দ শোনার জন্য | ২৪ | পরিবারের আর্থিক সক্ষমতা |
| ২০ | কুয়াকাটা | ২৫ | ৯৫-১০০ শতাংশ |

**সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদানের নমুনা রুব্রিক্স**

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদনের শর্ত |
|---|---|---|
| সংক্ষিপ্ত প্রশ্ন ১। ইকো ট্যুর বলতে কী বুঝ? উদাহরণ দাও। | ২ | ইকো ট্যুরের ধারণা এবং উদাহরণ লিখতে পারলে |
| | ১ | ইকো ট্যুরের ধারণা লিখতে পারলে |
| | ০ | প্রদত্ত প্রশ্নের উত্তর না লিখতে পারলে /অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে |

দৃশ্যপটনির্ভর প্রশ্নের নম্বর প্রদানের নমুনা রুব্রিক্স

| প্রশ্ন নং | নম্বর | নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|
| ১। (ক) উল্লিখিত তথ্যের ভিত্তিতে আসমার লক্ষ্য পূরণের জন্য কী কী পদক্ষেপ নিতে হবে, তার একটি তালিকা তৈরি করো; পদক্ষেপগুলোর ধারাবাহিকতা অনুযায়ী সম্ভাব্য সময়সীমা স্থির করো। | ৪ | লক্ষ্য পূরণের জন্য প্রাসঙ্গিক পদক্ষেপের তালিকা এবং উক্ত পদক্ষেপের ধারাবাহিকতা অনুযায়ী যৌক্তিকভাবে সময়সীমা উল্লেখ করতে পারলে |
| | ৩ | লক্ষ্য পূরণের জন্য প্রাসঙ্গিক পদক্ষেপের তালিকা প্রাসঙ্গিক হলেও আংশিক অপূর্ণতা রয়েছে এবং উক্ত পদক্ষেপের ধারাবাহিকতা অনুযায়ী যৌক্তিকভাবে সময়সীমা উল্লেখ করতে পারলে |
| | ২ | লক্ষ্য পূরণের জন্য পদক্ষেপগুলো প্রাসঙ্গিক কিন্তু খুবই সংক্ষিপ্ত তালিকা এবং উক্ত পদক্ষেপের ধারাবাহিকতা অনুসরণ না করে যৌক্তিকভাবে সময়সীমা উল্লেখ করা হলে |
| | ১ | লক্ষ্য পূরণের জন্য প্রাসঙ্গিক পদক্ষেপের তালিকা উল্লেখ করতে পারলে |
| | ০ | প্রদত্ত প্রশ্নের উত্তর না লিখতে পারলে/অপ্রাসঙ্গিক/ভুল উত্তর লিখলে |

# ২০২৪ সালের বার্ষিক মূল্যায়নের বিষয়ভিত্তিক নির্দেশনা

## বিষয়: গণিত

## শ্রেণি: অষ্টম

### ক) বার্ষিক পরীক্ষার পাঠ্যক্রম/সিলেবাস

| অভিজ্ঞতার নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা |
|---|---|---|
| ৩ | ঘনবস্তুতে দ্বিপদী ও ত্রিপদী রাশি খুঁজি | ৪৭ – ৭০ |
| ৪ | ক্ষুদ্র সঞ্চয়ে ভবিষ্যৎ গড়ি | ৭১ – ৯২ |
| ৬ | অবস্থান মানচিত্রে স্থানাঙ্ক জ্যামিতি | ১২৫ – ১৪৬ |
| ৭ | বৃত্তের খুঁটিনাটি | ১৪৭ – ১৮০ |
| ৯ | বাইনারি সংখ্যা পদ্ধতি | ১৮৯ – ২০৬ |
| ১০ | তথ্য বুঝে সিদ্ধান্ত নিই | ২০৭ – ২৪৩ |

### খ) মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

## গ) শিখনকালীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

| আইটেমের নাম (Item Name) | নির্ধারিত নম্বর |
|---|---|
| **অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ (Assignment/Practical Work)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>৮ম শ্রেণির গণিত পাঠ্যপুস্তকের ১৪৫ পৃষ্ঠার প্রজেক্ট ওয়ার্কটি অ্যাসাইনমেন্ট হিসেবে ব্যবহার করা যায়। | ১০ |
| **অনুসন্ধানমূলক কাজ (Inventory Work)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>যেকোনো ব্যাসার্ধের বৃত্ত আঁক। বৃত্তের উপর যেকোনো একটি ব্যাস $AB$ আঁক। পরিধির উপর যেকোনো বিন্দু $P$ নিয়ে $\angle APB$ কোণ পরিমাপ করবে। এভাবে ভিন্ন ভিন্ন মাপের ব্যাসার্ধ নিয়ে ৭টি বৃত্ত আঁকবে এবং $\angle APB$ এর মান হিসাব করবে। প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে একটি সিদ্ধান্ত লিখবে। | ১০ |
| **শ্রেণির কাজ (পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ)**<br><br>**নমুনা প্রশ্ন:**<br>৮ম শ্রেণির গণিত পাঠ্যপুস্তকের ৬৪ পৃষ্ঠার একক কাজটি শ্রেণির কাজ হিসেবে ব্যবহার করা যায়। | ১০ |
| **মোট =** | **৩০** |

## ঘ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

**অভীক্ষার ধরন: লিখিত** **পূর্ণনম্বর: ১০০** **সময়: ০৩ ঘন্টা**

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিতে হবে | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনী প্রশ্ন | ১৫ | ১৫ | ১×১৫ = ১৫ | ০৩ ঘন্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০ = ১০ | |
| ২ | সংক্ষিপ্ত-উত্তর প্রশ্ন | | ১৩ | ১৩ | ২×১৩ = ২৬ | |
| ৩ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br><br>দৃশ্যপটনির্ভর প্রশ্নের মধ্যে দুইটি বা তিনটি অংশ থাকতে পারে। সেক্ষেত্রে নম্বর বিভাজন ৩+৪, ১+২+৪, ২+২+৩, ১+৩+৩ হতে পারে। | | ১০ | ৭ | ৭×৭ = ৪৯ | |
| | | | | মোট = | ১০০ | |

## ঙ) কাঠামো মোতাবেক নমুনা প্রশ্ন

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

# বার্ষিক সামষ্টিক মূল্যায়ন – ২০২৪

## শ্রেণি: অষ্টম

## গণিত

পূর্ণমানঃ ১০০ সময়ঃ ৩ ঘন্টা

### ক বিভাগ (১×২৫ = ২৫)

[সঠিক উত্তরটি খাতায় লিখ]

১। নিচের কোনটি সঠিক?

ক) $a^3 + b^3 = (a+b)^3 + 3ab(a+b)$
খ) $(a+b)^3 = a^3 + b^3 - 3ab(a+b)$
গ) $a^3 + b^3 = (a+b)(a^2 - ab + b^2)$
ঘ) $a^3 - b^3 = (a-b)(a^2 - ab + b^2)$

২। ১২% হার মুনাফায় কত টাকার ৩ বছরের মুনাফা ২৭০ টাকা হবে?

ক) ১৫০০ টাকা খ) ৭৫০ টাকা গ) ৬০০ টাকা ঘ) ৫৫০ টাকা

৩। ৭৫০০ টাকায় কেনা ১টি ঘড়ি কত টাকায় বিক্রয় করলে ৮% লাভ হবে?

ক) ৮১০০ টাকা খ) ৮৪০০ টাকা গ) ৮৫০০ টাকা ঘ) ৯৬০০ টাকা

৪। নিচের কোন বিন্দুটি $x$ -অক্ষের উপর অবস্থিত?

ক) $(0,1)$ খ) $(1,1)$ গ) $(0,-1)$ ঘ) $(1,0)$

৫। বৃত্তের একই চাপের উপর দন্ডায়মান কেন্দ্রস্থ কোণ $(x+44)^0$ এবং বৃস্তস্থ কোণ $x^0$ হলে, $x$ এর মান কত ডিগ্রি?

ক) 22 খ) 44 গ) 46 ঘ) 88

৬। কোনো বৃত্তের অধিচাপে অন্তর্লিখিত কোণ –

ক) পূরক কোণ খ) স্থুলকোণ গ) সূক্ষকোণ ঘ) প্রবৃদ্ধ কোণ

৭। বাইনারি সংখ্যা 101101 কে দশভিত্তিক সংখ্যায় রুপান্তর করলে কত হবে?

ক) 49 খ) 47 গ) 45 ঘ) 43

৮। 12 , 8 , 9 , 2 , 7 , 5 , 2 , 7 , 9 , 2 উপাত্তগুলোর প্রচুরক কত?

ক) 12 খ) 9 গ) 7 ঘ) 2

৯। 45 , 31 , 69 , 70, 111 , 119 , 48 , 53 উপাত্তগুলোর মধ্যক কত?

ক) 53 খ) 61 গ) 69 ঘ) 70

১০। $2x^2 - 5x - 3 = 0$ এর উৎপাদকে বিশ্লেষণ নিচের কোনটি?

ক) $(2x-1)(x+3)$ খ) $(2x-3)(x-1)$
গ) $(2x-1)(x-3)$ ঘ) $(2x+1)(x-3)$

১১। $12' \times 10'$ আকারের একটি মেঝে ঢাকতে $4' \times 2'$ আকারের কয়টি মাদুর লাগবে?

ক) 3 খ) 5 গ) 8 ঘ) 15

$x = 6$ , $x + y = 11$

উপরের তথ্যের ভিত্তিতে **১২** ও **১৩** নং প্রশ্নের উত্তর দাও –

১২। সমীকরণ দুইটির ছেদবিন্দুর স্থানাংক -

ক) $(6, 5)$ খ) $(5, 6)$ গ) $(6, -5)$ ঘ) $(-5, 6)$


১৩। ২য় সমীকরণটি $x$ -অক্ষকে কোন বিন্দুতে ছেদ করে?

ক) $(6, 0)$ খ) $(11, 0)$ গ) $(0, 6)$ ঘ) $(0, 11)$

১৪। $A(3,2)$ , $B(2,3)$ , $C(0,4)$ , $D(-3,-3)$ বিন্দুগুলোর কোনটি মূলবিন্দু থেকে দূরবর্তী ?

ক) $D$ খ) $B$ গ) $C$ ঘ) $A$

১৫।




চিত্রে, $\angle ADB = 60^0$ , $\angle ACD = 40^0$, AC ব্যাস হলে $\angle BCD$ = কত?

(ক) $60^0$ (খ) $80^0$ (গ) $100^0$ (ঘ) $120^0$

**এক কথায় উত্তর দাও।**

১৬। ৪০ টাকায় কেনা কোনো জিনিস ৫০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

১৭। $5, 4, 3$ সংখ্যা তিনটির যোগফলকে ধার হিসেবে বিবেচনা করে ঘনক তৈরিতে $5 \times 4 \times 3$ মাপের কয়টি ঘনবস্তুর প্রয়োজন হবে?

১৮। $(5.5, -5.5)$ এবং $(-6.5, 6.5)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক কত?

১৯। $(101101)_2$ সংখ্যাটিতে MSB এর স্থানীয় মান কত?

২০। কোনো বৃত্তের ব্যাস $7$ সেমি হলে, এর পরিধি কত?

২১। ৮% হার চক্রবৃদ্ধি মুনাফায় ১০,০০০ টাকা ৫ বছরের জন্য বিনিয়োগ করা হলো। প্রতি ৬ মাস অন্তর মুনাফা হিসাব করা হলে চক্রবৃদ্ধিমূল নির্ণয়ের সূত্রে $n$ এর মান কতো ব্যবহার করতে হবে?

২২। $(0,0)$ এবং $(4,0)$ বিন্দুগামী সরলরেখার ঢাল কত?

২৩। Bit এর পূর্ণরূপ কী?

২৪। $n$ সংখ্যক উপাত্তকে মানের ক্রমানুসারে সাজানো হলে এবং $n$ বিজোড় সংখ্যা হলে কততম উপাত্তটি মধ্যক হবে?

২৫। শ্রেণিবিন্যস্ত উপাত্তের মধ্যক $= L + (\frac{n}{2} - F_c) \times \frac{h}{f_m}$ হলে, $L$ দ্বারা কী বোঝায়?

## খ বিভাগ

১। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও। (২×১৩=২৬)

(ক) $3x^2 + 2$ এর ঘন নির্ণয় করো ।

(খ) ৬% হার চক্রবৃদ্ধি মুনাফায় ৯০০০ টাকার ৩ বছরের চক্রবৃদ্ধিমূল নির্ণয় করো।

(গ) $A(4, 6)$ এবং $B(x, y)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাংশের মধ্যবিন্দু $(-2, 5)$ হলে, $B$ এর স্থানাঙ্ক নির্ণয় করো।

(ঘ) O কেন্দ্রবিশিষ্ট বৃত্তের ব্যাস 20 সেমি, O থেকে ব্যাস ভিন্ন জ্যা CD এর উপর OP লম্বের দৈর্ঘ্য 6 সেমি হলে, CD এর দৈর্ঘ্য নির্ণয় করো।

(ঙ) $(12.75)_{10}$ কে বাইনারিতে প্রকাশ করো।

(চ) $x + y = 7a,\ xy = 12a^2$ হলে $x^3 + y^3$ এর মান নির্ণয় করো।

(ছ) মিলা ৫০,০০০ টাকা ৮% হারে এবং শিলা ৪২,০০০ টাকা ১০% হারে ব্যাংকে জমা রাখলো। ৫ বছর পর কে লাভবান হবে?

(জ) $A(3,2)$, $B(5,3)$ এবং $C(12,6)$ বিন্দু তিনটি সমরেখ কি না যাচাই করো।

(ঝ) একটি সরলরেখার সমীকরণ নির্ণয় করো, যার ঢাল $-3$ এবং যা $(4,5)$ বিন্দু দিয়ে যায়।

(ঞ) 5 সেমি ব্যাসার্ধবিশিষ্ট বৃত্তের একটি বৃত্তচাপ কেন্দ্রে $30^0$ কোণ উৎপন্ন করে। চাপটি দ্বারা সৃষ্ট বৃত্তকলার ক্ষেত্রফল নির্ণয় করো।

(ট) 6 সেমি, 7 সেমি এবং 8 সেমি ব্যাসার্ধবিশিষ্ট তিনটি বৃত্ত পরস্পরকে স্পর্শ করে। বৃত্ত তিনটির কেন্দ্রসমুহ যে ত্রিভুজ উৎপন্ন করে তার পরিসীমা নির্ণয় করো।

(ঠ) $(10110)_2$ কে $(1101)_2$ দ্বারা গুণ করো।

(ড) নিচের সারণি থেকে প্রচুরক নির্ণয় করো।

| প্রাপ্ত নম্বর | 11 – 20 | 21 – 30 | 31 – 40 | 41 – 50 | 51 – 60 |
|---|---|---|---|---|---|
| শিক্ষার্থী সংখ্যা | 20 | 26 | 52 | 50 | 32 |

**দৃশ্যপটনির্ভর প্রশ্ন (১০টি থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। নমুনা হিসেবে ৭টি প্রশ্ন দেয়া হলো)** **৭×৭ = ৪৯**

২। $8x^3 + 64y^3,\ 2x^3 - 16y^3,\ \ 4x^2 - 16y^2,\ \ 2x^2 - 5xy + 6y^2$

(ক) ১ম রাশিকে উৎপাদকে বিশ্লেষণ করো। ২
(খ) ২য় ও ৩য় রাশির গসাগু নির্ণয় করো। ২
(গ) ৩য় ও ৪র্থ রাশির লসাগু নির্ণয় করো। ৩

৩। মিতা ৭৫০০ টাকায় একটি সাইকেল বিক্রয় করায় ৩৩$\frac{১}{৩}$% লাভ হলো। সে সাইকেল বিক্রির টাকা ৮% হারে চক্রবৃদ্ধি মুনাফায় ৩ বছরের জন্য বিনিয়োগ করল।

(ক) সাইকেলটির ক্রয়মূল্য নির্ণয় করো। ৩
(খ) মিতা কত টাকা চক্রবৃদ্ধি মুনাফা পাবে তা নির্ণয় করো। ৪

৪। কোনো সমতলে তিনটি বিন্দু $P(12,6)$, $Q(-2,-4)$, ও $R(12,-4)$।

(ক) P থেকে Q এর দূরত্ব নির্ণয় করো। ২
(খ) PQ রেখার ঢাল নির্ণয় করো। ২
(গ) PQR ত্রিভুজটি সমকোণী কিনা যাচাই করো। ৩

৫। O কেন্দ্রবিশিষ্ট বৃত্তে AB ব্যাস ভিন্ন একটি জ্যা, OA = 5 সেমি এবং $OC \perp AB$

(ক) প্রদত্ত তথ্যের আলোকে অনুপাতিক চিত্র আঁক। ১
(খ) বৃত্তক্ষেত্রটির ক্ষেত্রফল নির্ণয় করো। ২

(গ) প্রমাণ কর যে, $AC = BC$ ৪

৬। $A = (17.25)_{10}$ এবং $B = (1010110)_2$

(ক) B সংখ্যাটিতে LSB এর স্থানীয় মান কত? ১

(খ) B কে দশভিত্তিক সংখ্যায় প্রকাশ করো । ২

(গ) A ও B এর যোগফলকে বাইনারিতে নির্ণয় করো । ৪

৭। রবিন তার মামার কাছে ৪৫০০ টাকা এবং বড় ভাইয়ের কাছে ৫৫০০ টাকা ধার করে কলার ব্যবসা শুরু করল। এক মাসে সে মোট ৫,০০০ টাকা লাভ করল । দোকান ভাড়া বাবদ ১৫০০ টাকা এবং বিদ্যুৎ বিল বাবদ ৫০০ টাকা পরিশোধ করল। অবশিষ্ট লাভের অর্ধেক সে পেল এবং বাকি লভ্যাংশ তার মামা এবং বড় ভাইকে তাদের ধারের অনুপাতে ভাগ করে দিল ।

(ক) রবিন এক মাসে তার ব্যবসায় মোট কত টাকা বিনিয়োগ করে তা নির্ণয় করো। ১

(খ) লাভের কত টাকা রবিন পেল তা নির্ণয় করো। ৩

(গ) রবিনের মামা ও বড় ভাই কত টাকা পেল তা নির্ণয় করো। ৩

৮। জুলাই মাসে রুশোর ব্যবসার লাভের গণসংখ্যা সারণি নিম্নরূপ –

| লাভের পরিমাণ | 300 – 350 | 351 – 400 | 401 – 450 | 4<br>51 – 500 | 501 – 550 | 551 – 600 |
|---|---|---|---|---|---|---|
| দিনসংখ্যা | 3 | 5 | 6 | 8 | 4 | 5 |

(ক) প্রতিদিনের গড় লাভ নির্ণয় করো। ৩

(খ) প্রদত্ত উপাত্তের অজিভ রেখা আঁক। ৪

## চ) নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর

| ক- বিভাগ (নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর) | | | |
|---|---|---|---|
| ক্রমিক নম্বর | উত্তর | ক্রমিক নম্বর | উত্তর |
| ১ | গ | ১৪ | ঘ |
| ২ | খ | ১৫ | গ |
| ৩ | ক | ১৬ | ২৫% |
| ৪ | ঘ | ১৭ | ৬ |
| ৫ | খ | ১৮ | $(-0.5, 0.5)$ |
| ৬ | গ | ১৯ | $2^5$ |
| ৭ | গ | ২০ | $7\pi$ |
| ৮ | ঘ | ২১ | ১০ |
| ৯ | খ | ২২ | ০ |
| ১০ | ঘ | ২৩ | Binary digit |
| ১১ | ঘ | ২৪ | $\frac{n+1}{2}$ তম পদ |
| ১২ | ক | ২৫ | $L =$ মধ্যক শ্রেণির নিম্নসীমা |
| ১৩ | খ | | |

## ছ) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরের রুব্রিক্স

| খ- বিভাগ | | |
|---|---|---|
| ১। (ক) $3x^2 + 2$ এর ঘন নির্ণয় করো। | | |
| **সংক্ষিপ্ত প্রশ্নের উত্তরের রুব্রিক্স** | | |
| প্রশ্নের ক্রমিক নং | নম্বর | নম্বর প্রদান নির্দেশিকা |
| ১। (ক) | ২ | সঠিক ভাবে ঘন নির্ণয় করতে পারলে |
| | ১ | সঠিক ভাবে সূত্র প্রয়োগ করতে পারলে |

## জ) দৃশ্যপটনির্ভর প্রশ্নের উত্তরের রুব্রিক্স

<table>
<tr><th colspan="3">খ-বিভাগ</th></tr>
<tr><td colspan="3">৩। মিতা ৭৫০০ টাকায় একটি সাইকেল বিক্রয় করায় ৩৩$\frac{১}{৩}$% লাভ হলো। সে সাইকেল বিক্রির টাকা ৮% হার চক্রবৃদ্ধি মুনাফায় ৩ বছরের জন্য বিনিয়োগ করল ।<br>(ক) সাইকেলটির ক্রয়মূল্য নির্ণয় করো। ৩<br>(খ) মিতা কত টাকা চক্রবৃদ্ধি মুনাফা পাবে তা নির্ণয় করো। ৪</td></tr>
<tr><th colspan="3">দৃশ্যপটনির্ভর প্রশ্নের উত্তরের রুব্রিক্স</th></tr>
<tr><th>প্রশ্নের ক্রমিক নং</th><th>নম্বর</th><th>নম্বর প্রদান নির্দেশিকা</th></tr>
<tr><td rowspan="3">৩। (ক)</td><td>৩</td><td>সঠিক ক্রয়মূল্য নির্ণয় করলে</td></tr>
<tr><td>২</td><td>ঐকিক নিয়মের চাহিদা মত সাজিয়ে লিখলে</td></tr>
<tr><td>১</td><td>লাভের হারের উপর ভিত্তি করে বিক্রয়মূল্য লিখলে</td></tr>
<tr><td colspan="3"></td></tr>
<tr><td rowspan="4">৩(খ)</td><td>৪</td><td>চক্রবৃদ্ধি মুনাফা নির্ণয় করলে</td></tr>
<tr><td>৩</td><td>চক্রবৃদ্ধি মূল নির্ণয় করলে</td></tr>
<tr><td>২</td><td>সূত্রে মানসমুহ বসাতে পারলে</td></tr>
<tr><td>১</td><td>প্রতীকগুলোর মানসহ সূত্রটি লিখলে</td></tr>
</table>

# বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা-২০২৪

## বিষয়: বিজ্ঞান

## শ্রেণি: অষ্টম

**(ক) শিক্ষকের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা**

**সিলেবাস:** অষ্টম শ্রেণির বার্ষিক মূল্যায়নের সিলেবাসে পাঁচটি অভিজ্ঞতা রাখা হয়েছে। একইসাথে এই পাঁচটি অভিজ্ঞতা সংশ্লিষ্ট অনুযায়ী অনুসন্ধানী পাঠের অধ্যায়সমূহ অন্তর্ভুক্ত থকবে।

**শিখনকালীন মূল্যায়ন:** শ্রেণি ও শ্রেণির বাহিরের শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্যায়ন করা হবে। ধারাবাহিক মুল্যায়নের বিভিন্ন আইটেমকে ৩টি গ্রুপে ভাগ করে মূল্যায়ন করবেন প্রতিটি গ্রুপের বিভিন্ন কাজ বিবেচনায় নিয়ে ১০ নম্বর করে মোট ৩০ নম্বরের **শিখনকালীন মূল্যায়ন** করবেন। ধারাবাহিক মূল্যায়নের বিভিন্ন আইটেমের বিভাজন বিস্তারিত নির্দেশনায় (**'ঘ' অংশ- শিখনকলীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**) দেয়া আছে।

**সামষ্টিক মূল্যায়ন:** সামষ্টিক মূল্যায়ন হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। অনুসন্ধানী পাঠ বইয়ের সিলেবাস কতটুকু হবে, তা অনুচ্ছেদ নম্বর দিয়ে বুঝানো হয়েছে। বিজ্ঞান বিষয়ে ১০০ নম্বরের মধ্যে লিখিত পরীক্ষা নিয়ে প্রাপ্ত নম্বরকে ৭০ এর মধ্যে প্রাপ্ত নম্বরে রূপান্তর করতে হবে। বিজ্ঞান বিষয়ে বহু নির্বাচনী প্রশ্ন, এক কথায় উত্তর, সংক্ষিপ্ত প্রশ্ন, দৃশ্যপটবিহীন বিশ্লেষণধর্মী প্রশ্ন ও দৃশ্যপটনির্ভর বিশ্লেষণধর্মী প্রশ্ন ব্যবহার করে **সামষ্টিক মূল্যায়ন** নেয়া হবে।

**(খ) ২০২৪ সালের বার্ষিক পরীক্ষার সিলেবাস**

| ক্রমিক নম্বর | অভিজ্ঞতার নাম | সংশ্লিষ্ট বিষয়বস্তু (অনুসন্ধানী পাঠ) |
|---|---|---|
| ১ | যাযাবর পাখিদের সন্ধানে | অধ্যায়-৭: সূর্য, পৃথিবী ও চাঁদ (৭.১ থেকে ৭.৬.৩)<br>অধ্যায়-১১: ভৌগলিক স্থানাংক, স্থানিক সময় এবং অঞ্চলসমূহ (১১.১ থেকে ১১.৬)<br>অধ্যায়-১২: চুম্বক (১২.১ থেকে ১২.৪) |
| ২ | সবুজ বন্ধু | অধ্যায়-৪: কোষ বিভাজন ও তার রকমভেদ (৪.১ থেকে ৪.৩)<br>অধ্যায়-৫: উদ্ভিদের কোষ, টিস্যু ও তাদের বিশেষত্ব (৫.১ থেকে ৫.৪)<br>অধ্যায়-১০: জীবের শ্রেণিবিন্যাস পদ্ধতি (১০.১ থেকে ১০.২.২) |
| ৩ | ফিল্ড ট্রিপ | অধ্যায়-১: গতির কথা (১.১ থেকে ১.৪.৫)<br>অধ্যায়-২: শক্তি (২.১ থেকে ২.৫) |
| ৪ | আমাদের ল্যাবরেটরি | অধ্যায়-৩: পরমাণুর গঠন (৩.১ থেকে ৩.৪.১)<br>অধ্যায়-৮: রাসায়নিক বিক্রিয়া (৮.১ থেকে ৮.৫) |
| ৫ | জীবজগতের বংশলতিকা | অধ্যায়-৪: কোষ বিভাজন ও তার রকমভেদ (৪.১ থেকে ৪.৩) |

(গ) মূল্যায়ন কাঠামো

| ধারাবাহিক মূল্যায়ন | সামষ্টিক মূল্যায়ন |
|---|---|
| ৩০% | ৭০% |

(ঘ) শিখনকলীন মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন

শ্রেণি ও শ্রেণির বাহিরের শিক্ষার্থীর বিভিন্ন কাজের উপর ভিত্তি করে ধারাবাহিক মূল্যায়ন করা হবে।

| আইটেমের নাম | নম্বর |
|---|---|
| **শ্রেণির কাজ/বইয়ের কাজ**<br>(সিলেবাসের অন্তর্ভুক্ত যেসব কাজ করানো হয়েছে এবং যেগুলো করানো হবে তা বিবেচনায় নিয়ে নম্বর প্রদান করবেন)<br>নমুনা: **মানচিত্রের সাহায্য নিয়ে বিভিন্ন দেশের অক্ষাংশ-দ্রাঘিমাংশ বের করা। (অনুশীলন বই, পৃষ্ঠা -০৬)** | ১০ |
| **বাড়ির কাজ/ অ্যাসাইনমেন্ট/প্রজেক্ট**<br>(সিলেবাসের অন্তর্ভুক্ত একটি কাজ করিয়ে নম্বর প্রদান করবেন)<br>নমুনা: **সারা বছর সূর্যের আলো পৃথিবীতে কীভাবে পড়ে তা পর্যবেক্ষণের জন্য কাগজের বাক্স তৈরি (অনুশীলন বই, পৃষ্ঠা ২৭ - ২৮)** | ১০ |
| **ব্যাবহারিক কাজ (পরীক্ষণ সংক্রান্ত)**<br>(সিলেবাসের অন্তর্ভুক্ত একটি ব্যাবহারিক কাজ করিয়ে নম্বর প্রদান করবেন)<br>নমুনা: **রাসায়নিক শক্তি থেকে বিদ্যুৎ শক্তি উৎপাদন সংক্রান্ত পরীক্ষণ (অনুশীলন বই, পৃষ্ঠা ৮৩ - ৮৪)** | ১০ |
| **মোট নম্বর** | ৩০ |

**(ঙ) সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবণ্টন**

অভীক্ষার ধরন: লিখিত; পূর্ণনম্বর : ১০০

| ক্রম | আইটেমের নাম | | প্রশ্নপত্রে মোট প্রশ্নের সংখ্যা | উত্তর দিবে এমন প্রশ্নের সংখ্যা | প্রতিটি প্রশ্নের মান | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন | ১৫ | ১৫ | ১ | ১ × ২৫ = ২৫ | ৩ ঘণ্টা |
| | | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১ | | |
| ০২ | সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২ | ২ × ১০ = ২০ | |
| ০৩ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫ | ৩ × ৫ = ১৫ | |
| ০৪ | রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর) প্রতিটি প্রশ্নের আবার দুটি অংশ হতে পারে) | | ৭ | ৫ | ৮ | ৮ × ৫ = ৪০ | |
| | **মোট নম্বর** | | | | | ১০০ | |

**সামষ্টিক মূল্যায়নে ১০০ নম্বরের মধ্যে পরীক্ষা নিয়ে প্রাপ্ত নম্বরকে ৭০ এর মধ্যে প্রাপ্ত নম্বরে রূপান্তর করতে হবে।**

(চ) এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবুহু ব্যবহার করা যাবে না।

**শ্রেণি: অষ্টম**

**বিষয়: বিজ্ঞান**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ১০০**

## ক বিভাগ- (নৈর্ব্যক্তিক প্রশ্ন)

**(পূর্ণমান ২৫, প্রতিটি প্রশ্নের মান ১, সঠিক উত্তরটি খাতায় লিখ)**

**(বহুনির্বাচনি প্রশ্ন ১৫টি এবং এক কথায় উত্তর ১০টি)**

**বহুনির্বাচনি প্রশ্ন**

১. কোনটি দ্বিবীজপত্রী উদ্ভিদ?

ক. ধান খ. কচু গ. কলা ঘ. ধুতুরা

২. হাইড্রোজেনের আইসোটোপ ট্রিটিয়ামের নিউট্রন সংখ্যা কত?

ক. 4 খ. 3 গ. 2 ঘ. 1

৩. কার্বন ডাই অক্সাইডের যৌগে কার্বনের যোজনী কত?

ক. 2 খ. 4 গ. 6 ঘ. 12

৪. কোন তারিখে পৃথিবী, সূর্যের সবচেয়ে নিকটে থাকে ?

ক. 22 ডিসেম্বর খ. 3 জানুয়ারি গ. 21 মার্চ ঘ. 21 জুন

৫. একজন 70 kg ভরের মানুষ 50 kg ভরের বস্তা নিয়ে 2 m/s বেগে দৌড়াচ্ছে। তার গতিশক্তি কত?

ক. 440J খ. 340J গ. 240J ঘ. 180J

$$Mg(s) + 2HNO_3(aq) \longrightarrow A(aq) + H_2(g)$$

বিক্রিয়াটির আলোকে নিচের ৬ ও ৭ নম্বর প্রশ্নের উত্তর দাও।

৬. বিক্রিয়াটি কোন ধরনের?

ক. সংযোজন খ. বিয়োজন গ. প্রতিস্থাপন ঘ. প্রশমন


৭. উৎপন্ন পদার্থ ‘A’ এর সংকেত কোনটি?

ক. $MgNO_3$ খ. $Mg(NO_3)_2$ গ. $Mg_2NO_3$ ঘ. $Mg_3(NO_3)_2$

৮. মিয়োসিস কোষ বিভাজনের কোন ধাপে একটি মাতৃকোষ দুটি অপত্য কোষে বিভক্ত হয়?

ক. মেটাফেজ-১ খ. মেটাফেজ-২ গ. প্রফেজ-১ ঘ. প্রফেজ-২

৯.




লেখচিত্রে সময়ের সাথে একটি গাড়ির বেগের পরিবর্তন দেখানো হয়েছে। 10s থেকে 20s পর্যন্ত গাড়িটির ত্বরণ কত $m/s^2$?

ক. 0 খ. 0.5 গ. 5 ঘ. 10

১০. পৃথিবীর কোন অঞ্চলে সূর্যের তাপ প্রবলভাবে পড়ে?

ক. মেরু খ. মকরক্রান্তীয় গ. কর্কটক্রান্তীয় ঘ. বিষুবীয়

১১. একক সময়ে কোনো বস্তুর বেগের বৃদ্ধিকে বলে -।

ক. সরণ খ. ত্বরণ গ. মন্দন ঘ. বিভব

১২. বল ও সরণের সম্পর্কিত করে কাজের গাণিতিক সমীকরণ কোনটি?

ক. $v = u + at$ খ. $v^2 = u^2 + 2as$ গ. $w = fs$ ঘ. $E = mgh$

১৩. কোনো মৌলের দুটি আইসোটোপের নিউক্লিয়াসে কোন মৌলিক কনিকা সমান থাকে?

ক. প্রোটন খ. নিউট্রন গ. ইলেকট্রন ঘ. মেসন

১৪. মানুষের প্রতিটি দেহকোষে ক্রোমোজমের সংখ্যা কত?

ক. ২৩টি খ. ২৩ জোড়া গ. অসংখ্য ঘ. ২টি

১৫. জাইলেম ও ফ্লোয়েমের মধ্যবর্তী টিস্যুকে কী বলে?

ক. কোলেনকাইমা খ. ক্যাম্বিয়াম গ. স্ক্লেরেনকাইমা ঘ. প্যারেনকাইমা

**এক কথায় উত্তর**

১৬. ধাতুর সাথে অ্যাসিডের বিক্রিয়ায় কোন গ্যাস উৎপন্ন হয়?

১৭. চন্দ্রগ্রহণের সময়ে সূর্য ও চাঁদের সাপেক্ষে পৃথিবীর অবস্থান কোথায়?

১৮. যে বিক্রিয়ায় দুই বা ততোধিক বিক্রিয়ক একত্রিত হয়ে একটি নতুন বিক্রিয়াজাত পদার্থ তৈরি করে তাকে কী বলে?

১৯. কার্বোনেট লবণের সাথে অ্যাসিডের বিক্রিয়ায় কোন গ্যাস উৎপন্ন হয়?

২০. যেসব উদ্ভিদের গর্ভাশয় থাকে না তাদেরকে কোন ধরনের উদ্ভিদ বলে?

২১. কোন স্তন্যপায়ী প্রাণী ডিম পারে?

২২. পৃথিবীর মানচিত্রে বাংলাদেশ বিষুব রেখার কোন দিকে অবস্থিত?

২৩. পরমাণুতে চৌম্বক ক্ষেত্র উৎপন্ন হওয়ার মূল কারণ কী?

২৪. অনিয়ন্ত্রিত কোষ বিভাজনের ফলে কোন রোগের সৃষ্টি হয়?

২৫. পরমাণুর তৃতীয় কক্ষপথে সর্বাধিক কতটি ইলেকট্রন থাকতে পারে?

## খ- বিভাগ (সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন)

**(পূর্ণমান ২০, ১০টি প্রশ্ন, প্রতিটি প্রশ্নের মান ২)**

১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো।

২. প্রস্বেদন উদ্ভিদের একটি অত্যাবশ্যকীয় প্রক্রিয়া-ব্যাখ্যা করো।

৩. ক্যাটায়ন বা ধনাত্মক আয়ন সৃষ্টির প্রক্রিয়া উদাহরণসহ বুঝিয়ে লেখ।

৪. আন্তর্জাতিক তারিখ রেখা বলতে কী বুঝ?

৫. একটি বৈদ্যুতিক বাতির ক্ষমতা ১৫ ওয়াট বলতে কী বুঝায়?

৬. সমাঙ্গবর্গ উদ্ভিদ বলতে কী বুঝ? তাদের একটি বৈশিষ্ট্য লিখ।

৭. একটি উদাহরণসহ দহণ বিক্রিয়া ব্যাখ্যা করো।

৮. চিত্রসহ বলয় সূর্যগ্রহণ ব্যাখ্যা করো।

৯. পৃথিবী পৃষ্ঠে একক ভরের একটি বস্তুর ওজন ৯.৪ নিউটন-বুঝিয়ে লিখ।

১০. ধাপের নাম উল্লেখসহ কোষচক্রের ধারণা ব্যাখ্যা করো।

## গ- বিভাগ (দৃশ্যপটবিহীন বিশ্লেষণধর্মী রচনামূলক প্রশ্ন)

**(৫টি প্রশ্ন থেকে ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৫)**

১. মাইটোসিস কোষ বিভাজনের বিভিন্ন ধাপ একটি চিত্রের মাধ্যমে প্রকাশ করো।

২. পরমাণুর ইলেকট্রন বিন্যাসের ক্ষেত্রে $2n^2$ সূত্রের নিয়মাবলি লিখ। এই সূত্রের আলোকে সোডিয়াম (১১) পরমাণুর ইলেকট্রন বিন্যাস করো।

৩. সময় রাশি ($t$) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো।

৪. একটি উভলিঙ্গ ফুলের বিভিন্ন অংশ চিহ্নিত করাসহ চিত্র অংকন করো।

৫. অ্যানালেমা কী? অ্যানালেমার আকৃতি ইংরেজি আট (8) এর ন্যায় কেন?

## ঘ- বিভাগ (দৃশ্যপটনির্ভর বিশ্লেষণধর্মী রচনামূলক প্রশ্ন)

**(৭টি প্রশ্ন থেকে ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে, প্রতিটি প্রশ্নের মান ৮, তবে একটি প্রশ্ন দুইভাগে ভাগ করা যেতে পারে, প্রশ্নের মান ডানপাশে দেয়া আছে। নমুনা হিসেবে ৫টি প্রশ্ন দেয়া আছে।)**

১. তোমরা অষ্টম শ্রেণির চার বন্ধু মিলে ঠিক করলে, বিদ্যালয়ে টবে একটি মরিচ গাছ রোপন করবে। গাছ রোপন ও পরিচর্যা করার জন্য বন্ধুদের দায়িত্ব বণ্টনসহ একটি পরিকল্পনা প্রণয়ন করো। কোনো বন্ধুর দায়িত্ব পালনে অবহেলা করলে যেসব সমস্যা হতে পারে তা বুঝিয়ে লিখ। ০৮

২. দুই বন্ধু একটি খেলায় অংশগ্রহণ করে। একজন নির্দিষ্ট দিকে দৌড় দেয় এবং অপরজন সময় পরিমাপ করে। তাদের একজনের 5 সেকেন্ড, 10 সেকেন্ড, 15 সেকেন্ড, 20 সেকেন্ডে অতিক্রান্ত দূরত্ব যথাক্রমে 60 মিটার, 100 মিটার, 140 মিটার ও 250 মিটার।

ক. উপরের তথ্য থেকে সময়ের বিপরীতে অতিক্রান্ত দূরত্বের লেখচিত্র অংকন করো। ০৪

খ. ১০ থেকে ১৫ সেকেন্ডের মধ্যে দৌড়ানো বন্ধুর গতিবেগ নির্ণয় করো। ০৪

৩. $2NaI = 2Na + I_2$

যেখানে,


Na এর পারমাণবিক সংখ্যা = 11 এবং ভর সংখ্যা = 23

I এর পারমাণবিক সংখ্যা = 53 এবং ভর সংখ্যা = 131

ক. দৃশ্যপটের প্রচলিত আইসোটোপকে প্রতীক, পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যার সাহায্যে প্রকাশ করে মানব কল্যাণে তার ব্যবহার লিখ। ০৩

খ. বিক্রিয়াটির ধরন ব্যাখ্যা করে দেখাও যে এই বিক্রিয়া ভরের সংরক্ষণ নীতি অনুসরণ করে। ০৫

৪.




চিত্রে পূর্ব থেকে পশ্চিম দিকে এবং উত্তর থেকে দক্ষিণ দিকে কিছু রেখা অংকন করা আছে।

ক. চিত্রে বাংলাদেশের উপর দিয়ে অতিক্রমকারী অক্ষরেখা ও দ্রাঘিমারেখার সংখ্যা উল্লেখ করে তা ব্যাখ্যা করো। ০৪

খ. বাংলাদেশের কেন্দ্র দিয়ে অতিক্রমকারী অক্ষরেখা ও দ্রাঘিমারেখার সংযোগ বিন্দুর অক্ষাংশ ও দ্রাঘিমাংশ লিখ। ০৪

৫. করিম সাহেব একটি ফলের গাছ রোপন করলেন। কিছুদিন পরে গাছে ফল ধরে, কিন্তু ফলের বীজ দেখা যায় না। ফল কেটে বীজ বের করে দেখলেন সহজে এটাকে সমান দুই অংশে ভাগ করা যায়।

ক. করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ। ০২

খ. করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। ০৬

৬. .........

৭. .........

### (ছ) নৈর্ব্যক্তিক প্রশ্ন অংশের (২৫টির) উত্তর

| বহুনির্বাচনি প্রশ্ন | | | এক কথায় উত্তর | |
|---|---|---|---|---|
| ১. ধুতুরা | ৬. প্রতিস্থাপন | ১১. ত্বরণ | ১৬. হাইড্রোজেন | ২১. প্লাটিপাস |
| ২. 2 | ৭. $Mg(NO_3)_2$ | ১২. $w = fs$ | ১৭. সূর্য ও চাঁদের মধ্যবর্তী স্থানে | ২২. উত্তর দিকে |
| ৩. 4 | ৮. প্রফেজ-২ | ১৩. প্রোটন | ১৮. সংযোজন বিক্রিয়া | ২৩. ইলেকট্রনের ঘূর্ণন |
| ৪. 3 জানুয়ারি | ৯. 0 | ১৪. ২৩ জোড়া | ১৯. কার্বনডাই অক্সাইড | ২৪. ক্যান্সার |
| ৫. 240J | ১০. বিষুবীয় | ১৫. ক্যাম্বিয়াম | ২০. নগ্নবীজী উদ্ভিদ | ২৫. ১৮টি |

### (জ) মূল্যায়ন রুব্রিক্স

খ- বিভাগ (সংক্ষিপ্ত প্রশ্ন)

১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো। ০২

| প্রশ্নের পরিচিতি | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ০১. সমদ্রুতিতে বৃত্তাকার পথে ঘূর্ণায়মান কোনো বস্তুর ত্বরণ ব্যাখ্যা করো। | ত্বরণের ধারণা লিখলে | ০১ |
| | ত্বরণের ধারণা ও ঘূর্ণায়মান বস্তুর ত্বরণের ব্যাখ্যা করলে | ০২ |

## গ- বিভাগ (প্রেক্ষাপটবিহীন রচনামূলক বিশ্লেষণধর্মী প্রশ্ন)

৩. সময় রাশি (t) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো। ০৫

| প্রশ্নের পরিচিতি | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ০৩. সময় রাশি (t) বিহীন গতির সমীকরণ প্রতিপাদন করো। | গতি সংক্রান্ত রাশির পরিচিতি লিখলে | ০১ |
| | গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ একটি গতির সমীকরণ লিখলে | ০২ |
| | গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি গতির সমীকরণ লিখলে | ০৩ |
| | গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি রাশি লেখা এবং প্রথম সমীকরণ বর্গ করলে | ০৪ |
| | গতি সংক্রান্ত রাশির পরিচিতিসহ দু'টি রাশি লেখা এবং প্রথম সমীকরণ বর্গ করে দ্বিতীয় সমীকরণের মান বসালে | ০৫ |

## ঘ- বিভাগ (প্রেক্ষাপটনির্ভর রচনামূলক বিশ্লেষণধর্মী প্রশ্ন)

৫. করিম সাহেব একটি ফলের গাছ রোপন করলেন। কিছুদিন পরে গাছে ফল ধরে, কিন্তু ফলের বীজ দেখা যায় না। ফল কেটে বীজ বের করে দেখলেন সহজে এটাকে সমান দুই অংশে ভাগ করা যায়।

ক. করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ। ০২

খ. করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। ০৬

| প্রশ্নের পরিচিতি | নম্বর প্রদান নির্দেশিকা | নম্বর |
|---|---|---|
| ৫(ক) করিম সাহেব যে গাছ রোপন করেছিলেন সে শ্রেণির দু'টি ফলের নাম লিখ। | যেকোনো একটি উদাহরণ লিখলে | ০১ |
| | দু'টি উদাহরণ লিখলে | ০২ |
| ৫(খ) করিম সাহেবের গাছের শ্রেণিবিভাগ ব্যাখ্যা করো। | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ১টি শনাক্ত করলে | ০১ |
| | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ১টি শনাক্ত করে বুঝিয়ে লিখলে। অথবা দু'টি বিষয় শনাক্ত করলে। | ০২ |
| | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ২টি শনাক্ত করে ১টি বুঝিয়ে লিখলে। অথবা ৩টি বিষয় শনাক্ত করলে। | ০৩ |
| | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের যেকোনো ২টি শনাক্ত করে ২টি বুঝিয়ে লিখলে। অথবা ৩টি বিষয় শনাক্ত করে ১টি বুঝিয়ে লিখলে। | ০৪ |
| | সপুস্পক, আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ ৩টি বিষয়ের ৩টি শনাক্ত করে যেকোনো ২টি বুঝিয়ে লিখলে। | ০৫ |
| | সপুস্পক,আবৃতবীজী ও দ্বিবীজপত্রী উদ্ভিদ শনাক্ত করে ৩টিই বুঝিয়ে লিখলে। | ০৬ |

# স্বাস্থ্য সুরক্ষা

## বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা'২০২৪

## অষ্টম শ্রেণি

# বার্ষিক মূল্যায়ন নির্দেশিকা'২০২৪
# স্বাস্থ্য সুরক্ষা
# শ্রেণি: ৮ম

## ক. শিক্ষকদের জন্য প্রশ্নপত্র প্রণয়ন সংক্রান্ত নির্দেশনা

- অষ্টম শ্রেণির সিলেবাসে বার্ষিক পরীক্ষার জন্য মোট ৮টি অভিজ্ঞতা থেকে ৬টি অভিজ্ঞতা রাখা হয়েছে।
- বার্ষিক পরীক্ষায় এই ৬টি অভিজ্ঞতা থেকে প্রশ্ন করতে হবে।
- শিখনকালীন মূল্যায়নে কাজের বিবরণে উদাহরণ হিসেবে শুধু ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সে সবগুলো কাজই সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।
- খেলাধুলা ও শরীর চর্চা শিখনকালীন মূল্যায়নে ব্যাবহারিক কাজে যুক্ত হবে ।

## খ. বার্ষিক পরীক্ষার সিলেবাস/পাঠ্যক্রম

| ক্রম | অভিজ্ঞতার নম্বর | অভিজ্ঞতার নাম | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | ১ম | আমার স্বাস্থ্য, আমার সুরক্ষা | ১-০৮ |
| ২. | ২য় | নিরাপদ খাবার নিরাপদ জীবন | ০৯-২৪ |
| ৩. | ৩য় | শারীরিক ফিটনেস | ২৫-৫৪ |
| ৪. | ৪র্থ | আমার আত্মবিশ্বাস আমার পাথেয় | ৫৫-৭০ |
| ৫. | ৫ম | কৈশোরের কথামালা | ৭১-৮৬ |
| ৬. | ৬ষ্ঠ | রোগব্যাধিকে সঠিকভাবে জানি, সুস্থ থাকার নিয়ম মানি | ৮৭-৯৪ |
| | | | |

## গ. মূল্যায়ন কাঠামো

| শিখনকালীন | সামষ্টিক |
|---|---|
| ৩০% | ৭০% |

**ঘ. শিখনকালীন মূল্যায়ন: কাজের বিবরণ ও নম্বরবন্টন**

**কাজের বিবরণে উদাহরণ হিসেবে ১টি করে কাজ উল্লেখ করা হয়েছে। এ ধরনের আরও অনেক কাজ পাঠ্য পুস্তকে আছে। সেগুলো সম্পন্ন করতে হবে এবং রেকর্ড সংরক্ষণ করতে হবে।**

| আইটেমের নাম | কাজের বিবরণ | পৃষ্ঠা নম্বর ও অভিজ্ঞতার নাম | নির্ধারিত নম্বর |
|---|---|---|---|
| শ্রেণির কাজ: পাঠ্যপুস্তকে সন্নিবেশিত একক ও দলগত কাজ, ছক পূরণ, বক্স পূরণ, | চ্যালেঞ্জ মোকাবিলার কৌশল ছক পূরণ | পৃষ্ঠা-৮০<br>( কৈশোরের কথামালা) | ১৫ |
| অ্যাসাইনমেন্ট/ব্যবহারিক কাজ | শারীরিক ফিটনেসের জন্য বিভিন্ন ধরনের শরীর চর্চা ও যোগ ব্যায়াম অনুশীলন | পৃষ্ঠা-৩৮-৪২<br>( শারীরিক ফিটনেস) | ১০ |
| অনুসন্ধানমূলক কাজ/ প্রতিবেদন উপস্থাপন | সংক্রামক ও অসংক্রামক রোগ সচেতনতা জরিপ- | পৃষ্ঠা-৯০<br>(রোগব্যাধিকে সঠিকভাবে জানি, সুস্থ থাকার নিয়ম মানি) | ৫ |
| **মোট** | | | **৩০** |

**ঙ. সামষ্টিক মূল্যায়ন: প্রশ্নের ধারা ও মানবন্টন**

| আইটেমের নাম | বিবরণ | মোট প্রশ্ন সংখ্যা | যে কটি প্রশ্নের উত্তর দিতে হবে | নম্বর বিভাজন | মোট নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|
| নৈর্ব্যক্তিক প্রশ্ন | বহুনির্বাচনি প্রশ্ন (সাধারণ, বহুপদী সমাপ্তিসূচক, অভিন্ন তথ্যভিত্তিক) | ১৫ | ১৫ | ১×১৫=১৫ | ২৫ | ৩ ঘন্টা |
| | এক কথায় উত্তর | ১০ | ১০ | ১×১০=১০ | | |
| সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন | | ১০ | ১০ | ২×১০=২০ | ২০ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন) | | ৫ | ৩ | ৫×৩=১৫ | ১৫ | |
| রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর)<br>প্রতিটি প্রশ্নের বিপরীতে ২টি অংশ থাকবে। | | ৭ | ৫ | ৮×৫=৪০ | ৪০ | |
| **মোট** | | | | | **১০০** | **৩ ঘন্টা** |

***১০০ নম্বরের মধ্যে পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বরকে ৭০% এ কনভার্ট করা হবে।**

**চ. প্রশ্নের ধারা ও মানবন্টন অনুযায়ী একটি নমুনা প্রশ্নপত্র অপর পৃষ্ঠায় দেওয়া হলো :**

এটি একটি নমুনা প্রশ্নপত্র। এই নমুনা প্রশ্নপত্রের আলোকে আপনি এই বিষয়ে আপনার স্বকীয় প্রশ্নপত্র তৈরি করবেন। কোনোভাবেই নমুনা প্রশ্নপত্র হুবহু ব্যবহার করা যাবে না।

# স্বাস্থ্য সুরক্ষা

## ৮ম শ্রেণি

**পূর্ণমান-১০০**

**সময়-৩ ঘন্টা**

**ক. নৈর্ব্যক্তিক প্রশ্ন**

**বহুনির্বাচনি প্রশ্ন:** **(১×১৫=১৫)**

১. নিচের কোনটি সংক্রামক রোগ?

- ক. ক্যান্সার
- খ. ডায়াবেটিক
- গ. হৃদরোগ
- ঘ. খোসপাঁচড়া

২. কোনটি মজার ব্যায়াম?

- ক. বৃক্ষাসন
- খ. প্রজাপতি সাঁতার
- গ. বানি হপস
- ঘ. সমাসন

৩. নিচের কোনটি নিরাপদ খাবার?

- ক. ফাঙ্গাসযুক্ত পাউরুটি
- খ. দুর্গন্ধযুক্ত খাবার
- গ. সম্পূর্ণ সিদ্ধ মাংস
- ঘ. খোলা খাবার

৪. নিচের কোনটি শক্তি বৃদ্ধির ব্যায়াম?

- ক. স্কিপিং
- খ. পুশ আপ
- গ. দৌড়
- ঘ. সিট আপ

নিচের দৃশ্যপটটি পড় এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও:

৮ম শ্রেণির ছাত্রী নিপা। সারাদিন সে নিজের ঘরে আনমনা হয়ে বসে থাকে। সে ঠিকমত খাওয়া দাওয়া করে না। ফলে বেশিরভাগ সময়ে সে দুর্বলতা, ক্লান্তি এবং অবসাদ অনুভব করে।

৫. নিপার সমস্যাটির কারণ কি হতে পারে?

- ক. পিসিওএস
- খ. মেনোরিজিয়া
- গ. এন্ডোমেট্রিওসিস
- ঘ. ওভুলেশন

৬. এ সময়ে নিপাকে যা মোকাবিলা করতে হতে পারে-

i মুড সুইং

ii ভয় ও উৎকণ্ঠা

iii মুখের ব্রণ

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii

খ. i ও iii

গ. ii ও iii

ঘ. i, ii ও iii

৭. নিচের কোনটি দৈনন্দিন জীবনে ভালো থাকার জন্য সহায়ক হতে পারে?

ক. যথাসম্ভব চুপচাপ থাকা

খ. খেলাধূলা, আনন্দ, গল্প কম করা

গ. সহপাঠীদের সাথে অভিজ্ঞতা বিনিময়

ঘ. বন্ধুদের এড়িয়ে চলা

৮. নিচের কোনটি চিৎ সাঁতার?

ক. 

খ. 

গ. 

ঘ. 

৯. ‘বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ’ এর ব্যবহৃত স্লোগান কোনটি?

ক. নিরাপদ খাদ্য নিশ্চিত করি, সুস্থ সবল জীবন গড়ি

খ. ভেজালমুক্ত খাবার, আমাদের সকলের অধিকার

গ. সবাই মিলে হাত মেলাই নিরাপদ খাদ্য নিশ্চিত চাই

ঘ. রোধ হবে খাবারের অপচয়, শেয়ার করে যদি খাওয়া হয়

১০. পলিসিষ্টিক ওভারিয়ান সিনড্রোম বা পিসিওএস সমস্যা সাধারণত কাদের ক্ষেত্রে দেখা যায়?

ক. শিশুদের
খ. কিশোরীদের
গ. কিশোরদের
ঘ. বয়স্কদের

১১. শাকসবজি কেটে ধুয়ে নিলে কী হয়?

ক. খাবার নিরাপদ থাকে
খ. মিনারেল বের হয়ে যায়
গ. স্বাস্থ্যের জন্য ক্ষতিকর
ঘ. পুষ্টিগুণ কমে যায়

১২. নিচের কোন ব্যায়ামটি করলে শরীর ও মনের অস্থিরতা কমে?

ক. দম বৃদ্ধির ব্যায়াম
খ. শক্তিবৃদ্ধির ব্যায়াম
গ. যোগ ব্যায়াম
ঘ. গতিবৃদ্ধির ব্যায়াম

১৩. স্বাস্থ্যকর পদ্ধতিতে খাবার তৈরি বা সংরক্ষণের ফলে-

i খাবার রোগ জীবাণুমুক্ত থাকে
ii খাদ্যের অপচয় রোধ করা যায়
iii খাবারের পুষ্টিগুণ বজায় থাকে

**নিচের কোনটি সঠিক ?**

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১৪. অনিরাপদ খাবারের স্বল্পমেয়াদী প্রভাব কোনটি?

ক. হৃদরোগ
খ. এলার্জি
গ. ডায়াবেটিস
ঘ. ক্যান্সার

১৫. শারীরিক ফিটনেসের জন্য সবচেয়ে সেরা ব্যায়াম কোনটি?

ক. সাঁতার
খ. হাঁটা
গ. সাইক্লিং
ঘ. জগিং

**এক কথায় উত্তর দাও:** (১×১০=১০)

১. বজ্রাসন কোন ধরনের ব্যায়াম?
২. আমাদের শরীর, মন এবং পাস্পরিক সম্পর্কগুলো নিয়ে ভালো থাকাকে কী বলে?
৩. মাছ-মাংস সঠিক তাপমাত্রায় সম্পূর্ণ সিদ্ধ করে রান্না করলে রান্নার কী বজায় থাকে?
৪. আমাদের ভালো থাকা এবং শারীরিক সুস্থতার জন্য কী প্রয়োজন?
৫. আন্তরিক প্রচেষ্টার মাধ্যমে আমরা খাদ্যের কী রোধ করতে পারি?
৬. শরীর ও মন নানা ধরনের পরিবর্তনের মধ্য দিয়ে কোন সময়ে যায়?
৭. স্বাস্থ্য রক্ষায় খাবার পুষ্টিকর হওয়ার পাশাপাশি কী হওয়া খুবই জরুরি।
৮. দাঁড়িয়ে কোন ধরনের ব্যায়াম করে নিলে পানির মধ্যে পেশিতে টান পড়ার আশংকা কমে যায়?
৯. সাঁতার কাটার জন্য কী রকম পোশাক পরতে হয়?
১০. কোন উদ্ভুত চ্যালেঞ্জ এবং তা মোকাবিলার কৌশল পরিস্থিতি এবং ব্যক্তিভেদে ভিন্ন ভিন্ন হয়?

**খ. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন:** (২×১০=২০)

১. খাবার কেন অনিরাপদ হয়?
২. খাদ্যের গুণগত মান বজায় রাখতে কী কী করা যায়?
৩. দম বাড়ানোর উপকারিতা কী কী?
৪. কৈশোরে শারীরিক ও মানসিক কী কী পরিবর্তন হয়?
৫. মানসিক চাপের ইতিবাচক প্রভাব ব্যাখ্যা করো।
৬. কীভাবে সহমর্মী আচরণ করা যায়? ব্যাখ্যা করো।
৭. মানসিক চাপ ব্যবস্থাপনা কীভাবে করা যায়? ব্যাখ্যা করো।
৮. ভাত রান্নার স্বাস্থ্যকর উপায় ব্যাখ্যা করো।
৯. দীর্ঘক্ষণ ধরে খেলাধুলা করতে হলে কী প্রয়োজন হয়? ব্যাখ্যা করো।
১০. অন্যদের সাথে সম্পর্ক উন্নয়নে কোন কোন কাজগুলো সাহায্য করতে পারে? লিখ।

**গ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটবিহীন):** (৫×৩=১৫)

১. 'নিজেদের সুস্থ রাখার জন্য খাবার নিরাপদ রাখা ,পুষ্টিমান বজায় রাখার দিকে লক্ষ রাখুন' বিষয়ক সচেতনতা তৈরির উদ্দেশ্যে একটি লিফলেট প্রস্তত করো।

২ . ভালো থাকা ক্লাব গঠনের প্রক্রিয়া বর্ণনা করো।

৩. স্বাস্থ্য কী? কীভাবে ভালো থাকা যায়? ব্যাখ্যা করো।

**ঘ. রচনামূলক প্রশ্ন (দৃশ্যপটনির্ভর প্রশ্ন):** **(৮×৫=৪০)**

সুমন বিদ্যালয়ের ভালো থাকা ক্লাবের একজন নিয়মিত সদস্য। ক্লাবের পক্ষ থেকে তাকে ৬ষ্ঠ শ্রেণির কয়েকজন শিক্ষার্থীকে সাঁতার এর প্রশিক্ষণ দেওয়ার জন্য দায়িত্ব দেয়া হলো। সেখানে সে আয়োজক এবং সহযোগী হিসেবেও ভূমিকা পালন করবে। প্রশিক্ষণকালে একজন প্রশিক্ষণার্থীর প্রায় ডুবে যাওয়ার মতো পরিস্থিতি তৈরি হলো।

১. ক. উদ্দীপকে উল্লিখিত দায়িত্ব পালনে যেসকল কাজ করতে হবে, তার একটি তালিকা তৈরি করো। ৩

খ. প্রশিক্ষণকালে উদ্ভুত পরিস্থিতি মোকাবিলায় প্রাথমিকভাবে করণীয় বিশ্লেষণ করো। ৫

মুসার বন্ধু নাহিদ কিছুদিন যাবৎ বিদ্যালয়ে আসছে না। অন্য এক বন্ধুর কাছ থেকে মুসা জানতে পারলো যে, নাহিদের খুবই মন খারাপ। কারণ বাবা মায়ের অনুমতি ছাড়া সে বন্ধুদের সাথে পিকনিকে গিয়েছিল বলে তারা মুসার উপর খুব রাগ করেছেন। এর ফলে নাহিদ খুব হতাশাগ্রস্ত এবং কথা বলাও কমিয়ে দিয়েছে।


২. ক. নাহিদের এমন পরিস্থিতি থেকে বেরিয়ে আসার উপায় কী? ব্যাখ্যা করো। ৩

খ. নাহিদকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনার জন্য মুসা কীভাবে সাহায্য করতে পারে? বর্ণনা করো। ৫

৮ম শ্রেণির ছাত্র আশিক ও রবিন ভালো বন্ধু। আশিক নিয়মিত শরীরচর্চা করে। অপরদিকে রবিন তাদের বিদ্যালয়ের ভালো থাকা ক্লাবের সদস্য। ক্লাবের কিছু সদস্য নিয়ে রবিন তাদের নিজ নিজ প্রতিবেশিদের মাঝে প্রাথমিক চিকিৎসার সুফল ছড়িয়ে দেয়ার পরিকল্পনা গ্রহণ করে।

৩. ক. আশিকের প্রতিদিনের কাজের ফলাফল ব্যাখ্যা করো। ৩

খ. রবিনের পরিকল্পনাটি বিশ্লেষণ করো। ৫



১ম চিত্র



২য় চিত্র

রহিম মিয়া তার সাপে কাটা ছেলের জীবন বাঁচাতে ওঝাকে খবর দিলেন।

৪. ক. সাপে কাটা রোগীর প্রাথমিক চিকিৎসা হিসেবে উপরের কোনটি পদ্ধতি সঠিক? ব্যাখ্যা করো। ৩

খ. রহিম মিয়ার সিদ্ধান্তটি মূল্যায়ন করো। ৫

মুনা এবং তার আরও দশজন বন্ধু একটি প্রশিক্ষণ কাজে নিয়োজিত ছিলো। দিনশেষে তারা ক্লান্ত এবং কিছুটা ক্ষুধার্থও ছিলো। স্কুলের সামনেই সিঙ্গাড়া এবং ফুচকা বিক্রি হচ্ছে। বন্ধুরা বললো, চলো সবাই মিলে কিছু খাওয়া যাক। মুনা বললো, আমি এগুলো খাবো না, বাড়িতে যেয়ে খাবো।

৫. ক. মুনার খাবার গ্রহণে অনিচ্ছার কারণ কী হতে পারে? ব্যাখ্যা করো। ৩

খ. বন্ধুদের সিদ্ধান্তের ফলাফল কী হতে পারে? বিশ্লেষণ করো। ৫

# স্বাস্থ্য সুরক্ষা
# ৮ম শ্রেণি

## ছ. নমুনা উত্তর

### ক. নৈর্ব্যক্তিক প্রশ্ন

**বহুনির্বাচনি প্রশ্নের উত্তর**

| প্রশ্নের নম্বর | উত্তর | প্রশ্নের নম্বর | উত্তর |
|---|---|---|---|
| ১. | ঘ | ৯. | গ |
| ২. | গ | ১০. | খ |
| ৩. | গ | ১১. | খ |
| ৪. | খ | ১২. | গ |
| ৫. | খ | ১৩. | ঘ |
| ৬. | গ | ১৪. | খ |
| ৭. | গ | ১৫. | ক |
| ৮. | খ | | |

**এক কথায় উত্তর:**

| প্রশ্নের নম্বর | উত্তর |
|---|---|
| ১. | যোগ ব্যায়াম |
| ২. | সুস্বাস্থ্য |
| ৩. | পুষ্টিগুণ |
| ৪. | মানসিক সুস্থতা |
| ৫. | অপচয় |
| ৬. | বয়ঃসন্ধিকাল |
| ৭. | নিরাপদ |
| ৮. | ফ্রি হ্যান্ড |
| ৯. | হালকা |
| ১০. | মানসিক চাপ |